34. সূর্যের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের কত গুণ? [SBAU'10-11]

(a) 10 (b) 20 (c) 25 (d) 27

সমাধান: (d); সূর্যের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর 27 গুণ। পৃথিবীর অভিকর্ষজ ত্বরণ চাঁদের 5 গুণ।
সূর্যের অভিকর্ষজ ত্বরণ চাঁদের 135 গুণ।

35. আধুনিক ভর মাপার যন্ত্রে চিনি ক্রয় করলে কোন জায়গায় এক কেজি চিনি ক্রয় করা লাভজনক হবে? [SBAU'10-11]

(a) মেরু অঞ্চলে (b) বিষুব রেখায় (c) 150°N অক্ষাংশে (d) 45° S অক্ষাংশে

সমাধান: (b); বিষুবরেখায় g এর মান কম তাই বস্তুর ওজন কম।

36. ভূ-পৃষ্ঠ থেকে 70 km উচ্চতায় একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীকে প্রদক্ষিণ করছে। এর অনুভূমিক বেগ কত? [SAU'10-11]

(a) 5.784 kms^{-1} (b) 7.474 kms^{-1} (c) 9.834 kms^{-1} (d) 5.874 kms^{-1}

সমাধান: (b); $v = \sqrt{\frac{GM}{(R+h)}} = \sqrt{\frac{6.67\times10^{-11}\times6\times10^{24}}{(6400+70)\times10^{3}}} = 7.86\ kms^{-1}$

37. একটি প্লেন সমবেগে খাড়া উপরের দিকে উঠছে। প্লেনটির ত্বরণ কত? [CVASU'10-11] [Ans: b]

(a) g (b) 0 (c) $-g$ (d) $\sqrt{g}$

38. পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের মান g হলে চাঁদের অভিকর্ষজ ত্বরণ কত? [CVASU'10-11] [Ans: a]

(a) $\frac{g}{6}$ (b) 27g (c) 6g (d) $\frac{6}{g}$

39. পৃথিবীর ভর চাঁদের ভরের 81 গুণ এবং পৃথিবীর ব্যাসার্ধ চাঁদের ব্যাসার্ধের 4 গুণ বড়। চাঁদের অভিকর্ষজ ত্বরণ কত হবে?

(a) 5.69 (b) 1.94 (c) 3.98 (d) 4.98 [SBAU'09-10]

সমাধান: (b); পৃথিবীর ভর M_e, ব্যাসার্ধ R_e, অভিকর্ষজ ত্বরণ g_e এবং চাঁদের ভর M_m, ব্যাসার্ধ R_m, অভিকর্ষজ ত্বরণ g_m হলে,

$R_e = 4R_m; M_e = 81M_m;\ g_e = \frac{GM_e}{R_e^2} = \frac{81GM_m}{16R_m^2};\ g_m = \frac{GM_m}{R_m^2} = \frac{16}{81}g_e = 1.94$

40. চন্দ্র গ্রহণের সময় কী হয়? [BAU'09-10]

(a) পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে (b) চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে
(c) চাঁদের ছায়া সূর্যের উপর পড়ে (d) পৃথিবীর ছায়া সূর্যের উপর পড়ে

সমাধান: (a); চন্দ্র গ্রহণের সময় পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে।

41. সূর্যের চারদিকে প্রদক্ষিণরত শুক্র ও পৃথিবীর কক্ষপথের ব্যাসার্ধের অনুপাত 54: 75। পৃথিবীতে 365 দিনে এক বছর হলে শুক্রে কতদিনে এক বছর হবে? [SBAU'10-11, BAU'08-09]

(a) 123 দিন (b) 223 দিন (c) 265 দিন (d) 365 দিন

সমাধান: (b); এখানে, $R_1 : R_2 = 54:75;\ T_2 = 365$ days; $T_1 = ?$

জানি, $\left(\frac{T_1}{T_2}\right)^2 = \left(\frac{R_1}{R_2}\right)^3 \Rightarrow \left(\frac{T_1}{T_2}\right)^2 = \left(\frac{54}{75}\right)^3 \Rightarrow \frac{T_1}{T_2} = \sqrt{0.373248} \Rightarrow T_1 = 0.6109 \times 365\ \therefore T_1 = 223$

42. পৃথিবীর ঘনত্ব (ρ)হলো– [SBAU'08-09]

(a) $\frac{GM}{R^2}$ (b) $\frac{GM}{r}$ (c) $\frac{3g}{4\pi GR}$ (d) $\frac{GMm}{d^2}$

সমাধান: (c); ধরি পৃথিবীর ব্যাসার্ধ R ∴ পৃথিবীর আয়তন, $V = \frac{4}{3}\pi R^3$

∴ পৃথিবীর ভর, $M = \rho V = \rho \times \frac{4}{3}\pi R^3$ ∴ অভিকর্ষজ ত্বরণ, g হলে $g = \frac{GM}{R^2} \Rightarrow g = \frac{G\times\frac{4}{3}\pi R^3\rho}{R^2}$ ∴ $\rho = \frac{3g}{4\pi GR}$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০৭

পদার্থের গাঠনিক ধর্ম

01. 1×10^{-3}m ব্যাসার্ধবিশিষ্ট একটি তারকে 31.4 N বলে টানলে তারাটির বিকৃতি কত হবে? [$Y = 5 \times 10^9\ Nm^{-2}$]
[Agri. Guccho'22-23]

(a) 2×10^{-3} (b) $2 \times 10^{-3}\ Nm^{-2}$ (c) 6×10^{-3} (d) $6 \times 10^{-3}\ Nm^{-2}$

সমাধান: (a); $\frac{l}{L} = \frac{F}{AY} \Rightarrow \frac{l}{L} = \frac{31.4}{3.14 \times (1 \times 10^{-3})^2 \times 5 \times 10^9} = 0.2 \times 10^{-2} = 2 \times 10^{-3}$

02. কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়? [Agri. Guccho'19-20] [Ans: c]

(a) সান্দ্রতা (b) স্থিতিস্থাপকতা (c) পৃষ্ঠটান (d) কৈশিকতা

03. 200 mm ব্যাসার্ধের একটি গোলক কোনো তরলের ভিতর দিয়ে $2.1 \times 10^{-2}\ ms^{-1}$ প্রান্তবেগ নিয়ে পড়ছে। ঐ তরলের সান্দ্রতাঙ্ক 0.003 $N\ sm^{-2}$ হলে সান্দ্র বলের মান কত হবে? [BAU'18-19]

(a) 2.374×10^{-8} (b) 2.374×10^{-4} N
(c) 2.374×10^{-3}N (d) 2.374×10^{2} N

সমাধান: (b); $F = 6\pi r\eta v = 2.375 \times 10^{-4}$N

04. 2 mm^2 প্রস্থচ্ছেদের একটি তারের সাথে 15 kg ভর ঝুলে আছে। ভর ঝুলানো অবস্থায় তারটির দৈর্ঘ্য 4 m। তারের উপাদানের ইয়ং গুণাংক $1.3 \times 10^{10}\ Nm^{-1}$। ভর সরিয়ে নিলে তারটির দৈর্ঘ্য কী পরিমাণ সংকুচিত হবে? [BAU'18-19]

(a) 0.00225 m (b) 0.0225 m (c) 0.225 m (d) 2.25 m

সমাধান: (b); $Y = \frac{FL}{Al} = \frac{F(L'-l)}{Al}$; $(L' = L + l) \Rightarrow l = \frac{FL'}{AY+F} = 0.0225$ m

05. কোনটি সঠিক নয়? [SBAU'09-10, SAU'18-19]

(a) পীড়ন = $[ML^{-1}T^{-2}]$ (b) সান্দ্রতাঙ্ক = $[ML^{-1}T^{-2}]$
(c) স্থিতিস্থাপক গুণাঙ্ক = $[ML^{-1}T^{-2}]$ (d) বলের ভ্রামক = $[ML^{-1}T^{-2}]$

সমাধান: (d); বলের ভ্রামকের মাত্রা = $[ML^2T^{-2}]$

06. একক ক্ষেত্রফল এবং $2 \times 10^{11}Nm^{-2}$ ইয়ং গুণাঙ্ক বিশিষ্ট ইস্পাতের তারের দৈর্ঘ্য 1m। তারটি টেনে 1 mm প্রসারিত করলে কত জুল কাজ সম্পন্ন হবে? [BAU'17-18]

(a) 10^{-2} J (b) 10^{-1} J (c) 10 J (d) 10^{5} J

সমাধান: (d); $W = \frac{YAl^2}{2L} = 10^5$ J

07. গ্লাস এবং বিশুদ্ধ পারদের মধ্যকার স্পর্শকোণ হবে- [SAU'17-18, BAU'14-15] [Ans: d]

(a) 50° (b) 79° (c) 109° (d) 139°

08. একটি বড় পানির ফোঁটাকে 27 টি সমান ছোট কণায় রূপান্তরিত করা হল। প্রত্যেকটি ছোট কণার ব্যাস 6 mm. প্রত্যেকটি ছোট পানি কণার চার্জ 10μC হলে বড় পানির কণার ব্যাসার্ধ কত? [SAU'17-18]

(a) 6×10^{-3}m (b) 3×10^{-3}m (c) 9×10^{-3}m (d) 12×10^{-3}m

সমাধান: (c); $\frac{4}{3}\pi R^3 = 27 \times \frac{4}{3}\pi r^3 \Rightarrow R^3 = (3r)^3 \therefore R = 3 \times 3 = 9\ mm = 9 \times 10^{-3}$m

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

09. 50mm ব্যাসের একটি সাবানের বুদবুদের ভেতরে চাপ 4 বার হলে বুদবুদের তলটান কত? [SAU'17-18]

(a) 1250 Nm^{-1} (b) 12.50 Nm^{-1} (c) 25 Nm^{-1} (d) 2500 Nm^{-1}

সমাধান: (d); $P = \frac{4T}{r} \Rightarrow T = \frac{Pr}{4} = \frac{4\times100000\times25\times10^{-3}}{4} = 2500\ Nm^{-1}$

10. একটি তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক $2 \times 10^{11}\ N/m^2$। তারটির দৈর্ঘ্য 15% বৃদ্ধি করতে প্রযুক্ত পীড়ন কত? [SAU'16-17]

(a) $3 \times 10^{6}Nm^{-2}$ (b) $3 \times 10^{8}Nm^{-2}$ (c) $3 \times 10^{10}Nm^{-2}$ (d) $3 \times 10^{12}Nm^{-2}$

সমাধান: (c); পীড়ন $= 2\times10^{11}\times\frac{15}{100} = 3\times10^{10}Nm^{-2}$

11. একটি দীর্ঘ তারে 0.01 m দৈর্ঘ্য বিকৃতির জন্য পার্শ্ব বিকৃতি হয় 0.0010 m। তারটির পয়সনের অনুপাত কত?

[SBAU'11-12,16-17] [Ans: a]

(a) 0.10 (b) 0.01 (c) 0.0001 (d) 1.0

12. একটি কপার বলকে 20°C তাপমাত্রার একটি তেলের ট্যাংকে ফেলা হল। বলটির প্রান্তিক বেগ $6.5cms^{-1}$ এবং ব্যাসার্ধ 2.0mm। তেলের ঘনত্ব $1.5 \times 10^{3}kgm^{-3}$ এবং কপারের ঘনত্ব $8.9 \times 10^{3}kgm^{-3}$ তেলের সান্দ্রতা গুণাঙ্ক কত? [JGVC'16-17][Ans: a]

(a) 1.00 $kgm^{-1}s^{-1}$ (b) 1.50 $kgm^{-1}s^{-1}$ (c) 2.00 $kgm^{-1}s^{-1}$ (d) 2.30 $kgm^{-1}s^{-1}$

13. সান্দ্রতার একক কোনটি? [BAU'15-16]

(a) $Pa.S^{-1}$ (b) Pa.S (c) $Nm^{-2}S^{-1}$ (d) Nm^{-1}

সমাধান: (b); η এর একক Nsm^{-2} বা Pas

14. একক ক্ষেত্রফল এবং $2\times10^{11}Nm^{-2}$ ইয়ং গুণাঙ্ক বিশিষ্ট ইস্পাতের তারের দৈর্ঘ্য 1m। তারটি টেনে 1mm প্রসারিত করলে কত জুল কাজ সম্পন্ন হবে? [BAU'12-13,15-16]

(a) $10^{-2}J$ (b) $10^{-1}J$ (c) 10 J (d) $10^{5}J$

সমাধান: (d); $W = \frac{1}{2}\frac{YAl^2}{L} = \frac{1}{2}\times2\times10^{11}\times1\times(10^{-3})^2 = 10^5J$

15. বায়ুর সংস্পর্শে 20°C তাপমাত্রায় পানি তলটান কত হবে? [BAU'14-15] [Ans: b]

(a) 7.35 dyne cm^{-1} (b) 73.5 dyne cm^{-1} (c) 73.5 Nm^{-2} (d) 7.35 Nm^{-1}

16. ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাত কত? [BSMRAU'14-15, SBAU'07-08]

(a) 0.1 (b) 0.3 (c) 0.75 (d) 1.0

সমাধান: (b); পয়সনের অনুপাত, $\sigma = \frac{\text{বস্তুর পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} = \frac{dL}{Dl}$; ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাত 0.3।

17. কাঁচ ও পারদের মধ্যকার স্পর্শকোণ কোনটি? [BSMRAU'14-15, SBAU'07-08, 13-14]

(a) সূক্ষ্মকোণ (b) স্থূলকোণ (c) সমকোণ (d) কোনোটিই নয়

সমাধান: (b); যেসব তরল পদার্থ কঠিন পদার্থকে ভিজায় তাদের ক্ষেত্রে স্পর্শ কোণ সূক্ষ্মকোণ, না ভিজালে স্থূলকোণ হয়। পারদ কাচঁকে ভিজায় না। এক্ষেত্রে স্পর্শকোণ স্থূলকোণ।

18. $1\ mm^2$ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 5% বাড়াতে হলে কত বল প্রয়োগ করতে হবে? $[Y = 2 \times 10^{11}\ Nm^{-2}]$ [BAU'13-14, SAU'14-15]

(a) 10 N (b) 10^2 N (c) 10^3 N (d) 10^4 N

সমাধান: (d); $Y = \frac{FL}{Al} \Rightarrow F = \frac{YAl}{L} = \frac{2\times10^{11}\times1\times10^{-6}\times\frac{5L}{100}}{L} = 10^4\ N$

19. 0.2 g ভরের বৃষ্টির ফোঁটা $200\ ms^{-1}$ সমবেগে পতিত হলে তার ওজন হবে– [SAU'14-15]

(a) 2×10^{-3} N (b) 4×10^{-3} N (c) 6×10^{-3} N (d) শূন্য

সমাধান: (a); $W = mg = 0.2 \times 10^{-3} \times 9.8 = 1.96 \times 10^{-3}N \approx 2 \times 10^{-3}$ N

20. বস্তু যে ধর্মের জন্য গ্লাসের গায়ে পানির ফোঁটা লেগে থাকে তা হলো — [BSMRAU'14-15] [Ans: c]

(a) সংশক্তি (b) সান্দ্রতা (c) আসঞ্জন (d) পৃষ্ঠটান

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

21. এক মিলিমিটার ব্যাসার্ধের এক ফোঁটা পানিকে দশ লক্ষ সমান ব্যাসার্ধের ফোঁটাতে পরিণত করা হলো। পৃষ্ঠশক্তি বৃদ্ধির মান কত? [JGVC'14-15, CVASU'14-15]

(a) 895.75 আর্গ (b) 995.75 আর্গ (c) 1000 আর্গ (d) 1125 আর্গ

সমাধান: (a); $V = V' \Rightarrow \frac{4}{3}\pi R^3 = \frac{4}{3}\pi r^3 \times 10^6 \Rightarrow R = r \times 10^2 \Rightarrow r = \left(\frac{1\times10^{-3}}{10^2}\right) \Rightarrow r = 10^{-5}\ m$

$\therefore w = \Delta A \times T = 4\pi\{10^6 \times (10^{-5})^2 - (10^{-3})^2\} \times 72 \times 10^{-3} = 8.957 \times 10^{-5}\ J = 895.75\ erg$

22. একটি সাবান দ্রবণের পৃষ্ঠটান $20 \times 10^{-3}\ Nm^{-1}$ হলে $3 \times 10^{-3} m$ ব্যাসার্ধের একটি সাবানের বুদবুদের পৃষ্ঠশক্তি কত?

(a) $5.42 \times 10^{-6} J$ (b) $2.26 \times 10^{-6} J$ (c) $1.13 \times 10^{-6} J$ (d) $4.52 \times 10^{-6} J$ [SBAU'13-14]

সমাধান: (d); $E = TA = 20 \times 10^{-3} \times 4 \times \pi(3 \times 10^{-3})^2 \times 2 = 4.52 \times 10^{-6} J$

23. অশান্ত সমুদ্রকে শান্ত করা যায় তরলের যে ধর্ম ব্যবহার করে তা হলো — [SAU'13-14] [Ans: b]

(a) সান্দ্রতা (b) পৃষ্ঠটান (c) পরিবাহিতা (d) আপেক্ষিক গুরুত্ব

24. বুদবুদের চাপ, পৃষ্ঠটান এবং ব্যাসার্ধের মধ্যে সম্পর্ক হচ্ছে– [SBAU'11-12] [Ans: a]

(a) $P = \frac{4T}{r}$ (b) $P = \frac{2T}{r}$ (c) $P = \frac{4T}{3r}$ (d) $P = \frac{T}{r}$

25. পানির আয়তন গুণাংক কত? [CVASU'11-12] [Ans: b]

(a) $2.1 \times 10^8\ Nm^{-2}$ (b) $2.1 \times 10^9 Nm^{-2}$ (c) $2.1 \times 10^{10} Nm^{-2}$ (d) $2.1 \times 10^{11} Nm^{-2}$

26. নিচের কোন ব্যাসার্ধের কাচ নলে পানির উত্থান সবচেয়ে বেশি? [SBAU'12-13]

(a) 0.1cm (b) 0.2cm (c) 0.3cm (d) 0.4cm

সমাধান: (a); $h \propto \frac{1}{r}$

27. পারদের গলনাঙ্ক কত? [SBAU'12-13] [Ans: d]

(a) 390°C (b) 3000°C (c) 3500°C (d) −39°C

28. সংকট তাপমাত্রার ক্ষেত্রে পৃষ্ঠটান কী হবে? [SBAU'10-11] [Ans: a]

(a) শূন্য (b) অর্ধেক (c) দ্বিগুণ (d) চারগুণ

29. স্পর্শ কোণ 90° এর কম হলে তরলের পৃষ্ঠ হবে – [SAU'10-11] [Ans: b]

(a) উত্তল (b) অবতল (c) সমতল (d) সমাবতল

30. সাবান বুদবুদের অভ্যন্তরস্থ অতিরিক্ত চাপ — [SAU'10-11] [Ans: a]

(a) $P = \frac{4T}{r}$ (b) $P = \frac{2P}{r}$ (c) $P = \frac{T}{2r}$ (d) $P = \frac{T}{r}$

31. পূর্ণ দৃঢ় বস্তু হিসাবে ধরা হয় কোনটিকে? [SBAU'10-11] [Ans: b]

(a) কাঁচ (b) ইস্পাত (c) ইট (d) লোহা

32. ইয়ং গুণাঙ্ক এর একক- [CVASU'10-11] [Ans: b]

(a) N-m (b) Nm^{-2} (c) N (d) Nm^{-1}

33. পৃষ্ঠটান এর একক হল- [CVASU'10-11] [Ans: d]

(a) Nm^{-2} (b) N-m (c) B (d) Nm^{-1}

34. স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত ধ্রুব সংখ্যাকে বলে– [SBAU'09-10]

(a) ইলাসটিসিটি (b) ইয়ং গুণাঙ্ক (c) পয়সন অনুপাত (d) কোনোটিই নয়

সমাধান: (b); স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা, একে ইয়ং এর গুণাংক (Y) বলে। স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর পার্শ্ব বিকৃতি ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা, একে পয়সনের অনুপাত বলে।

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

অধ্যায় ০৮
পর্যাবৃত্ত গতি

01. একটি সরলদোলকের কার্যকরী দৈর্ঘ্য 100 cm ও দোলনকাল 2 s। কার্যকরী দৈর্ঘ্য 64 cm হলে দোলনকাল কত s হবে? [Agri. Guccho'22-23]

(a) 1.2 (b) 1.4 (c) 1.6 (d) 1.8

সমাধান: (c); $\frac{T'}{T} = \sqrt{\frac{L'}{L}} \Rightarrow \frac{T'}{2} = \sqrt{\frac{64}{100}} \Rightarrow T' = \frac{8\times2}{10} = 1.6$

02. 50 cm দীর্ঘ একটি সরল দোলক প্রতি মিনিটে 40 বার দোলন দেয়। যদি দৈর্ঘ্য 200 cm করা হয় তবে 60 বার দোলন দিতে কত সময় লাগবে? [Agri. Guccho'21-22]

(a) 180 s (b) 120 s (c) 80 s (d) 20 s

সমাধান: (a); $\frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}} \therefore T_2 = \sqrt{\frac{200}{50}} \times 1.5 = 3\ s$

প্রথমত, 40 বার দোলন দিতে 60 s প্রয়োজন
∴ 1 বার দোলন দিতে 1.5 s প্রয়োজন
দোলকের প্রাথমিক দোলনকাল 1.5 s ∴ $T_1 = 1.5\ s$
দৈর্ঘ্য বৃদ্ধি করলে 1 বার দোলন দিতে 3 s প্রয়োজন ∴ 60 বার দোলন দিতে 3 × 60 অথবা 180 s প্রয়োজন।

03. একটি সরল দোলকের দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। দ্বিতীয় সরল দোলকের দোলনকাল 3 s হলে, প্রথমটির দোলনকাল কত?

(a) 6.20 s (b) 5.25 s (c) 4.24 s (d) 7.80 s [Agri. Guccho'20-21]

সমাধান: (c); $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} = \sqrt{\frac{2}{1}} = \sqrt{2} \therefore T_1 = \sqrt{2}T_2 = \sqrt{2} \times 3s = 4.24s$

04. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে এর দোলনকাল- [Agri. Guccho'19-20]

(a) শূন্য হবে (b) অপরিবর্তিত থাকবে (c) অর্ধেক হবে (d) অসীম হবে

সমাধান: (d); দোলককে ভূকেন্দ্রে নিয়ে যাওয়া হলে, ভূকেন্দ্রে 'g' এর মান শূন্য হলে, দোলনকাল অসীম হবে অর্থাৎ সরল দোলক চলবে না।

05. পর্যায়কাল দ্বিগুণ করতে সরল দোলকের দৈর্ঘ্য কতগুণ বৃদ্ধি করতে হবে? [Agri. Guccho'19-20]

(a) 4 (b) 2 (c) $\frac{1}{2}$ (d) $\frac{1}{4}$

সমাধান: (a); আমরা জানি, পর্যায়কাল, $T = 2\pi\sqrt{\frac{L}{g}} \therefore L \propto T^2 \therefore L_2 = n^2L_1 = (2)^2 \times L_1 = 4L_1$

06. নিচের কোন সমীকরণটি সরল দোলকের অগ্রগামী তরঙ্গকে প্রকাশ করে? [CVASU'18-19] [Ans: a]

(a) $a \sin \omega t$ (b) $a \sin(\omega t)\cos(kt)$ (c) $a \sin(\omega t - kx)$ (d) $a \cos kx$

07. অভিকর্ষজ ত্বরণ $g = 9.8\ ms^{-2}$ হলে সেকেন্ড দোলকের দৈর্ঘ্য কত? [CVASU'18-19]

(a) 99.29 cm (b) 98.28 cm (c) 100.00 cm (d) 90.25 cm

সমাধান: (a); $T = 2\pi\sqrt{\frac{L}{g}};\ 2 = 2\pi\sqrt{\frac{L}{g}};\ L = 0.9929m = 99.29\ cm$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

08. k স্প্রিং-ধ্রুবকের একটি স্প্রিংকে কেটে দুই অংশে এমনভাবে ভাগ করা হলো যে, একটির দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। অধিকতর লম্বা স্প্রিংটির স্প্রিং-ধ্রুবক কত? **[BAU'17-18]**

(a) $\frac{2}{5}k$ (b) $\frac{3}{2}k$ (c) $\frac{2}{3}k$ (d) $\frac{4}{3}k$

সমাধান: (b); $\frac{k_{total}}{k'} = \frac{2l}{3l} \therefore k' = \frac{3}{2}k_t$

09. A একটি সরলদোলক যার দৈর্ঘ্য অন্য একটি সরলদোলক B এর চারগুণ। যদি B এর পর্যায়কাল 2 s হয় তাহলে A এর পর্যায়কাল হবে- **[SAU'17-18, SBAU'16-17]**

(a) 2 sec (b) 4 sec (c) 3 sec (d) 12 sec

সমাধান: (b); $L_A = 4L_B$; $\frac{T_A}{T_B} = \frac{\sqrt{L_A}}{\sqrt{L_B}} = \frac{\sqrt{4L_B}}{\sqrt{L_B}} \therefore T_A = 2 \times 2 = 4$

10. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য 1% বৃদ্ধি করা হলে, দোলকটি দৈনিক কত সেকেন্ড ধীরে চলবে? **[BAU'16-17]**

(a) 430s (b) 440s (c) 450s (d) 460s

সমাধান: (a); $\frac{T'}{T} = \frac{86400}{86400-n} \Rightarrow \sqrt{\frac{L'}{L}} = \frac{86400}{86400-n} \Rightarrow \sqrt{1.01} = \frac{86400}{86400-n} \Rightarrow n = 428.79 \approx 430s$

11. A ও B দুইটি সরল দোলক। A দোলকের দৈর্ঘ্য B দোলকের দৈর্ঘ্যের চারগুণ। B দোলকের দোলনকাল 1.5 সেকেন্ড হইলে A দোলকের দোলনকাল কত? **[SAU'16-17] [Ans: c]**

(a) 1 sec (b) 2 sec (c) 3 sec (d) 4 sec

12. সরল ছন্দিত স্পন্দনশীল একটি কণার দোলনকাল 10 সেকেন্ড। কোন সমীকরণটি এর ত্বরণ 'a' এবং সরণ 'x' এর সম্পর্ক প্রকাশ করে? **[RU'16-17]**

(a) $a = -10\pi x$ (b) $a = -(20\pi)x$ (c) $a = -\left(\frac{2\pi}{10}\right)^2 x$ (d) $a = -(20\pi)^2 x$

সমাধান: (c); $a = -\omega^2 x = -\left(\frac{2\pi}{10}\right)^2 x$

13. একটি সরল দোলকের দোলকপিণ্ডটি পানি দ্বারা পরিপূর্ণ করলে দোলনকাল কী হবে? **[BAU'14-15] [Ans: c]**

(a) কমবে (b) বাড়বে (c) অপরিবর্তিত থাকবে (d) কোনোটিই নয়

14. একটি সেকেন্ডে দোলকের দৈর্ঘ্য যদি 2.25 গুণ বৃদ্ধি করা হয়, তবে দোলকটির দোলনকাল কত হবে? **[BAU'14-15, 9-10; JGVC'13-14]**

(a) 3 sec (b) 6 sec (c) 9 sec (d) 12 sec

সমাধান: (a); $T \propto \sqrt{L} \therefore \frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}} \Rightarrow T_2 = 2 \times \sqrt{\frac{2.25\,L_1}{L_1}} = 3$ sec

15. একটি ঘড়ির সেকেন্ডের কাঁটার কৌণিক বেগ কত? **[SAU'04-05, 14-15; SBAU'14-15]**

(a) $\frac{\pi}{10}$ rads^{-1} (b) $\frac{\pi}{30}$ rads^{-1} (c) $\frac{\pi}{20}$ rads^{-1} (d) $\frac{\pi}{60}$ rads^{-1}

সমাধান: (b); $w = \frac{2\pi}{T} = \frac{2\pi}{60} = \frac{\pi}{30}$ rads^{-1}

16. সরল দোলককে কৃত্রিম উপগ্রহের অভ্যন্তরে নিলে দোলন কত হবে? **[BSMRAU'14-15] [Ans: a]**

(a) বাড়বে (b) কমবে (c) পরিবর্তন হবে (d) থেমে যাবে

17. কোন সরল ছন্দিত স্পন্দন গতি সম্পন্ন কণার বিস্তার 3 cm এবং সর্বোচ্চ বেগ 6.24 cms^{-1} হলে কণাটির পর্যায়কাল কত সেকেন্ড?

(a) 2.03 (b) 4.03 (c) 4. 02 (d) 3.02 **[SBAU'12-13]**

সমাধান: (d); $v_{max} = \omega A \Rightarrow \left(\frac{6.24}{100}\right) = \omega \times \frac{3}{100} \Rightarrow \omega = \frac{6.24}{3} \Rightarrow \frac{2\pi}{T} = \frac{6.24}{3} \therefore T = \frac{2\pi \times 3}{6.24} = 3.02$ sec.

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

18. পৃথিবীর পৃষ্ঠে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 100 cm। যে দোলক পৃথিবীতে প্রতি মিনিটে 20 বার দোল খায় তার দৈর্ঘ্য হবে- [SAU'12-13]

(a) 120 cm (b) 180 cm (c) 225 cm (d) 240 cm

সমাধান: (c); $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} \Rightarrow \frac{2}{60/20} = \sqrt{\frac{1}{L_2}} \Rightarrow L_2 = 2.25\ m = 225\ cm$

19. K বল ধ্রুবক বিশিষ্ট কোন বস্তু A বিস্তার নিয়ে ছন্দিত স্পন্দনে দুলতে থাকলে তার মোট যান্ত্রিক শক্তি E হবে- [CVASU'12-13]

(a) $\frac{1}{2}KA$ (b) $\frac{1}{2}K^2A$ (c) $\frac{1}{2}KA^2$ (d) কোনটিই নয় [Ans: c]

20. একটি ত্রুটিপূর্ণ সেকেন্ড দোলক দিনে 100s সময় হারায়। এর কতটুকু পরিবর্তন করলে সঠিক সময় দেবে? [SAU'11-12]

(a) 1.35mm (b) 1.55mm (c) 2.35mm (d) 2.55mm

সমাধান: (c); $\frac{T_2}{T_1} = \frac{86400}{86300} \Rightarrow \frac{L_2}{L_1} = \left(\frac{86400}{86300}\right)^2 \therefore \Delta L = 2.32\ mm \approx 2.35\ mm$

21. পৃথিবীর গতি কোনটির উদাহরণ? [SAU'11-12] [Ans: a]

(a) ঘূর্ণন গতি (b) জটিল গতি (c) দোলন গতি (d) কোনোটিই নয়

22. সরল দোলকের পর্যায়কাল, T এর মান কত? [CVASU'11-12] [Ans: b, d]

(a) $4\pi\sqrt{\frac{L}{g}}$ (b) $2\pi\sqrt{\frac{L}{g}}$ (c) $2\pi f\frac{L}{\sqrt{g}}$ (d) $2\pi\sqrt{\frac{L}{g}}$

23. পর্যায়কাল ও কম্পাঙ্কের মধ্যে সর্ম্পক কোনটি? [CVASU'10-11] [Ans: a]

(a) $n = \frac{1}{T}$ (b) $n = \frac{1}{\omega}$ (c) $\omega = \frac{2\pi}{T}$ (d) কোনোটিই

24. সরল দোলকের কার্যকর দৈর্ঘ্য বাড়লে কোনটি সত্য হবে? [CVASU'10-11] [Ans: a]

(a) দোলনকাল বাড়বে (b) দোলনকাল কমবে (c) দোলনকাল সমান থাকবে (d) কোনোটিই

25. একটি সরল দোলকের ফাঁপা দোলক পিণ্ডকে পারদ দ্বারা অর্ধপূর্ণ করলে এর দোলনকালের কী ঘটবে? [SBAU'09-10]

(a) পূর্বাপেক্ষা দ্বিগুণ হবে (b) বৃদ্ধি পাবে (c) একই থাকবে (d) হ্রাস পাবে

সমাধান: (b); আমরা জানি, সরল দোলকের দোলনকাল T, কার্যকরী দৈর্ঘ্য L হলে $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$ সরল দোলকের দোলক পিণ্ড যদি ফাঁপা বা নিরেট থাকে তবে দোলকের কার্যকরী দৈর্ঘ্য L হলে, দোলক পিণ্ডকে পারদ দ্বারা অর্ধপূর্ণ করলে দোলক পিণ্ডের ভারকেন্দ্র নিচে যাবে, ফলে কার্যকরী দৈর্ঘ্য L বৃদ্ধি পাবে এবং সমীকরণ মতে দোলনকাল T বৃদ্ধি পাবে।



26. একটি পেণ্ডুলাম ঘড়ি বিষুবরেখা হতে মেরুতে নিয়ে যাওয়া হলো। ঘড়িটি- [SBAU'08-09]

(a) ফাস্ট হবে (b) স্লো হবে (c) একই সময় দিবে (d) কোনটিই নয়

সমাধান: (a); পেন্ডুলাম ঘড়ি দোলকের সাহায্যে তৈরি করা হয় এবং এর দোলনকাল 2 s। দোলকের ক্ষেত্রে, $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$ বিষুব অঞ্চল g এর মান কম এবং মেরু অঞ্চলে g এর মান সবচেয়ে বেশি। ফলে মেরু অঞ্চলে, দোলকের দোলনকাল বিষুব অঞ্চল অপেক্ষা কম হবে। সুতরাং ঘড়ি মেরু অঞ্চলে ফাস্ট হবে।

27. 1 m কার্যকরী দৈর্ঘ্যবিশিষ্ট একটি সরল দোলক প্রতি মিনিটে 30 টি দোলন সম্পন্ন করে। পরীক্ষার স্থানে অভিকর্ষজ ত্বরণের মান হলো- [SBAU'08-09]

(a) $9.07\ ms^{-2}$ (b) $9.87\ ms^{-2}$ (c) $9.00\ ms^{-2}$ (d) $9.32\ ms^{-2}$

সমাধান: (b); এখানে, $L = 1\ m;\ T = \frac{60}{30}s = 2s;\ g = ?\ \pi = 3.1416$

আমরা জানি, $T = 2\pi\sqrt{\frac{L}{g}} \Rightarrow g = 4\pi^2\frac{L}{T^2} = 4 \times (3.1416)^2 \times \frac{1}{(2)^2}\ ms^{-2} = 9.87 ms^{-2}$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ১০
আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

01. স্থির চাপে কোন তাপমাত্রায় কোনো গ্যাসের মূল গড় বর্গবেগ প্রমাণ চাপ ও তাপমাত্রার মূল গড় বর্গবেগের অর্ধেক হবে? **[Agri. Guccho'21-22]**

(a) 68.25 K (b) 273 K (c) 1092 K (d) 34.125 K

সমাধান: (a); $\frac{C'_{r.m.s}}{C_{r.m.s}} = \frac{1}{2} = \frac{\sqrt{\frac{3RT_2}{M}}}{\sqrt{\frac{3RT_1}{M}}} = \sqrt{\frac{T_2}{T_1}}$ [যেখানে $C_{r.m.s}$ হলো প্রমাণ তাপমাত্রা T_1 এ গ্যাসের মূল গড় বর্গবেগ]

$\therefore \frac{1}{4} = \frac{T_2}{T_1}$ [$C'_{r.m.s}$ = নির্ণেয় তাপমাত্রায় মূল গড় বর্গবেগ T_2 = নির্ণেয় তাপমাত্রা] $\therefore T_2 = \frac{1}{4} \times 273 = 68.25$ K

02. স্থির চাপে কোনো গ্যাসের তাপমাত্রা ও আয়তন যথাক্রমে 30° ও 10 L। তাপমাত্রা সেলসিয়াস স্কেলে দ্বিগুণ করা হলে এর আয়তন কতগুণ হবে? **[Agri. Guccho'21-22]**

(a) 1.5 (b) 2 (c) 0.5 (d) 1.1

সমাধান: (d); $\frac{V_2}{T_2} = \frac{V_1}{T_1} \Rightarrow \frac{V_2}{V_1} = \frac{T_2}{T_1} \Rightarrow \frac{V_2}{V_1} = \frac{333}{303} = 1.1$ [$T_1 = 30°C = 303k$]

[$T_2 = (30 \times 2) = 60°C = 333$ K ; $V_1 = 10$ L]

03. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে R এর মান হচ্ছে- **[Agri. Guccho'21-22] [Ans: a]**

(a) 8.32 $JK^{-1}mol^{-1}$ (b) 8.31 $KJ^{-}mol^{-1}$ (c) 8.31 JK^{-1} mol (d) 8.13 $J^{-1}K\,mol^{-1}$

04. Ne গ্যাসের ক্ষেত্রে γ এর মান কত? **[Agri. Guccho'21-22] [Ans: c]**

(a) 1.33 (b) 1.40 (c) 1.67 (d) 1.76

05. বলবিদ্যার বিভিন্ন মৌলিক ভৌত রাশিসমূহ হল- **[Agri. Guccho'20-21] [Ans: b]**

(a) ভর, বল এবং সময় (b) ভর, দৈর্ঘ্য এবং সময়

(c) বল, শক্তি এবং সময় (d) বল, ভর এবং সময়

06. তিনটি গ্যাস অণুর বেগ যথাক্রমে 25 ms^{-1}, 30ms^{-1} এবং 35 ms^{-1} । তাদের মূল গড় বর্গ বেগ কত? **[BAU'09-10, 15-16, 16-17, 18-19]**

(a) 10.5 ms^{-1} (b) 15.5 ms^{-1} (c) 20.3 ms^{-1} (d) 30.3 ms^{-1}

সমাধান: (d); $C_{rms} = \sqrt{\frac{30^2+25^2+35^2}{3}} = 30.3$

07. 27°C তাপমাত্রায় হিলিয়াম গ্যাসের অণুর গড় গতিশক্তি কত? **[SAU'18-19]**

(a) 0.62×10^{-20}J (b) 2.73×10^{-20}J (c) 1.24×10^{-20}J (d) কোনটিই নয়

সমাধান: (a); গড় গতিশক্তি= $\frac{3}{2}KT = 6.21 \times 10^{-21}$J

08. এস আই ইউনিটে ইউনিভার্সাল গ্যাস ধ্রুবকের মান হলো- **[CVASU'18-19] [Ans: c]**

(a) Walt $K^{-1}mol^{-1}$ (b) $NK^{-1}mol^{-1}$ (c) $JK^{-1}mol^{-1}$ (d) Erg $K^{-1}mol^{-1}$

09. যখন গ্যাসের ঘনত্ব বৃদ্ধি পায় তখন অণুর গড় মুক্ত পথ- **[CVASU'18-19] [Ans: c]**

(a) অপরিবর্তিত থাকবে (b) বৃদ্ধি পাবে (c) কমবে (d) জটিলভাবে পরিবর্তিত হবে

10. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে অক্সিজেন অণুর গড় বর্গবেগের বর্গমূল কত? **[JGVC'17-18]**

(a) 262 ms^{-1} (b) 361 ms^{-1} (c) 461 ms^{-1} (d) 561 ms^{-1}

সমাধান: (c); $c = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3\times8.314\times273}{32\times10^{-3}}} = 461.29\ ms^{-1}$

11. S. T. P.-তে হাইড্রোজেন অণুগুলোর মূল গড় বর্গবেগ কত? [S.T.P-তে হাইড্রোজেন অণুর ঘনত্ব 0.09kg. m^{-3}] **[SAU'16-17]**

(a) 1.34 kms^{-1} (b) 1.84 kms^{-1} (c) 1.99 kms^{-1} (d) 2.14 kms^{-1} **[Ans: b]**

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

সমাধান: (b); $\bar{c} = \sqrt{\frac{3p}{\rho}} = \sqrt{\frac{3\times101.325\times1000}{0.09}} = 1.84\ kms^{-1}$

12. স্থির চাপে কত তাপমাত্রায় একটি গ্যাসের অণুর গড় বর্গবেগের বর্গমূল স্বাভাবিক চাপ ও তাপমাত্রার গড় বর্গবেগের বর্গমূলের দ্বিগুণ হবে?
(a) 546 K (b) 1092 K (c) 273 K (d) 819 K [SBAU'16-17]
সমাধান: (b); T চারগুণ হবে। এতে বেগ $\sqrt{4} = 2$ গুণ হয়। $\therefore T = 4 \times 273 = 1092\ K$

13. নিচের কোন অবস্থায় একটি গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে না? [JGVC'16-17] [Ans: সবগুলো]
(a) আদর্শ তাপমাত্রা ও চাপ (b) নিম্ন তাপমাত্রা ও নিম্ন চাপ (c) নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপ (d) উচ্চ তাপমাত্রা ও চাপ

14. পরম শূন্য তাপমাত্রা হল- [CVASU'16-17] [Ans: c]
(a) 32 K (b) 0°C (c) −273°C (d) −273K

15. গ্যাসের অণুর (একটি অণুর) গতিশক্তি হল– [CVASU'16-17] [Ans: b]
(a) $\frac{1}{2}$ KT (b) $\frac{3}{2}$ KT (c) $\frac{1}{3}$ KT (d) $\frac{2}{3}$ KT

16. "একই তাপমাত্রা এবং চাপে সমান আয়তনের সকল গ্যাসে সমান সংখ্যক অণু থাকে।"- সূত্রটি কার? [SAU'14-15] [Ans: d]
(a) চার্লসের (b) বয়েলের (c) রেনোর (d) অ্যাভোগেড্রোর

17. কোন পদার্থ গ্যাসীয় অবস্থা হতে তরল অবস্থায় উন্নীত হলে — [BSMRAU'14-15] [Ans: a]
(a) পদার্থটি তাপ পরিত্যাগ করে (b) তাপমাত্রা বৃদ্ধি পাইতে থাকে
(c) অণুসমূহ স্বাধীনভাবে ছুটাছুটি করে (d) অণুসমূহ অধিক গতি শক্তি অর্জন করে

18. কত ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় আকাশে পানির কণা জমে যায় এবং শিলা আকারে পৃথিবীতে নেমে আসে? [BAU'11-12, 14-15] [Ans: d]
(a) −20°C (b) 16°C (c) −12°C (d) −10°C

19. একই তাপমাত্রায় একটি নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন 10% কমাতে হলে চাপ শতকরা কত বাড়াতে হবে? [BAU'13-14]
(a) 8.1% (b) 9.1% (c) 11.1% (d) 12.1%
সমাধান: (c); $P_1V_1 = P_2V_2 \Rightarrow P_1\times V = P_2\times\left(V - \frac{10\,V}{100}\right)$
$\Rightarrow P_1V = P_2\frac{90V}{100} \Rightarrow P_2 = 1.111\,P_1$ ∴চাপ বাড়াতে হবে $= \frac{P_2-P_1}{P_1}\times100\% = 11.1\%$

20. ত্রৈধবিন্দুতে পানির বাষ্প চাপ পারদ স্তম্ভের কত উচ্চতার সমান? [BAU'05-06, 13-14] [Ans: a]
(a) 4.580 mm (b) 1.013 mm (c) 273.16 mm (d) 12.93 mm

21. আয়তন স্থির রেখে 0°C তাপমাত্রার নির্দিষ্ট ভরের 1Pa চাপের গ্যাসের তাপমাত্রা 1°C বাড়ালে এর চাপ কতটুকু বাড়ে?
(a) $0.00366K^{-1}$ (b) 0.00399 Pa (c) 0.00366Pa (d) $0.00399K^{-1}$ [SBAU'12-13]
সমাধান: (c); $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2} \Rightarrow \frac{1}{273} = \frac{P_2}{274} \Rightarrow P_2 = \frac{274}{273}$ $\therefore \Delta P = P_2 - P_1 = \frac{1}{273} = 0.00366$ Pa

22. বায়ুমণ্ডল দ্বারা তাপ অপরিবাহী মণ্ডল সৃষ্টির কারণে পৃথিবীর বর্তমান গড় তাপমাত্রা কত °C? [SBAU'12-13] [Ans: b]
(a) 10 (b) 15 (c) 20 (d) 25

23. একই তাপমাত্রায় সিলেট অপেক্ষা কুয়াকাটায় বেশি অস্বস্তিকর বোধ হয় কারণ– [SAU'12-13] [Ans: d]
(a) সমুদ্রপৃষ্ঠ হতে সিলেটের কুয়াকাটার চেয়ে বেশি (b) সমুদ্রপৃষ্ঠ হতে সিলেট বহুদূরে
(c) বিষুব রেখা হতে সিলেট বেশি দূরে (d) কোনোটিই নয়

24. 20°C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ কত? [CVASU'11-12,12-13] [Ans: c]
(a) 13.21 mm Hg P (b) 15.48 mm Hg P (c) 17.54 mm Hg P (d) 19.83 mm Hg P

25. কোন মাধ্যমে দুটি শব্দের তরঙ্গদৈর্ঘ্য λ_1 ও λ_2 এবং সংশ্লিষ্ট কম্পাঙ্ক f_1 ও f_2 এর সম্পর্ক হলো- [SBAU'11-12]
(a) $\frac{\lambda_1}{\lambda_2} = \frac{f_1}{f_2}$ (b) $\frac{\lambda_1}{\lambda_2} = \frac{f_2}{f_1}$ (c) $\lambda_1\lambda_2 = f_1f_2$ (d) $\frac{\lambda_1}{\lambda_2} = f_1f_2$
সমাধান: (b); $f \propto \frac{1}{\lambda}$ অর্থাৎ $\frac{\lambda_1}{\lambda_2} = \frac{f_2}{f_1}$

26. কোন বায়ুর তাপমাত্রা 30°C এবং আপেক্ষিক আর্দ্রতা 60%; 30°C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ 31.7×10^{-3}m Hg হলে, ঐ স্থানে বায়ুর জলীয় বাষ্পের চাপ কত? [BAU'08-09]
(a) 10.3×10^{-3}m Hg (b) 14.72×10^{-3}m Hg (c) 18.1×10^{-3}m Hg (d) 19.0×10^{-3}m Hg
সমাধান: (d); এখানে, $R = 60\% = \frac{60}{100}$; $F = 31.7\times10^{-3}$mHg
আমরা জানি, $R = \frac{f}{F} \Rightarrow f = R\times F = \frac{60\times31.7\times10^{-3}}{100} = 19.02\times10^{-3}$m Hg

27. স্বাভাবিক বা প্রমাণ চাপ হলো– [SBAU'08-09]
(a) 76 m পারদ স্তম্ভ চাপ (b) 76 mm পারদ স্তম্ভ চাপ (c) 1.013×10^5pa (d) কোনোটিই নয়
সমাধান: (c); স্বাভাবিক বা প্রমাণ চাপ, P = 760mm পারদ স্তম্ভ চাপ $\Rightarrow P = 1.013\times10^5$Pa

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

পদার্থবিজ্ঞান
২য় পত্র

MEDISTRY
মেডিস্ট্রি
▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০১ তাপগতিবিদ্যা

01. একটি ত্রুটিপূর্ণভাবে দাগাঙ্কিত থার্মোমিটার স্বাভাবিক চাপে গলিত বরফে 5° ও ফুটন্ত পানিতে 95° পাঠ দেয়। কত °C তাপমাত্রায় থার্মোমিটারটি সঠিক পাঠ দেয়? [Agri. Guccho'22-23]

(a) 45 (b) 50 (c) 55 (d) 60

সমাধান: (b); $\frac{T-0}{100-0} = \frac{T-5}{95-5} \Rightarrow 100T - 500 = 90T \Rightarrow 10T = 500 \Rightarrow T = 50$

02. একটি সিস্টেমে গ্যাসের চাপ 1.0×10^5 Pa স্থির রেখে 600 kJ তাপশক্তি সরবরাহ করা হলো। এই প্রক্রিয়ায় সিস্টেমটির আয়তন $1.5\ m^3$ থেকে খুব ধীরে ধীরে প্রসারিত হয়ে $2.0\ m^3$ হলো। সিস্টেমটিতে অন্তঃস্থ শক্তির পরিবর্তন কত kJ হলো? [Agri. Guccho'22-23]

(a) 100 (b) 250 (c) 550 (d) 650

সমাধান: (c); $\Delta W = P\Delta V = 1 \times 10^5 \times (2 - 1.5) = 5 \times 10^4$ J

$\Delta Q = 600 \times 10^3$ J $= 6 \times 10^5$ J $\therefore \Delta U = \Delta Q - \Delta W = (6 \times 10^5 - 5 \times 10^4) = 550$ kJ

03. কার্নো চক্রে এনট্রপির পরিবর্তন- [Agri. Guccho'21-22] [Ans: b]

(a) শূন্য হতে কম (b) শূন্য (c) শূন্য হতে বেশি (d) অসীম

04. এক কাপ পানির তাপমাত্রা 100° থেকে 35° এ নামানো হলো। ফারেনহাইট স্কেলে এর পরিবর্তন কত হবে? [Agri. Guccho'21-22]

(a) 117°F (b) 122°F (c) 273°F (d) 98°F

সমাধান: (a); $\frac{\Delta C}{5} = \frac{\Delta F}{9} \therefore \Delta F = \frac{100-35}{5} \times 9 = 117°\ F$

05. একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটারের বরফবিন্দু 5°C এবং স্টীমবিন্দু 99°C। যখন এ থার্মোমিটারে 52°C প্রদর্শন করে তখন ফারেনহাইট স্কেলে তাপমাত্রা কত? [Agri. Guccho'20-21]

(a) 132°F (b) 122°F (c) 302°C (d) 322°F

সমাধান: (b); $\frac{F-32}{212-32} = \frac{52-5}{99-5} \therefore F = 122°$

06. একটি গাড়ি চলতে থাকলে তার টায়ারের ভিতর কিছু তাপগতীয় প্রক্রিয়া চলে। এই প্রক্রিয়াটি হল- [Agri. Guccho'20-21][Ans: c]

(a) সমোষ্ণ প্রক্রিয়া (Isothermal process)
(b) রুদ্ধ তাপীয় প্রক্রিয়া (Adiabatic process)
(c) ধ্রুব-আয়তন প্রক্রিয়া (Isochoric process)
(d) ধ্রুব-চাপ প্রক্রিয়া (Isobaric process)

07. একটি পদার্থে তাপ প্রয়োগ করার পরও তাপমাত্রার পরিবর্তন হয়নি। নিচের কোন উক্তিটি এই ঘটনার উপযুক্ত ব্যাখ্যা প্রদান করে? [Agri. Guccho'20-21] [Ans: b]

(a) পদার্থটি অবশ্যই গ্যাস
(b) পদার্থটির দশা (phase) পরিবর্তন হচ্ছে
(c) পদার্থটির তাপীয় বৈশিষ্ট্য ব্যতিক্রমধর্মী
(d) চারপাশের পরিবেশের তুলনায় পদার্থের তাপমাত্রা কম

08. গৃহীত তাপ ও বর্জিত তাপ যথাক্রমে H_1 ও H_2 হলে তাপীয় ইঞ্জিনের দক্ষতা কত? [Agri. Guccho'19-20]

(a) $\left(1 - \frac{H_2}{H_1}\right)$ (b) $\left(1 - \frac{H_1}{H_2}\right)$ (c) $\left(1 + \frac{H_2}{H_1}\right)$ (d) $\left(1 + \frac{H_1}{H_2}\right)$

সমাধান: (a); ইঞ্জিনের দক্ষতা, $\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\%$

09. একটি রেফ্রিজারেটর শীতল তাপাধার থেকে 450 J তাপ গ্রহণ করে উষ্ণ তাপাধারে 600 J তাপশক্তি বর্জন করে। রেফ্রিজারেটরটির কার্য সম্পাদন সহগ কত হবে? [BAU'18-19]

(a) 1 (b) 3 (c) 5 (d) 7

সমাধান: (b); $COP = \frac{450}{(600-450)} = 3$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

10. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে কিছু পরিমাণ শুষ্ক বায়ুকে ধ্রুব তাপমাত্রায় সংনমিত করে আয়তন অর্ধেক করা হলে চূড়ান্ত চাপ কত হবে? [BAU'18-19] [Ans: d]
(a) $2.02 \times 10^2 Nm^{-2}$ (b) $2.02 \times 10^3 Nm^{-2}$ (c) $2.02 \times 10^4 Nm^{+2}$ (d) $2.02 \times 10^5 Nm^{-2}$

11. 2 kg ভরের একটি বস্তু 3 m উচ্চতা হতে পড়ে তাপে রূপান্তরিত হলে তাপের পরিমাণ কত হবে? [BAU'18-19]
(a) 14.01 Cal (b) 20.01 Cal (c) 24.01 Cal (d) 34.01 Cal
সমাধান: (a); $Q = \frac{mgh}{4.18} = 14.01$

12. কার্নো চক্রের তৃতীয় পর্যায়ের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? [SAU'18-19] [Ans: a]
(a) তাপ গ্রাহকে তাপ বর্জিত হয় (b) অভ্যন্তরীণ শক্তি হ্রাস পাবে
(c) উভয়ই (d) কোনোটিই নয়

13. 15°C তাপমাত্রায় নির্দিষ্ট পরিমাণ গ্যাসকে রুদ্ধতাপ প্রক্রিয়ায় প্রসারিত করে আয়তন দ্বিগুণ করা হলো। চূড়ান্ত তাপমাত্রা 54.7°C হলে γ এর মান কত? [BAU'16-17,17-18]
(a) 1.3 (b) 1.4 (c) 1.66 (d) 2.6
সমাধান: (সঠিক উত্তর নেই); প্রশ্নে বলা হয়েছে রুদ্ধতাপ প্রক্রিয়ায় প্রসারিত করায় তাপমাত্রা বেড়ে গেছে। কিন্তু, রুদ্ধতাপীয় প্রসারণে তাপমাত্রা হ্রাস পায়। ∴ প্রশ্নে ভুল আছে।

14. 100°C তাপমাত্রার 1 kg পানিকে 100°C তাপমাত্রার বাষ্পে পরিণত করতে কত এন্ট্রপি পরিবর্তন হয়? [BAU'17-18]
(a) $1.26 \times 10^3 JK^{-1}$ (b) $2.26 \times 10^3 JK^{-1}$ (c) $6.05 \times 10^2 JK^{-1}$ (d) $6.05 \times 10^3 JK^{-1}$
সমাধান: (d); $\Delta S = \frac{m_w l_v}{373} = 6.05 \times 10^3 JK^{-1}$

15. ময়মনসিংহ শহরের শীত ও গ্রীষ্মকালীন তাপমাত্রার পার্থক্য 15°C হলে ফারেনহাইটে পার্থক্য কত? [BAU'17-18] [Ans:c]
(a) 10°F (b) 17°F (c) 27°F (d) 37°F

16. তাপগতিবিদ্যার প্রথম সূত্র নিচের কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে? [RU'16-17, SBAU'10-11]
(a) তাপ ও কাজ (b) বল ও শক্তি (c) তাপ ও বল (d) কাজ ও ক্ষমতা
সমাধান: (a); তাপগতিবিদ্যার ১ম সূত্রটি হচ্ছে, $dQ = dU + dW$; এখানে তাপ ও কাজ সম্পর্কযুক্ত।

17. 1 ক্যালরি তাপ সমান– [CVASU'16-17] [Ans: a]
(a) 4.2J (b) 4.5J (c) 4.8J (d) 4.0J

18. একটি কার্নো ইঞ্জিন 600 K তাপমাত্রার তাপ-উৎস থেকে 1200J তাপ গ্রহণ করে এবং তাপ গ্রাহকে 300J তাপ বর্জন করে। তাপ গ্রাহকের তাপমাত্রা কত? [BAU'16-17]
(a) 150 K (b) 273 K (c) 300 K (d) 330 K
সমাধান: (a); $\eta = 1 - \frac{300}{1200} = 1 - \frac{T}{600} \Rightarrow T = 150\ K$

19. 0°C তাপমাত্রার 1kg বরফকে 0°C তাপমাত্রার পানিতে পরিণত করতে কী পরিমাণ তাপের প্রয়োজন হবে? [BAU'15-16, SBAU'16-17]
(a) 4200 Jkg^{-1} (b) 336000 Jkg^{-1} (c) 2100 Jkg^{-1} (d) 42000 Jkg^{-1}
সমাধান: (b); $Q = ml_f = 1 \times 3.36 \times 10^5 = 336000\ Jkg^{-1}$

20. কোন গ্যাসকে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় সংকুচিত করলে নিচের কোনটি ঘটে? [SAU'16-17]
(a) অভ্যন্তরীণ শক্তি ও তাপমাত্রা উভয়ই হ্রাস পায় (b) অভ্যন্তরীণ শক্তি হ্রাস পায়, তাপমাত্রা বৃদ্ধি পায়
(c) অভ্যন্তরীণ শক্তি ও তাপমাত্রা উভয়ই বৃদ্ধি পায় (d) অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি পায়, তাপমাত্রা হ্রাস পায়

21. 0° সেন্টিগ্রেড তাপমাত্রার 1 কেজি বরফকে 0°C তাপমাত্রার পানিতে পরিণত করতে এনট্রপির পরিবর্তন 1.2×10^3 জুল/কেলভিন হলে বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ কত? [SAU'16-17] [Ans: a]
(a) $3.276 \times 10^5\ Jkg^{-1}$ (b) $3.276 \times 10^4\ Jkg^{-1}$
(c) $32.76 \times 10^5\ Jkg^{-1}$ (d) $32.76 \times 10^6\ Jkg^{-1}$

22. গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে কোন রাশির ওপর? [RU'16-17] [Ans: b]
(a) চাপ (b) তাপমাত্রা (c) আয়তন (d) এনট্রপি

23. কোন তাপমাত্রা সেলসিয়াস ও ফারেনহাইট উভয় স্কেলে একই সংখ্যা দিয়ে প্রকাশ করা যায়? [BAU'16-17, 07-08, SBAU'13-14]
(a) −20° (b) −30° (c) −40° (d) −41.5°
সমাধান: (c); $\frac{x}{5} = \frac{x-32}{9} \Rightarrow 9x = 5x - 160 \Rightarrow 4x = -160\ \therefore x = -40°$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

24. কোনটি ধীর প্রক্রিয়া? [JGVC'16-17] [Ans: c]
(a) সমচাপ প্রক্রিয়া (b) সমআয়তন প্রক্রিয়া (c) সমোষ্ণ প্রক্রিয়া (d) রুদ্ধতাপীয়

25. 0°C তাপমাত্রার 1 kg বরফকে 0°C তাপমাত্রার পানিতে পরিণত করতে এন্ট্রপির পরিবর্তন কত? [SBAU'14-15]
(a) 1200 JK^{-1} (b) 1230.77 Jk^{-1} (c) 1000 JK^{-1} (d) 33600 JK^{-1}
সমাধান: (b); $ds = \frac{Q}{T} = \frac{1\times336000}{273} = 1230.77JK^{-1}$

26. ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেলের পাঠের দ্বিগুণ হবে? [SBAU'08-09, CVASU'14-15, 12-13,13-14, BAU'13-14]
(a) 120° (b) 160° (c) 240° (d) 320°
সমাধান: (d); আমরা জানি, $\frac{C}{5} = \frac{F-32}{9}$
এখানে, $F = 2C \Rightarrow C = \frac{F}{2} \therefore \frac{F}{10} = \frac{F-32}{9} \Rightarrow F = 320°$

27. কোন তাপমাত্রায় ফারেনহাইট ও কেলভিন স্কেলে একই পাঠ পাওয়া যায়? [SBAU'07-08, BSMRAU'14-15]
(a) 574.25 (b) 547.25 (c) 40 (d) 60
সমাধান: (a); $\frac{F-32}{9} = \frac{K-273}{5} \Rightarrow \frac{F-32}{9} = \frac{F-273}{5} \Rightarrow 4F = 2297 \therefore F = 574.25°F$

28. $-10°C$ তাপমাত্রায় 2 kg বরফকে 0°C তাপমাত্রায় পানিতে পরিণত করতে প্রয়োজনীয় তাপের প্রয়োজন হবে- [CVASU'14-15]
(a) 7056000 J (b) 714000 J (c) 21000 J (d) 33000 J
সমাধান: (b); $Q = [(10 \times 2100 \times 2) + 2 \times 3.36 \times 10^5]J = 714000\ J$

29. 120 g ওজনের একটি ক্যালরিমিটারে 0°C তাপমাত্রায় 70g পানি এবং 10g বরফ আছে। 100°C তাপমাত্রার কতটুকু ভরের বাষ্প উক্ত ক্যালরিমিটারের মধ্যে চালনা করলে ক্যালরিমিটারের তাপমাত্রা 40°C এ উন্নীত হবে? [JGVC'14-15] [Ans: c]
(a) 5.6g (b) 6.6g (c) 7.6g (d) 8.6g

30. 'A' একটি অপ্রত্যাবর্তী পদ্ধতি এবং রুদ্ধতাপীয়। 'B' একটি প্রত্যাবর্তী পদ্ধতি এবং রুদ্ধতাপীয়। 'A' এবং 'B' পদ্ধতিতে এন্ট্রপির পরিবর্তন যথাক্রমে– [JGVC'14-15]
(a) শূন্য এবং ধনাত্মক (b) শূন্য এবং ঋণাত্মক (c) ঋণাত্মক এবং শূন্য (d) ধনাত্মক এবং শূন্য
সমাধান: (d); অপ্রত্যাবর্তী প্রক্রিয়ায় এন্ট্রপি বৃদ্ধি পায় প্রত্যাবর্তী প্রক্রিয়ায় এন্ট্রপি ধ্রুবক থাকে।
∴ অপ্রত্যাবর্তী প্রক্রিয়ায় পরিবর্তন ধনাত্মক প্রত্যাবর্তী প্রক্রিয়ায় পরিবর্তন শূন্য

31. 100°C তাপমাত্রার 1 kg পানিকে 100°C তাপমাত্রার বাষ্পে পরিণত করতে এন্ট্রপির কী পরিবর্তন হবে? [BAU'07-08,13-14, SBAU'12-13]
(a) $2.26 \times 10^3\ JK^{-1}$ (b) $3.26 \times 10^3\ JK^{-1}$ (c) $6.05 \times 10^3\ JK^{-1}$ (d) $6.05 \times 10^6\ JK^{-1}$
সমাধান: (c); $ds = \frac{d\theta}{T} = \frac{mL_f}{T} = \frac{1\times2268000}{373} = 6.05 \times 10^3 JK^{-1}$

32. একটি কার্নো ইঞ্জিন 230°C এবং 27°C তাপমাত্রায় কাজ করছে। এর কর্মদক্ষতা কত? [SAU'13-14]
(a) 30% (b) 50% (c) 40% (d) 60%
সমাধান: (c); $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{27+273}{273+230}\right) \times 100\% = 40.35\% \approx 40\%$

33. একটি কার্নো ইঞ্জিন পানির হিমাঙ্ক ও স্ফুটনাঙ্কের মধ্যে কার্যরত আছে। ইঞ্জিনটির দক্ষতা কত? [SAU'13-14] [Ans: c]
(a) 100% (b) 0% (c) 26.8% (d) 28.6%

34. একটি দ্বি-পরমাণু বিশিষ্ট গ্যাসের ক্ষেত্রে $\frac{C_p}{C_v}$ হল – [CVASU'13-14,SAU'13-14]
(a) 1.67 (b) 1.4 (c) 1.33 (d) 1.11
সমাধান: (b); $\gamma = \frac{f+2}{f} = \frac{5+2}{5} = 1.4$

35. 10 গ্রাম পানি 4° সে. থেকে 14° সে. তাপমাত্রায় উন্নীত করতে কত ক্যালরি তাপ প্রয়োজন? [CVASU'13-14]
(a) 10 ক্যালরি (b) 14 ক্যালরি (c) 100 ক্যালরি (d) 140 ক্যালরি
সমাধান: (c); $Q = ms\Delta\theta = \frac{10}{1000} \times 4200 \times 10 = 420\ J = 100$ calorie

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

36. কোন সংস্থা পরিবেশ থেকে 800 J তাপ শোষণ করায় এর অন্তঃশক্তি 500 J বৃদ্ধি পেল। সংস্থা কর্তৃক পরিবেশের উপর সম্পাদিত কাজের পরিমাণ কত? [SBAU'12-13]

(a) 305J (b) 309J (c) 600J (d) 300J

সমাধান: (d); $\Delta E = 800 - 500 = 300J$

37. যে থার্মোমিটারের সাহায্যে 250°C পর্যন্ত তাপমাত্রা মাপা যায় তাকে বলে — [SAU'12-13] [Ans: d]

(a) থার্মিস্টার (b) থার্মোকাপল (c) তরল থার্মোমিটার (d) রোধ থার্মোমিটার

38. 27°C এবং 227°C তাপমাত্রাদ্বয়ের মধ্যে কার্যরত একটি ইঞ্জিনের কর্মদক্ষতা হবে — [SAU'12-13]

(a) 25% (b) 50% (c) 60% (d) 40%

সমাধান: (d); $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{300}{500}\right) \times 100\% = 40\%$

39. এক পারমাণবিক গ্যাসের জন্য মোলার আপেক্ষিক তাপদ্বয়ের অনুপাত (γ) এর মান কত? [CVASU'12-13]

(a) 1.05 (b) 1.35 (c) 1.47 (d) 1.67

সমাধান: (d); $\gamma = \frac{f+2}{f} = \frac{3+2}{3} = 1.67$

40. ফারেনহাইট থার্মোমিটারে পরমশূন্য তাপমাত্রা কত? [BAU'11-12]

(a) $-459.4°F$ (b) $-495.4°F$ (c) $-439.4°F$ (d) $-469.4°F$

সমাধান: (a); $\frac{C}{5} = \frac{F-32}{9} \Rightarrow \frac{-273.16}{5} = \frac{F-32}{9} \Rightarrow F = -459.6°F$

41. একটি প্রত্যাবর্তী ইঞ্জিন 167°C এবং 57° C তাপমাত্রায় কার্যকর হলে এর সর্বাধিক দক্ষতা কত? [SBAU'11-12]

(a) 35% (b) 53% (c) 37% (d) 25%

সমাধান: (d); $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{330}{440}\right) \times 100\% = 25\%$

42. যেকোনো পদার্থের তরল অবস্থার তাপমাত্রা কঠিন অবস্থার চেয়ে- [SAU'11-12] [Ans: b]

(a) কম (b) বেশি (c) সমান (d) অর্ধেক

43. ক্লিনিক্যাল থার্মোমিটারে 95°F এবং 110°F পর্যন্ত দাগ কাটা থাকে। সেলসিয়াস স্কেলে এদের মান কত? [CVASU'11-12] [Ans: c]

(a) 30° এবং 43.33°C (b) 32 এবং 40°C (c) 35°C এবং 43.33°C (d) 35°C এবং 45°C

44. একটি ইঞ্জিন 4200J তাপ গ্রহণ করে এবং 3200 J তাপ বর্জন করে। ইঞ্জিনটি দ্বারা উৎপাদিত কাজের পরিমাণ কত? [SBAU'11-12, BAU'08-09]

(a) 100×10^8erg (b) 10×10^8erg (c) 1000×10^8erg (d) 10000×10^8erg

সমাধান: (a); গৃহীত তাপ = 4200J এবং বর্জিত তাপ = 3200J

কৃতকাজ $=(4200 - 3200)J = 1000J = 1000 \times 10^7$ erg $= 100 \times 10^8$erg

45. একটি কক্ষের তাপমাত্রা 27°C। ফারেনহাইট স্কেলে এর মান কত? [CVASU'10-11, SBAU'09-10]

(a) 81.6°F (b) 80.6°F (c) 80°F (d) 81°F

সমাধান: (b); $C = 27°C; F = ?; \frac{C}{5} = \frac{F-32}{9} \therefore F = 80.6°F$

46. একটি ইঞ্জিনের কর্মদক্ষতা 40% এবং এর তাপগ্রাহকের তাপমাত্রা 7°C হলে এর উৎসের তাপমাত্রা কত? [SBAU'10-11]

(a) 225.2 K (b) 466.7 K (c) 395.8 K (d) 299.2 K

সমাধান: (b); $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \Rightarrow 0.4 = \left(1 - \frac{280}{T_1}\right) \Rightarrow \frac{280}{T_1} = 0.6 \Rightarrow T_1 = 466.7$ K

47. প্রত্যাগামী প্রক্রিয়ায় এনট্রপি- [SAU'10-11] [Ans: a]

(a) স্থির থাকে (b) বৃদ্ধি পায় (c) কমে যায় (d) কোনোটিই নয়

48. একটি স্থির আয়তন গ্যাস থার্মোমিটার 0°C এবং 100°C তাপমাত্রায় যথাক্রমে 100cm ও 135cm পারদ চাপ প্রদর্শন করে। কোনো তরলে ঐ থার্মোমিটার 120 cm পারদ চাপ প্রদর্শন করলে ঐ তরলের তাপমাত্রা কত? [BAU'08-09]

(a) 55.13°C (b) 57.14°C (c) 69.23°C (d) 81.11°C

সমাধান: (b); এখানে, $P_0 = 100$ cm Hg; $P_{100} = 135$ cm Hg; $P_t = 120$ cm Hg ; $\theta = ?$

আমরা জানি, $\theta = \frac{P_t - P_0}{P_{100} - P_0} \times 100 \therefore \theta = 57.14°C$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০২

স্থির তড়িৎ

01. 1×10^{-3} kg ভরের একটি শোলাবল 2×10^{-4} C চার্জে চার্জিত। বলটিকে অভিকর্ষীয় ক্ষেত্রে ঝুলন্ত অবস্থায় স্থির রাখতে কত NC^{-1} তড়িৎ ক্ষেত্রের প্রয়োজন? [Agri. Guccho'22-23]


(a) 40 (b) 49 (c) 50 (d) 100

সমাধান: (b); $mg = qE \Rightarrow E = \frac{mg}{q} \Rightarrow E = \frac{1\times10^{-3}\times9.8}{2\times10^{-4}} \Rightarrow E = \frac{9.8}{2} \times 10 = 49\ NC^{-1}$

02. PQRS আয়তক্ষেত্রে PQ = 3 m এবং QR = 4 m। P, Q & R বিন্দুতে যথাক্রমে +4 C, −5 C ও +3 C চার্জ স্থাপন করলে S বিন্দুতে বিভব কত Volt হবে? [Agri. Guccho'22-23]

(a) $+2 \times 10^9$ (b) -2×10^9 (c) -9×10^9 (d) $+9 \times 10^9$

সমাধান: (d);



$V_S = \frac{1}{4\pi\epsilon_0}\left(\frac{4}{4} - \frac{5}{5} + \frac{3}{3}\right) = +9 \times 10^9\ V$

03. A ও B দুইটি সমান্তরাল পাত ধারক। উভয় ধরকে প্রতিটি পাতের ক্ষেত্রফল 1.5 m^2 এবং পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.015 m। ধারক দুটিকে শ্রেণি সমবায়ে যুক্ত করলে তুল্য ধারকত্ব কত μF পাওয়া যাবে? [$\epsilon_0 = 8.8 \times 10^{-12}\ Fm^{-1}$] [Agri. Guccho'22-23]

(a) 2.2×10^{-4} (b) 4.4×10^{-4} (c) 8.8×10^{-4} (d) 176×10^{-4}

সমাধান: (b); $C = \frac{\epsilon_0 A}{d} = \frac{8.8\times10^{-12}\times1.5}{0.015} = 8.8 \times 10^{-10}\ F$

$C_{eq} = \left(\frac{1}{C} + \frac{1}{C}\right)^{-1} = \frac{C}{2} = 4.4 \times 10^{-10}\ F = 4.4 \times 10^{-4}\ \mu F$

04. আহিত বস্তুর কোথায় সবচেয়ে বেশি আধান থাকে? [Agri. Guccho'19-20]

(a) কেন্দ্রে (b) অবতল তলে (c) সমতল তলে (d) উত্তল তলে

সমাধান: (d); চার্জিত বস্তুর উত্তল তলে সবচেয়ে বেশি চার্জ থাকে। একটি চার্জিত গোলকের ভিতরে বিভব সর্বত্র ধ্রুব থাকে এবং কেন্দ্রে প্রাবল্য শূন্য হয়।

05. বায়ুতে এক কুলম্বের দু'টি আধান পরস্পর থেকে 1 km ব্যবধানে অবস্থিত হলে এদের মধ্যকার বল কত হবে?

(a) 3 kN (b) 6 kN (c) 9 kN (d) 18 kN

সমাধান: (c); $F = 9 \times 10^9 \times \frac{1\times1}{(1000)^2} = 9\ kN$

06. 10^{10} নিউটন/কুলম্ব মানের একটি সুষম তড়িৎক্ষেত্রে স্থাপিত ইলেকট্রনের ত্বরণ কত হবে? [BAU'08-09, 12-13, 13-14, 15-16, 18-19] [BAU'15-16, SAU'18-19]

(a) $2.98 \times 10^{21}\ ms^{-2}$ (b) $1.76 \times 10^{21}\ ms^{-2}$ (c) $3.1 \times 10^{22}\ ms^{-2}$ (d) $2.31 \times 10^{20}\ ms^{-2}$

সমাধান: (b); $Eq = ma \Rightarrow a = \frac{Eq}{m} = 1.76 \times 10^{21}\ ms^{-2}$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

07. একটি গোলকের কেন্দ্রে বিভবের মান কত? [SAU'18-19] [Ans: c]

(a) শূন্য (b) অসীম (c) পৃষ্ঠের বিভবের সমান (d) কোনোটিই নয়

08. একটি সমান্তরাল পাত ধারকের দুই প্লেটের মাঝে ডাই-ইলেকট্রিক পদার্থ ঢুকালে তার সঞ্চিত শক্তি পাঁচগুণ বৃদ্ধি পায়। ঐ পদার্থের ডাই-ইলেকট্রিক ধ্রুবকের মান হয়- [SAU'17-18] [Ans: c]

(a) $\frac{1}{25}$ (b) $\frac{1}{5}$ (c) 5 (d) 25

09. যদি একটি তড়িৎক্ষেত্রের কোনো বিন্দুতে 2 C আধান 5 N বল অনুভব করে তাহলে ঐ বিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান কত হবে?

(a) 1.5 NC^{-1} (b) 2.1 NC^{-1} (c) 2.2 NC^{-1} (d) 2.5 NC^{-1} [JGVC'17-18]

সমাধান: (d); $E = \frac{F}{q} = \frac{5N}{2C} = 2.5NC^{-1}$

10. $10^{-6}C$ এবং $2 \times 10^{-6}C$ মানের দুইটি আধান বিন্দু পরস্পর হতে 10 cm দূরে অবস্থিত। আধান দুটির সংযোগকারী রেখার কোন বিন্দুতে তড়িৎ প্রাবল্য শূন্য হবে? [BAU'16-17]

(a) 4.14 cm (b) 4.86 cm (c) 6.21 cm (d) 8.32 cm

সমাধান: (a); $\frac{10^{-6}}{x^2} = \frac{2\times10^{-6}}{(0.1-x)^2} \Rightarrow x = 4.14$ cm

11. একটি সুষম তড়িৎক্ষেত্রে 50 cm ব্যবধানে অবস্থিত দুইটি বিন্দুর বিভব পার্থক্য 200 V হলে তড়িৎক্ষেত্রের প্রাবল্য কত? [SBAU'09-10, SAU'14-15]

(a) 200 Vm^{-1} (b) 400 Vm^{-1} (c) 600 Vm^{-1} (d) 800 Vm^{-1}

সমাধান: (b); $V = Ed \Rightarrow E = \frac{V}{d} = \frac{200}{0.5} = 400\ Vm^{-1}$

12. কোন তড়িৎক্ষেত্রের প্রাবল্য কত হলে সেখানে একটি ইলেকট্রনের ওজনের সমান বল অনুভব করবে? ইলেকট্রনের ভর $= 9.1 \times 10^{-31}$ কেজি এবং আধান $= 1.6 \times 10^{-19}$ কুলম্ব। [SAU'14-15]

(a) 5.57×10^{-11} নিউটন/কুলম্ব (b) 6.57×10^{-11} নিউটন/কুলম্ব

(c) 7.57×10^{-11} নিউটন/কুলম্ব (d) 8.57×10^{-11} নিউটন/কুলম্ব

সমাধান: (a); $mg = Eq \Rightarrow E = \frac{mg}{q} = 5.57 \times 10^{-11}\ NC^{-1}$

13. একটি সুষম তড়িৎক্ষেত্রে 25 সে.মি. ব্যবধানে অবস্থিত দুটি বিন্দু A ও B এর বিভব পার্থক্য 125 V। তড়িৎক্ষেত্রটির প্রাবল্য কত?

(a) 250 Vm^{-1} (b) 500 Vm^{-1} (c) 500 m (d) 200 m [SBAU'16-17]

সমাধান: (b); $E = \frac{V}{d} = 500\ Vm^{-1}$

14. আধান ও বিভবের গুণফলের একক কী? [RU'16-17]

(a) জুল (b) ভোল্ট (c) ফ্যারাড (d) হেনরি

সমাধান: (a); একক $= C \times V = C \times JC^{-1} = J$

15. গোলকের অভ্যন্তরে প্রাবল্যের মান– [JGVC'16-17] [Ans: d]

(a) কম (b) বেশি (c) সমান (d) শূন্য

16. 20μF এর চার্জবিহীন একটি ক্যাপাসিটরের মধ্যে দিয়ে 4 A তড়িৎ প্রবাহ (ডি.সি) 3 মিলিসেকেন্ডের জন্য প্রবাহিত করা হলো। ক্যাপাসিটরের দুই পাতের বিভব পার্থক্য কত? [JGVC'14-15, JGVC'14-15]

(a) 150 V (b) 300 V (c) 450 V (d) 600 V

সমাধান: (d); $V = \left(\frac{q}{c}\right) \Rightarrow V = \left(\frac{3\times10^{-3}\times4}{20\times10^{-6}}\right) \Rightarrow V = 600$ V

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

17. একটি সমান্তরাল পাত ধারকে চার্জের পরিমাণ 25C। যদি প্রতিটি পাতের কার্যকরী ক্ষেত্রফল $5cm^2$ হয় তড়িৎক্ষেত্রে তড়িৎ ঘনত্ব কত হবে– [CVASU'14-15]

(a) $40\ kCm^{-2}$ (b) $50\ kCm^{-2}$ (c) $60\ kCm^{-2}$ (d) $70\ kCm^{-2}$

সমাধান: (b); $\sigma = \frac{Q}{A} = \frac{25}{5\times10^{-4}} = 50000\ Cm^{-2} = 50\ kCm^{-2}$

18. একটি গোলকের ব্যাসার্ধ হলো 9×10^9 m। গোলকটির ধারকত্ব হলো — [CVASU'14-15]

(a) 1μF (b) 1ρF (c) 10F (d) 1F

সমাধান: (d); গোলকের ধারকত্ব $C = 4\pi\ \epsilon_0 \times r = \left(\frac{1}{9\times10^9} \times 9 \times 10^9\right) = 1\ F$

19. 6.24×10^{21} গুলিটি ইলেকট্রন কী পরিমাণ তড়িৎ বহন করে? [CVASU'13-14]

(a) 500 কুলম্ব (b) 1000 কুলম্ব (c) 1500 কুলম্ব (d) 2000 কুলম্ব

সমাধান: (b); $Q = 6.24 \times 10^{21} \times 1.6 \times 10^{-19} = 998.4 \approx 1000$ কুলম্ব

20. সমান ধারকত্বের দুটি ধারকের সমান্তরাল সমবায়ে থাকাকালীন ধারকত্ব শ্রেণিবদ্ধ সমবায়ে ধারকত্বের কতগুণ হবে?

(a) দ্বিগুণ (b) তিনগুণ (c) চারগুণ (d) পাঁচগুণ [BAU'12-13]

সমাধান: (c); $\frac{C_p}{C_s} = \frac{C+C}{(C||C)} = \frac{2C}{\frac{C}{2}} = 4$

21. সমান ধারকত্বের তিনটি ধারককে শ্রেণি সমবায়ে সাজালে তুল্য ধারকত্ব প্রতিটি ধারকের কত গুণ হবে? [BAU'11-12]

(a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{3}$ (c) 3 (d) $\frac{1}{9}$

সমাধান: (b); ধরি, প্রতিটি ধারকের ধারকত্ব C; $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} = \frac{1}{C} + \frac{1}{C} + \frac{1}{C} = \frac{3}{C} \therefore C_s = \frac{C}{3}$ $\therefore$ প্রতিটি ধারকের $\frac{1}{3}$ গুণ।

22. কাঁচ এর তড়িৎ মাধ্যমাংক কত? [CVASU'11-12] [Ans: d]

(a) 2.30 (b) 2.80 (c) 2.95 (d) 5.10

23. বাতাসে 100 C চার্জ হতে 1 m দূরে কোন বিন্দুতে বৈদ্যুতিক প্রাবল্য কত? [SAU'12-13, SBAU'10-11]

(a) $9 \times 10^{11} NC^{-1}$ (b) $7 \times 10^4 NC^{-1}$ (c) $10 \times 10^2 NC^{-1}$ (d) $5 \times 10^4 NC^{-1}$

সমাধান: (a); $E = 9 \times 10^9 \times \frac{Q}{r^2} = 9 \times 10^9 \times \frac{100}{1} = 9 \times 10^{11} NC^{-1}$

24. 1 টি ইলেকট্রনের চার্জ এর পরিমাণ হল- [CVASU'10-11] [Ans: c]

(a) 1.602×10^{-17} কুলম্ব (b) 1.902×10^{-19} কুলম্ব (c) 1.602×10^{-19} কুলম্ব (d) 1.702×10^{-18} কুলম্ব

25. একটি পরিবাহকের ধারকত্ব 40F। এতে কত আধান প্রদান করলে এর বিভব 10V হবে? [CVASU'10-11] [Ans: a]

(a) 400 C (b) 320 C (c) 410 C (d) 380 C

26. কম জায়গায় বেশি তড়িৎ সঞ্চয় করে রাখার জন্য নিচের কোনটি ব্যবহার করা হয়? [SBAU'09-10] [Ans: a]

(a) ইলেকট্রো নাইট্রিক ধারক (b) অভ্রধারক (c) সিরামিক ধারক (d) পরিবর্তনীয় বায়ু ধারক

সমাধান: (a); কম জায়গায় বেশি তড়িৎ সঞ্চয় করে রাখার জন্য ইলেকট্রো নাইট্রিক ধারক ব্যবহার করা হয়।

27. 0.01 m এবং 0.03 m ব্যাসার্ধের দুটি গোলককে পরস্পরের পৃষ্ঠ হতে 0.20 m দূরত্বে রাখা হলো। প্রত্যেক গোলককে 100C চার্জ প্রদান করা হলে তাদের মধ্যে কত বল ক্রিয়া করবে? [BAU'08-09]

(a) $1.56 \times 10^{15} N$ (b) $1.56 \times 10^{13} N$ (c) $2.56 \times 10^{15} N$ (d) $2.25 \times 10^{15} N$

সমাধান: (a); এখানে, $d = 0.20m + 0.01m + 0.03m = 0.24m$; $Q_1 = Q_2 = 100C$, $F = ?$

আমরা জানি, $F = \frac{1}{4\pi\epsilon_0} \frac{Q_1Q_2}{d^2} = 9 \times 10^9 \times \frac{100\times100}{(0.24)^2} = 1.56\times10^{15} N$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

অধ্যায় ০৩
চল তড়িৎ

01. সমান্তরাল সমবায়ে যুক্ত 3 Ω এবং 2 Ω মানের দুইটি রোধকে একটি অজানা ভোল্টের কোষের সঙ্গে যুক্ত করলে তড়িৎপ্রবাহের মান 5 A পাওয়া গেল। রোধ দুইটি শ্রেণিবদ্ধভাবে যুক্ত করলে কত A তড়িৎপ্রবাহ পাওয়া যেত? **[Agri. Guccho'22-23]**

(a) 0.8 (b) 1.2 (c) 1.5 (d) 4.2

সমাধান: (b); $R_p = \left(\frac{1}{3}+\frac{1}{2}\right)^{-1} = \frac{6}{5}\Omega \therefore I = \frac{V}{R_p} \Rightarrow 5 = \frac{V}{\frac{6}{5}} \Rightarrow V = 6\ V$

এখন, $R_s = (3+2) = 5\Omega \therefore I = \frac{V}{R_s} = 1.2\ A$

02. একই উপাদানে তৈরি দুইটি রোধ A ও B। তাদের দৈর্ঘ্যের অনুপাত 2: 1 এবং ব্যাসের অনুপাত 4: 1 হলে তাদের রোধের অনুপাত কত হবে? **[Agri. Guccho'22-23]**

(a) 32: 1 (b) 8: 1 (c) 1: 4 (d) 1: 8

সমাধান: (d); $\frac{R_1}{R_2} = \frac{L_1}{L_2} \times \frac{A_2}{A_1} = \frac{2}{1} \times \left(\frac{1}{4}\right)^2 = \frac{1}{8} \Rightarrow R_1 : R_2 = 1:8$

03. 1200 W একটি ইস্ত্রি 30 মিনিট কাজ করলে, কত বৈদ্যুতিক শক্তির প্রয়োজন হবে? **[Agri. Guccho'21-22]**

(a) 0.6 kWh (b) 36 kWh (c) 600 kWh (d) 3600 kWh

সমাধান: (a); $W = pt \Rightarrow \frac{1200\times30\times60}{3600\times10^3} = 0.6\ kWh$

04. একটি তামার তারের রোধ R হলে, এর দ্বিগুণ দৈর্ঘ্য ও ব্যাসার্ধ বিশিষ্ট একটি তামার তারের রোধ কত? **[Agri. Guccho'20-21]**

(a) $\frac{R}{2}$ (b) $\frac{R}{4}$ (c) R (d) 2R

সমাধান: (a); $\frac{R_2}{R_1} = \frac{L_2A_1}{L_1A_2} = \frac{L_2}{L_1} \times \left(\frac{r_1}{r_2}\right)^2 = 2 \times \left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{2} \therefore R_2 = \frac{R_1}{2} = \frac{R}{2}$

05. 6 V শক্তির উৎস দ্বারা একটি বাতির মধ্য দিয়ে 0.3A বিদ্যুৎ 2 মিনিট ধরে প্রবাহিত করা হলো, এই 2 মিনিটে বাতিটি দ্বারা শক্তি ব্যয়ের পরিমাণ কত? **[Agri. Guccho'20-21]**

(a) 12 J (b) 1.8 J (c) 216 J (d) 220 J

সমাধান: (c); $W = VIt = 216\ J$

06. একটি ট্রানজিস্টর রেডিও 9 V ব্যাটারি দ্বারা 10 mW এ চলে। রেডিওটির মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহিত হয়? **[Agri. Guccho'19-20]**

(a) 1.11 A (b) 0.9 A (c) 0.9 mA (d) 1.11 mA

সমাধান: (d); $P = 10 \times 10^{-3}\ watt = 10^{-2}\ watt, V = 9V \therefore I = \frac{P}{V} = \frac{1}{9\times10^2} = 1.11\ mA$

07. বৃত্তাকার প্রস্থচ্ছেদের কোনো পরিবাহীর ব্যাসার্ধ অর্ধেক করা হলে কত রোধ হবে? **[Agri. Guccho'19-20]**

(a) এক-চতুর্থাংশ (b) অর্ধেক (c) দ্বিগুণ (d) চারগুণ

সমাধান: (d); $R \propto \frac{1}{A} \Rightarrow R \propto \frac{1}{r^2}$

অতএব, ব্যাসার্ধ অর্ধেক হলে রোধ হবে $\frac{1}{\left(\frac{1}{2}\right)^2} = 4$ গুণ।

08. একটি পরিবাহীর রোধ 25 Ω। এর মধ্য দিয়ে 1 A বিদ্যুৎ 5 মিনিট প্রবাহিত হলে কত ক্যালরি তাপ উৎপন্ন হয়? **[Agri. Guccho'19-20]**

(a) 450 cal (b) 900 cal (c) 1800 cal (d) 2700 cal

সমাধান: (c); $H = i^2Rt = 1^2 \times 25 \times 5 \times 60 = 7500J = 7500 \times 0.24\ cal = \frac{7500\times24}{100} = 1800\ cal$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

09. 100 Ω রোধের একটি গ্যালভানোমিটার 10 mA তড়িৎপ্রবাহ নিরাপদে গ্রহণ করতে পারে। 10 A তড়িৎপ্রবাহ মাপার জন্য কত রোধের শান্ট দরকার? [SAU'16-17, BAU'18-19]

(a) 0.1 Ω (b) 0.2 Ω (c) 0.3 Ω (d) 0.4 Ω

সমাধান: (a); $r = \frac{100}{1000-1} = 0.1001 \approx 0.1\ \Omega$

10. একটি ট্যানজেন্ট গ্যালভানোমিটারের মধ্যদিয়ে 5 A বিদুৎ প্রবাহিত করলে এর কাঁটা 30° কোণে বিক্ষেপিত হয়। গ্যালভানোমিটারটিতে কত অ্যাম্পিয়ার বিদ্যুৎ প্রবাহিত করলে কাঁটা 45° কোণে বিক্ষেপিত হবে? [BAU'18-19]

(a) $2\sqrt{3}$ A (b) $5\sqrt{3}$ A (c) $7\sqrt{2}$ A (d) $7\sqrt{3}$ A

সমাধান: (b); $I_1 = k\tan\theta_1;\ I_2 = k\tan\theta_2\ \therefore \frac{I_2}{\tan\theta_2} = \frac{I_1}{\tan\theta_1} \Rightarrow I_2 = \frac{5\times\tan45^\circ}{\tan30^\circ} = 5\sqrt{3}$

11. 100 Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের সান্ট জুড়ে দিলে মোট তড়িৎ প্রবাহের 10% গ্যালভানোমিটারের মধ্য দিয়ে প্রবাহিত হবে? [BAU'16-17, SAU'18-19]

(a) 10Ω (b) 10.11Ω (c) 11.11Ω (d) 12.12Ω

সমাধান: (c); $I_g = 0.1,\ I = \frac{S}{S+G}I \Rightarrow \frac{S}{S+100} = 0.1 \Rightarrow S = 11.11\ \Omega$

12. 10Ω এর রোধকে একটি কপার তারের সাথে সমান্তরালে যুক্ত করলে রোধ কত হবে? [SAU'18-19] [Ans: b]

(a) 100Ω (b) 0Ω (c) 0.01Ω (d) 0.1Ω

13. 40 ওয়াটের দুটি ইলেকট্রিক বাল্বকে সমান্তরাল বর্তনীতে যুক্ত করা হলে তাদের সম্মিলিত শক্তি হবে- [CVASU'18-19]

(a) 20 ওয়াট (b) 60 ওয়াট (c) 80 ওয়াট (d) 100 ওয়াট

সমাধান: (c); $R_{eq} = R||R = \frac{R}{2} \therefore P_{eq} = \frac{V^2}{R_{eq}} = \frac{V^2}{\frac{R}{2}} = 2\times\frac{V^2}{R} = 2\times P = 2\times 40 = 80\ W$

14. এক কিলোওয়াট আওয়ার হল- [CVASU'18-19] [Ans: a]

(a) 36×10^5joules (b) 36×10^3joules (c) 10^3 joules (d) 10^5joules

15. কোনো পরিবাহীর তাপমাত্রা কমে গেলে রোধ- [CVASU'18-19] [Ans: a]

(a) কমে (b) বাড়ে (c) শূন্য হয় (d) অপরিবর্তিত থাকে

16. কোনো বর্তনীতে গ্যালভানোমিটারের বিদ্যুৎ প্রবাহ শূন্য হবে যখন শান্ট রোধ- [CVASU'18-19] [Ans: b]

(a) ∞Ω (b) 0Ω (c) 0.1Ω (d) 0.5Ω

17. একটি কোষের তড়িচ্চালক শক্তি 1.5 V এবং অভ্যন্তরীণ রোধ 2 Ω। এর প্রান্তদ্বয় 10 Ω রোধের তার দিয়ে যুক্ত করলে কত তড়িৎ প্রবাহিত হবে? [SBAU'08-09, BAU'15-16, 17-18]

(a) 0.125 A (b) 1.125 A (c) 2.125 A (d) 3.125 A

সমাধান: (a); $I = \frac{E}{R+r} = \frac{1.5}{2+10} = 0.125\ A$

18. একটি ট্রান্সফরমারের মুখ্য কুন্ডলীর পাক সংখ্যা 50, ভোল্টেজ 200 V। এর গৌণ কুন্ডলীর পাক সংখ্যা 100 হলে ভোল্টেজ কত? [SAU'17-18]

(a) 400 V (b) 300 V (c) 200 V (d) 100 V

সমাধান: (a); $\frac{E_p}{E_s} = \frac{N_P}{N_s} \Rightarrow \frac{200}{E_s} = \frac{50}{100}\ \therefore E_s = 400\ V$

19. একটি ইলেকট্রিক মোটরের ক্ষমতা $\frac{1}{8}$ অশ্বশক্তি। যখন এটিকে 220V সরবরাহ লাইনের সাথে সংযোগ দেয়া হয় তখন এর মধ্যে কত বিদ্যুৎ প্রবাহিত হবে? [SAU'17-18]

(a) 0.424 A (b) 0.212 A (c) 0.244 A (d) 0.122 A

সমাধান: (a); $P = VI \Rightarrow \frac{1}{8}\times 746 = 220\times I\ \therefore\ I = 0.424$

20. একটি বাড়ির মেইন মিটারে 10A-220V লেখা আছে। 100W এর কতটি বাতি ঐ বাড়িতে নিরাপত্তার সাথে ব্যবহার করা যাবে? [SBAU'12-13, JGVC'14-15, 17-18]

(a) 20 (b) 22 (c) 24 (d) 26

সমাধান: (b); $nP = P';\ nP = VI;\ n = \frac{VI}{P} = \frac{220\times10}{100} = 22$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

21. একটি হুইটস্টোন ব্রিজের চার বাহুতে যথাক্রমে 5, 10, 15 এবং 60 ওহমের (Ω) রোধ যুক্ত আছে। চতুর্থ বাহুতে কত মানের একটি রোধ যুক্ত করলে ব্রিজটি সাম্যাবস্থায় আসবে? [SBAU'05-16, BAU'15-16, JGVC'17-18]

(a) 30 Ω (b) 50 Ω (c) 60 Ω (d) 80 Ω

সমাধান: (c); $\frac{P}{Q}=\frac{R}{S}\Rightarrow\frac{5}{10}=\frac{15}{S}\Rightarrow S=30\Omega$ $\therefore\frac{1}{S}=\frac{1}{R_1}+\frac{1}{R_2}\Rightarrow\frac{1}{30}=\frac{1}{60}+\frac{1}{R_2}$ $\therefore R_2=60\Omega$

22. 'ক' ইলেকট্রিক বাল্বের গায়ে লেখা আছে 10W – 200V এবং 'খ' বাল্বে লেখা আছে 20W – 100V। বাল্ব দুটিতে তড়িৎ প্রবাহিত হলে সম্ভাব্য তড়িৎ প্রবাহের অনুপাত কত হবে? [SBAU'16-17]

(a) 2:1 (b) 1:2 (c) 1:4 (d) 1:8

সমাধান: (c); $\frac{I_1}{I_2}=\frac{\frac{P_1}{V_1}}{\frac{P_2}{V_2}}=\frac{1}{4}$

23. একটি বৈদ্যুতিক ইস্ত্রিতে 220V-1000W লেখা আছে। এটির রোধ কত? [JGVC'16-17] [Ans: b]

(a) 0.5 Ω (b) 48.4 Ω (c) 42.5 Ω (d) 62 Ω

24. একমূখী বিদ্যুৎ প্রবাহের (DC) কম্পাঙ্ক কত? [CVASU'16-17]

(a)100 Hz (b) 20 Hz (c) 0 Hz (d) 10^4 Hz

সমাধান: (c); DC Current এর পর্যায়কাল $T=\infty\therefore F=\frac{1}{T}=0$

25. স্থির তাপমাত্রায় কোন পরিবাহীর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বৃদ্ধি করলে রোধ– [CVASU'16-17] [Ans: c]

(a) বৃদ্ধি পাবে (b) অপরিবর্তিত থাকবে (c) কমে যাবে (d) শূন্য হয়ে যাবে

26. কোনটি অন্তরক পদার্থ? [BAU'14-15] [Ans: a]

(a) কাঁচ (b) তামা (c) রূপা (d) সিলিকন

27. একটি 60 W এর বাতি 5 মিনিট জ্বালালে ব্যয়িত বিদ্যুৎ শক্তি হবে- [JGVC'13-14, BAU'14-15]

(a) 1800 J (b) 16000 J (c) 18000 J (d) 30000 J

সমাধান: (c); $W=Pt=(60\times5\times60)\,J=18000\,J$

28. একটি 120 W-60 V বাতিকে 220 V লাইনে লাগানো হলো। পূর্ণ উজ্জ্বলতায় জ্বলার জন্য বাতির সাথে শ্রেণি সমবায়ে কত রোধ লাগাতে হবে? [BAU'14-15]

(a) 40Ω (b) 80Ω (c) 100Ω (d) 120Ω

সমাধান: (b); $P=\frac{V^2}{R}\therefore R=30\Omega;30I=60,\ I=2A;\ (30+R')I=220\Rightarrow R'=80\Omega$

29. 400 W এর একটি হিটার কত সময় যাবৎ চালালে 96 Cal তাপ উৎপন্ন হবে? [BAU'14-15]


(a) 1 sec (b) 10 sec (c) 1 min (d) 1 h

সমাধান: (a); $W=Pt\Rightarrow96\times4.2=400\times t\Rightarrow t=1\ sec$

30. 25Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের একটি শান্ট যুক্ত করলে মোট প্রবাহমাত্রার 1% গ্যালভানোমিটারের মধ্য দিয়ে যাবে? [SBAU'14-15]

(a) 25.3Ω (b) $\frac{25}{99}\Omega$ (c) $\approx4\Omega$ (d) 1Ω

সমাধান: (b); $0.01\,I\times R=0.99\,I\times r\Rightarrow0.01\times25=0.99\times r\ \Rightarrow r=\frac{25}{99}\Omega$



31. কোনো বৈদ্যুতিক সরবরাহ লাইন 230 V, 5 A বিদ্যুৎ সরবরাহ করে। এই সরবরাহ লাইনে কতগুলি 100 W এর বৈদ্যুতিক বাতি সমান্তরাল সংযোগে জ্বালানো যাবে? [SAU'13-14]

(a) 15 (b) 14 (c) 13 (d) 11

সমাধান: (d); $nP=VI\Rightarrow n\times100=230\times5\Rightarrow n=\frac{230\times5}{100}=11.5\approx11$

32. যদি তামার তারের আপেক্ষিক রোধ $1.7\times10^{-8}\Omega m$ হয়, তাহলে 1200m লম্বা ও 12m ব্যাসের একটি তামার তারের রোধ কত? [JGVC'14-15]

(a) 0.12Ω (b) 14Ω (c) 0.16Ω (d) 0.18Ω

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

সমাধান: (সঠিক উত্তর নেই); $R = \rho\frac{L'}{A} = 1.7 \times 10^{-8} \times \frac{1200}{\left(\frac{12}{2}\right)^2 \times 3.1416} = 1.8 \times 10^{-7}\Omega$

33. সমান দৈর্ঘ্যের এবং একই উপাদানের দুই তারের রোধ যথাক্রমে 25Ω এবং 49Ω। তাদের ব্যাসদ্বয়ের অনুপাত কত?

(a) $\frac{d_1}{d_2} = 1.4$ (b) $\frac{d_1}{d_2} = 1.8$ (c) $\frac{d_1}{d_2} = 2.2$ (d) $\frac{d_1}{d_2} = 2.5$ [JGVC'14-15]

সমাধান: (a); $\frac{R_1}{R_2} = \frac{r_2^2}{r_1^2} \Rightarrow \frac{r_1}{r_2} = \sqrt{\frac{R_2}{R_1}} = \frac{7}{5} = 1.4$

34. 6 Ω রোধের একটি তারকে টেনে তিনগুণ লম্বা করা হলে তারটির পরিবর্তিত বর্তমান রোধ কত হবে?

[BAU'08-09; SBAU'07-08, 10-11; BSMRAU'14-15; JGVC'13-14]

(a) 44 Ω (b) 54 Ω (c) 64 Ω (d) 69 Ω

সমাধান: (b); $R_2 = n^2R_1 = 3^2 \times 6 = 54\Omega$

35. 20Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে 0.20Ω রোধের একটি সান্ট যুক্ত করলে মোট তড়িৎ প্রবাহ মাত্রার কতটুকু গ্যালভানোমিটারের মধ্য দিয়ে যাবে? [BAU'12-13]

(a) 1% (b) 2% (c) 10% (d) 99%

সমাধান: (a); $n = \frac{20}{0.2} = 100 \quad \therefore s = \frac{1}{(100+1)} \times 100 = 1\%$

36. 20 Ω রোধের তারকে টেনে এমনভাবে লম্বা করা হলো যাতে দৈর্ঘ্য দ্বিগুণ ও প্রস্থচ্ছেদ অর্ধেক হয়। তারটির রোধ কত ওহম হবে?

(a) 60 Ω (b) 70 Ω (c) 80 Ω (d) 75 Ω [BAU'12-13]

সমাধান: (c); $R' = \rho\frac{L_1}{A_1} = \rho.\frac{2L}{\frac{A}{2}} = 4\rho\frac{L}{A} = 4R = 80\ \Omega$

37. একটি মিটার ব্রিজের বাম ফাঁকে 20 Ω এর একটি প্রমাণ রোধ এবং ডান ফাঁকে একটি অজ্ঞাত রোধ স্থাপন করায় বাম প্রান্ত থেকে 0.2 m দূরে নিরপেক্ষ বিন্দু পাওয়া গেলে অজ্ঞাত রোধটি হবে- [SAU'12-13]

(a) 20 Ω (b) 40 Ω (c) 60 Ω (d) 80 Ω

সমাধান: (d); $\frac{P}{Q} = \frac{l}{100-l} \Rightarrow \frac{20}{Q} = \frac{20}{100-20} \Rightarrow Q = 80\ \Omega$

38. তড়িৎ প্রবাহের ফলে থার্মোকাপলের সংযোগ স্থানে তাপের উৎপত্তি শোষণকে বলে — [SAU'12-13] [Ans: b]

(a) সিবেক ক্রিয়া (b) পেলশিয়ার ক্রিয়া (c) থমসন ক্রিয়া (d) ফ্যারাডে ক্রিয়া

39. কোন বাড়িতে 18 W এর 2টি ও 32 W এর 2 টি বাতি এবং 80 W এর 1 টি ফ্যান প্রতিদিন 5.5 ঘন্টা করে চললে 1 মাসে কত ইউনিট বিদ্যুৎ ব্যয় হবে? [SAU'12-13]

(a) 27 (b) 29.7 (c) 297 (d) 30

সমাধান: (b); ব্যয়িত বিদ্যুৎ $= \frac{(18\times2+2\times32+80)\times5.5\times30}{1000} = 29.7$ k Wh

40. কোন যন্ত্রের সাহায্যে বিভব পতন পদ্ধতিতে বিভব পার্থক্য ও তড়িৎ চালক শক্তি পরিমাপ করা যায়? [BAU'11-12]

(a) মিটার ব্রিজ (b) কম্যুটেটর (c) ভোল্ট মিটার (d) পটেনশিওমিটার

সমাধান: (d); পটেনশিওমিটারের সাহায্যে বিভব পার্থক্য ও তড়িৎচ্চালক শক্তি পরিমাপ করা যায়। এর সাহায্যে বিদ্যুৎ প্রবাহ এবং রোধও নির্ণয় করা যায়।

41. 5Ω রোধের একটি রোধকের মধ্যে দিয়ে প্রতি মিনিটে 720 C চার্জ প্রবাহিত হলে রোধকটির বিভব পার্থক্য কত? [BAU'11-12]

(a) 50 V (b) 62 V (c) 60 V (d) 68 V

সমাধান: (c); $V = IR = \frac{QR}{t} = \frac{720}{60} \times 5 = 60$ V

42. যে যন্ত্রের সাহায্যে কোন বর্তনীর তড়িৎপ্রবাহ মাপা হয় তাকে বলে– [BAU'11-12,07-08]

(a) অ্যামিটার (b) ভোল্টমিটার (c) গ্যালভানোমিটার (d) তড়িৎ প্রবাহ মিটার

সমাধান: (a); • তড়িৎ প্রবাহ পরিমাপ করা হয় অ্যামিটার দ্বারা। • বিভব পার্থক্য পরিমাপ করা হয় ভোল্টমিটার দ্বারা।

43. একটি বৈদ্যুতিক বাল্বের গায়ে লেখা আছে 100W – 200V। এর রোধ কত? [CVASU'13-14, SBAU'11-12]

(a) 200Ω (b) 300Ω (c) 400Ω (d) 600Ω

সমাধান: (c); $P = \frac{V^2}{R} \therefore R = \frac{V^2}{P} = \frac{200^2}{100} = 400$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

44. নির্দিষ্ট তাপমাত্রায় নির্দিষ্ট উপাদানের পরিবাহকের দৈর্ঘ্য স্থির থাকলে পরিবাহকের রোধ তার প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের– [CVASU'11-12] [Ans: b]

(a) সমানুপাতিক (b) ব্যস্তানুপাতিক (c) সমান (d) উপর-নির্ভর করে না

45. মিটার ব্রিজের তারের দৈর্ঘ্য – [CVASU'11-12] [Ans: c]

(a) 2 m (b) 0.50 m (c) 1 m (d) 0.75 m

46. একটি বৈদ্যুতিক হিটার 220 V সরবরাহ লাইন থেকে 2 A বিদ্যুৎ গ্রহণ করে। হিটারটি 500 hr ব্যবহার করলে কত kW-hr ব্যয় হবে? [SAU'10-11,SBAU'09-10]

(a) 250 (b) 200 (c) 220 (d) 500

সমাধান: (c); এখানে, $V = 220\ V; I = 2A; t = 500\ hr$

$W = Vlt = 220 \times 2 \times 500\ W.hr. = \frac{220\times2\times500}{1000}\ kW\text{-}hr = 220\ kW\text{-}hr$

47. সৌরকোষে উৎপাদিত AC বিদ্যুৎ প্রবাহকে কীসের মাধ্যমে DC বিদ্যুতে রূপান্তরিত করা হয়? [SBAU'10-11]

(a) রেক্টিফায়ার (b) ট্রানজিস্টর (c) ইনভার্টার (d) অ্যামপ্লিফায়ার

সমাধান: (a); (i) রেক্টিফায়ার DC প্রবাহকে AC প্রবাহে রূপান্তরিত করে। (ii) অ্যাম্প্লিফায়ার শব্দকে বিবর্ধিত করে।
(iii) সিগন্যালকে স্বল্প রোধ থেকে উচ্চ রোধে ট্রান্সফার করে ট্রানজিস্টর।

48. 0.48 m দীর্ঘ ও 0.12 mm ব্যাসের একটি তারের রোধ 15 Ω হলে তারটির উপাদানের আপেক্ষিক রোধ কত? [SBAU'10-11]

(a) $4.63 \times 10^{-2}\Omega m$ (b) $5.53 \times 10^{-3}\Omega m$ (c) $3.53 \times 10^{-7}\Omega m$ (d) $2.21 \times 10^{-7}\Omega m$

সমাধান: (c); $\rho = \frac{RA}{L} = \frac{R\times\pi r^2}{L} = \frac{15\times3.14\times(6\times10^{-5})^2}{0.48} = 3.53 \times 10^{-7}\Omega$

49. একটি 60 W বাতি 5 মিনিট জ্বললে বিদ্যুৎ শক্তির পরিমাণ কত হবে? [BAU'09-10]

(a) 12000 J (b) 16000 J (c) 18000 J (d) 33000 J

সমাধান: (c); $P = 60W; t = 5min = 5 \times 60\ sec; W = Pt = 60\times5\times60J = 18000J$

50. কোনো পরিবাহকের দুই প্রান্তের বিভব পার্থক্য এক ভোল্ট হলে এবং তার মধ্যে দিয়ে এক এ্যাম্পিয়ার তড়িৎ প্রবাহ চললে সেই পরিবাহকের পরিবাহিতাকে কি বলে? [SBAU'09-10]

(a) সিমেন্স (b) জুল (c) ওহম (d) ওয়াট

সমাধান: (a); কোনো পরিবাহকের দুই প্রান্তের বিভব পার্থক্য এক ভোল্ট হলে এবং তার মধ্য দিয়ে এক অ্যাম্পিয়ার তড়িৎ প্রবাহ চললে পরিবাহকের পরিবাহিতাকে এক সিমেন্স বলে।

51. নীচের কোনটি দুই তরল বিদ্যুৎ কোষ? [SBAU'09-10]

(a) ড্যানিয়েল কোষ (b) লেকল্যান্স (c) টর্চ কোষ (d) বাইক্রোমেট বিদ্যুৎ কোষ

সমাধান: (a); বিদ্যুৎ কোষ দুই প্রকার- ১. মৌলিক কোষ ২. গৌণ কোষ বা সঞ্চয়ী কোষ।
মৌলিক কোষ আবার দুই ধরনের – ১. এক প্রবাহী/তরল কোষ: লেকল্যান্স কোষ, শুষ্ক কোষ, বাইক্রোমেট কোষ।
২. দুই প্রবাহী/তরল কোষ: ড্যানিয়েল কোষ, বুনসেন কোষ।

52. একটি মোটরগাড়ীর হেড লাইটের ফিলামেন্ট 5A তড়িৎ প্রবাহ বহন করে। প্রান্তদ্বয়ের বিভব পার্থক্য 6V হলে ফিলামেন্টের রোধ কত? [SBAU'09-10]

(a) 2.1Ω (b) 1.25Ω (c) 1.2Ω (d) 1.0Ω

সমাধান: (c); এখানে, $I = 5\ A; V = 6\ V; R = ?;\ R = \frac{V}{I} = \frac{6}{5}\Omega = 1.2\Omega$

53. প্রতিটি 5V এবং অভ্যন্তরীণ রোধ 2.5Ω এর দুটি বিদ্যুৎ কোষ শ্রেণি সমবায়ে সাজিয়ে এদের প্রান্তগুলোকে 95Ω রোধের পরিবাহী দ্বারা যুক্ত করলে বিদ্যুৎ প্রবাহের মাত্রা কত হবে? [BAU'08-09]

(a) 0.1A (b) 1.0A (c) 10A (d) 100A

সমাধান: (a); শ্রেণি সমবায়ের ক্ষেত্রে, $I = \frac{nE}{R+nr} = \frac{2\times5}{95+2\times2.5} = 0.1A$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

অধ্যায় ০৭
ভৌত আলোকবিজ্ঞান

01. নিচের কোন বর্ণের আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি? [Agri. Guccho'21-22] [Ans: d]
(a) নীল (b) হলুদ (c) বেগুনি (d) কমলা

02. দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্যের পাল্লা কত? [Agri. Guccho'21-22] [Ans: b]
(a) $(8-4)\times10^{-7}$m (b) $(7-4)\times10^{-7}$m (c) $(10-4)\times10^{-10}$m (d) $(4-1)\times10^{-7}$m

03. 1 আলোক বর্ষ =? [Agri. Guccho'21-22] [Ans: b]
(a) 3×10^{8} km (b) 9.46×10^{12} km (c) 2.46×10^{12} km (d) 5.46×10^{12} km

04. কোনটি তড়িৎচৌম্বকীয় তরঙ্গ নয়? [Agri. Guccho'19-20] [Ans: d]
(a) Radio wave (b) X-ray
(c) Gamma ray (d) Ultrasound

05. নিচের কোন বৈশিষ্ট্যের দ্বারা আড় তরঙ্গ চেনা যাবে? [Agri. Guccho'19-20] [Ans: c]
(a) প্রতিফলন (b) ব্যতিচার
(c) সমবর্তন (d) অপবর্তন

06. একটি সমতল অপবর্তন গ্রেটিং এ প্রতি সেন্টিমিটারে 3000 টি রেখা আছে। এ গ্রেটিংকে 5.556×10^{-7}m তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট একবর্ণী আলোক রশ্মি দিয়ে আলোকিত করা হলো। তৃতীয় ক্রমের অপবর্তন কোণ কত হবে? [BAU'18-19]
(a) 0° (b) 30° (c) 45° (d) 60°
সমাধান: (b); $\sin\theta = n\lambda N = 3\times5.556\times10^{-7}\times3000\times100 = 0.5 \therefore \theta = 30°$

07. ইয়ং এর পরীক্ষায় নিচের কোনটি উজ্জ্বল বিন্দুর জন্য শর্ত নয়? [SAU'17-18] [Ans: d]
(a) $x = n\lambda$ (b) $x = 2n\left(\frac{\lambda}{2}\right)$
(c) $\cos\left(\frac{\pi x}{\lambda}\right) = 1$ (d) $x = (2n+1)\frac{\lambda}{2}$

08. ব্যতিচারের শর্ত কোনটি? [JGVC'17-18] [Ans: d]
(a) তরঙ্গদ্বয়ের বিস্তার অসমান (b) তরঙ্গদ্বয় একই তলে সীমাবদ্ধ
(c) সরু চিরের মধ্য দিয়ে যাওয়া (d) উৎসগুলো সূক্ষ্ম হওয়া

09. কোনো মাধ্যমের আপেক্ষিক প্রবেশ্যতা 1.08 এবং ডাই-ইলেকট্রিক ধ্রুবক 1.005 হলে ঐ মাধ্যমে আলোর বেগ কত? [BAU'16-17]
(a) 0.88×10^{8} ms^{-1} (b) 2.08×10^{8} ms^{-1}
(c) 2.88×10^{8} ms^{-1} (d) $3.25\times10^{8}ms^{-1}$
সমাধান: (c); $c = \frac{1}{\sqrt{\mu\epsilon}} = \frac{1}{\sqrt{\mu_r\epsilon_r\mu_0\epsilon_0}} = \frac{1}{\sqrt{1.08\times1.005\,\mu_0\epsilon_0}} = 2.88\times10^{8}$ ms^{-1}

10. নিচের কোন তরঙ্গদৈর্ঘ্যের পাল্লাটি বেতার তরঙ্গকে অর্ন্তভুক্ত করে? [SAU'16-17] [Ans: b]
(a) $5\times10^{-7}m - 5\times10^{-9}m$ (b) $10^{-4}m - 5\times10^{-4}m$
(c) $6\times10^{-7}m - 4\times10^{-7}m$ (d) $10^{-6}m - 10^{-8}m$

মেডিস্ট্রি
▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

11. সোডিয়ামকে উত্তপ্ত করলে কোন রেখা পাওয়া যায়? [SAU'14-15] [Ans: d]

(a) আকাশী (b) নীল

(c) লাল (d) হলুদ

12. শূন্যস্থানে তাড়িতচৌম্বক তরঙ্গের বেগের সমীকরণ কোনটি? [SBAU'13-14] [Ans: a]

(a) $c = \sqrt{\frac{1}{\mu_0 \varepsilon_0}}$ (b) $c = \sqrt{\mu_0 \varepsilon_0}$

(c) $c = \mu_0 \varepsilon_0$ (d) $c = \frac{\mu_0}{\varepsilon_0}$

13. আলো যখন এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে প্রবেশ করে তখন যে ভৌত রাশিটি স্থির থাকে তা হল– [SBAU'13-14] [Ans: c]

(a) বেগ (b) তরঙ্গ দৈর্ঘ্য

(c) কম্পাঙ্ক (d) তরঙ্গ দূরত্ব

14. একটি রেডিও স্টেশন 300 m তরঙ্গদৈর্ঘ্য অনুষ্ঠান প্রচার করে। এর কম্পাঙ্ক কত? [SAU'13-14]

(a) 1 Hz (b) 300 kHz

(c) 1 MHz (d) 1 kHz

সমাধান: (c); $f = \frac{c}{\lambda} = \frac{3\times10^8}{300} = 10^6 \text{ Hz} = 1 \text{ MHz}$

15. ওজোনস্তর কর্তৃক বিকীর্ণ তাপ হলো– [CVASU'13-14] [Ans: a]

(a) দৃশ্যমান (b) অবলোহিত

(c) অতিবেগুনী (d) গামা-রশ্মি

16. একটি রৈখিক-সমবর্তিত আলোর ক্ষেত্রে — [CVASU'13-14] [Ans: d]

(a) চতুর্দিকে পরিবর্তন সাধিত হয়

(b) কোনো পরিবর্তন সাধিত হয় না

(c) আলোর তরঙ্গ যেদিকে সঞ্চালিত হয় তার লম্ব বরাবর পরিবর্তন সাধিত হয়

(d) দুই দিকে লম্ব বরাবর পরিবর্তন সাধিত হয়

17. বিকীর্ণ তাপের কোনটি ঘটে না? [CVASU'12-13] [Ans: c]

(a) ব্যতিচার (b) অপবর্তন

(c) পোলারায়ন (d) সমবর্তন

18. একটি রঙ্গিন আলোর তরঙ্গদের্ঘ্য বাতাসে 4000 Å পানিতে ঐ আলোর তরঙ্গদৈর্ঘ্য — [SAU'10-11] [Ans: d]

(a) 5000 Å (b) 4000 Å

(c) 3750 Å (d) 3077 Å

19. আলো একটি — [SAU'10-11] [Ans: d]

(a) তরঙ্গ (b) তড়িৎ চৌম্বকীয় তরঙ্গ

(c) আড় তরঙ্গ (d) সবগুলোই

20. নিচের কোনটি তড়িৎ চুম্বকীয় তরঙ্গ? [SAU'10-11] [Ans: d]

(a) বেতার তরঙ্গ (b) গামা রশ্মি

(c) অবলোহিত রশ্মি (d) সবগুলোই

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০৮
আধুনিক পদার্থবিজ্ঞানের সূচনা

01. একটি বস্তুকণার মোট শক্তি পরিমাপ করে এর স্থিতাবস্থার তিনগুণ পাওয়া গেল। বস্তুটির দ্রুতি কত? [BAU'13-14,15-16, 18-19, SBAU'13-14,14-15]

(a) $\frac{\sqrt{3}}{2}c$ (b) $\frac{2}{\sqrt{3}}c$ (c) $\frac{2\sqrt{2}}{3}c$ (d) $\frac{3}{2\sqrt{2}}c$

সমাধান: (c); $\frac{m_o}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} = 3m_o \Rightarrow 1-\frac{v^2}{c^2} = \frac{1}{9} \Rightarrow v = \frac{2\sqrt{2}}{3}c$

02. একটি ফোটনের তরঙ্গ দৈর্ঘ্য 3000 Å হলে এর কম্পাঙ্ক হবে- [CVASU'18-19]

(a) 10^{15}Hz (b) 10^{10}Hz (c) 10^{8}Hz (d) 10^{5}Hz

সমাধান: (a); $f = \frac{c}{\lambda} = \frac{3\times10^8}{3000\times10^{-10}}$ Hz $= 10^{15}$Hz

03. একটি নির্দিষ্ট বছরে কোন একটি দেশে মোট 7.5×10^{11} kWh বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হলে, কতটুকু ভর শক্তিতে রূপান্তরিত হবে? [BAU'13-14,17-18]

(a) 30 kg (b) 150 kg (c) 3.6×10^3 kg (d) 7.5×10^3 kg

সমাধান: (a); $E = mc^2 \therefore m = \frac{E}{c^2} = \frac{7.5\times10^{11}\times10^3\times3600}{(3\times10^8)^2}$ kg $= 30$ kg

04. কৃষ্ণকায়ার একক ক্ষেত্রফল হতে প্রতি সেকেন্ডে যে তাপশক্তি নিঃসৃত হয় তা পরম তাপমাত্রার সাথে কীভাবে সম্পর্কিত? [BAU'17-18]

(a) $E \propto T$ (b) $E \propto T^2$ (c) $E \propto T^4$ (d) $E \propto T^5$

সমাধান: (c); কোন কৃষ্ণকায়া থেকে বিকীর্ণ তাপের সমীকরণ, $E = Ae\sigma T^4 t$ । যদি $A = 1, t = 1$ এবং বস্তুটি আদর্শ কৃষ্ণবস্তু অর্থাৎ $e = 1$ হয় তবে, $E \propto T^4$ [কারণ,σ একটি ধ্রুবক। এটি স্টেফানের ধ্রুবক নামে পরিচিত। $\sigma = 5.7 \times 10^{-8} Wm^{-2}K^{-4}$]

অর্থাৎ, কৃষ্ণকায়ার একক ক্ষেত্রফল থেকে প্রতি সেকেন্ডে বিকীর্ণ তাপের পরিমাণ এর পরম তাপমাত্রার চতুর্থ ঘাতের সমানুপাতিক।

05. কোন দেশে উৎপাদিত তড়িৎ শক্তির পরিমাণ বছরে 5.5×10^{11}kWh। রূপান্তরিত ভরের পরিমাণ কত? [BAU'16-17]

(a) 12 kg (b) 20 kg (c) 22 kg (d) 25 kg

সমাধান: (c); 1 kWh $= 3.6 \times 10^6$J

$\therefore 5.5 \times 10^{11}$ kWh $= 5.5 \times 10^{11} \times 3.6 \times 10^6 = m \times (3 \times 10^8)^2 \Rightarrow m = 22$kg

06. একটি কণার বেগ কত হলে এর ভর দ্বিগুণ হবে? [CVASU'14-15] [SBAU'16-17]

(a) $\frac{\sqrt{3}}{2}C$ (b) $\frac{3}{2}C$ (c) $2C$ (d) $\frac{1}{2}C$

সমাধান: (a); $2m = \frac{m}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} \Rightarrow 1-\frac{v^2}{c^2} = \frac{1}{4} \Rightarrow \frac{v^2}{c^2} = \frac{3}{4} \Rightarrow v = \frac{\sqrt{3}}{2}C$

07. কৃষিক্ষেত্রে বীজের গুণগতমান যাচাইয়ের জন্য ব্যবহৃত হয়– [RU'16-17] [Ans: b]

(a) লেজার-রশ্মি (b) এক্স রশ্মি (c) ক্যাথোড রশ্মি (d) কোনোটিই নয়

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

08. ক্যান্সার ও চর্মরোগ চিকিৎসায় কোনটি ব্যবহৃত হয়? [RU'16-17] [Ans: a]

(a) রেডিও আইসোটোপ (b) X–ray (c) MRI (d) অ্যান্টিবায়োটিক

09. একজন লোকের ভর 90 kg। কত বেগের উড়ন্ত রকেটে থাকাকালীন মাটিতে অবস্থিত একজন পর্যবেক্ষকের নিকট তার ভর 100 kg হবে? [CVASU'16-17] [Ans: d]

(a) $4.23 \times 10^{7}\ ms^{-1}$ (b) $12 \times 10^{10}\ ms^{-1}$

(c) $6.03 \times 10^{10}\ ms^{-1}$ (d) $1.31 \times 10^{8}\ ms^{-1}$

10. মাইকেলসন মর্লির ইথার সম্পর্কিত সমস্যার সমাধান করেন কে? [JGVC'16-17] [Ans: c]

(a) ম্যাক্সওয়েল (b) ডপলার (c) আইনস্টাইন (d) স্টিফেন হকিং

11. 6630×10^{-10} m তরঙ্গ দৈর্ঘ্যের ফোটনের শক্তি কত? [BAU'13-14,15-16]

(a) 0.875 eV (b) 1.875 eV (c) 2.875 eV (d) 3.875 eV

সমাধান: (b); $E = hv = \frac{hc}{\lambda} = 2.998 \times 10^{-19}J = \frac{2.998\times10^{-19}}{1.6\times10^{-19}}eV = 1.875eV$

12. হলোগ্রাফি তৈরিতে কোন রশ্মি ব্যবহৃত হয়? [BAU'14-15] [Ans: c]

(a) ক্যাথোড রশ্মি (b) গামা রশ্মি (c) লেজার রশ্মি (d) এক্স রশ্মি

13. একটি ধাতব পদার্থের সূচন শক্তি হলো 1.07 eV। এর সূচন কম্পাঙ্ক বের কর? [CVASU'14-15]

(a) 2.58×10^{14} Hz (b) 1.71×10^{14} Hz (c) 1.07×10^{14} Hz (d) 3×10^{7} Hz

সমাধান: (a); $E_0 = hf_0 \Rightarrow f_0 = \frac{1.07\times1.6\times10^{-19}}{6.63\times10^{-34}} = 2.58 \times 10^{14}$ Hz

14. প্লাটিনামের কার্যাপেক্ষক 6.31 eV হলে সূচন কম্পাঙ্ক কত? [BSMRAU'14-15]

(a) 15.24×10^{14}Hz (b) 15.28×10^{10}Hz (c) 1.54×10^{11}Hz (d) 1.7×10^{14}Hz

সমাধান:(a); এখানে, প্লাটিনামের কার্যাপেক্ষক, $W_0 = 6.31eV = 6.31 \times 1.6 \times 10^{-19}J$

প্লাংক ধ্রুবক $h = 6.63 \times 10^{-34}JS$; সূচন কম্পাঙ্ক, $f_0 = ?$

আমরা জানি, $W_0 = hf_0 \Rightarrow f_0 = \frac{W_0}{h} = \frac{6.31\times1.6\times10^{-19}}{6.63\times10^{-34}}Hz = 15.24 \times 10^{14}Hz$

15. একটি বস্তুর নিশ্চল ভর এবং চলমান ভরের মধ্যে সম্পর্ক হলো- [SBAU'14-15] [Ans: b]

(a) $m = m_o\sqrt{1-\frac{v^2}{c^2}}$ (b) $m = \frac{m_o}{\sqrt{1-\frac{v^2}{c^2}}}$ (c) $m = \frac{m_o}{1-\frac{v^2}{c^2}}$ (d) $m = m_o$

16. একটি কৃষ্ণবস্তুর তাপমাত্রা 27°C থেকে 327°C এ বৃদ্ধি পায় তবে তাপ বিকিরণের বৃদ্ধি কত হবে? [BAU'13-14] [Ans: b]

(a) 10 গুণ (b) 16 গুণ (c) $\frac{327°}{27}$ গুণ (d) 20 গুণ

17. কোন ব্যক্তির দেহের ক্ষেত্রফল 1.9 m^2। মানবদেহকে আদর্শ কৃষ্ণকায়া বিবেচনা করলে ঐ ব্যক্তি কী হারে তাপ হারাবে যখন কক্ষ তাপমাত্রা 22°C? (মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা 37°C এবং $G = 5.7 \times 10^{-2}Wm^{-2}K^{-4}$) [SAU'13-14] [Ans: b]

(a) 177.98 W (b) 179.98 W (c) 119.98 W (d) 199.98 W

18. একটি কৃষ্ণবস্তু 400 K তাপমাত্রায় কী পরিমাণ শক্তি বিকিরণ করবে? [BAU'12-13]

(a) 1351.25 Wm^{-2} (b) 1415.52 Wm^{-2} (c) 1451.52 Wm^{-2} (d) 1541.52 Wm^{-2}

সমাধান: (c); $E = \sigma T^4 = 5.67\times10^{-8}\times(400)^4 = 1451.52\ Wm^{-2}$

19. যদি কোনো আণবিক বোমার ফিশন প্রক্রিয়ায় 1 kg ভর লোপ পায় তবে নির্গত শক্তি কত হবে? [SAU'13-14, BAU'12-13]

(a) $3 \times 10^{19}J$ (b) $4.5 \times 10^{19}J$ (c) $6 \times 10^{19}J$ (d) $9 \times 10^{16}J$

সমাধান: (d); $E = mc^2 = 1 \times (3 \times 10^8)^2 = 9 \times 10^{16}$Joule

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

20. একজন মহাশূন্যচারী 25 বছর বয়সে $1.8\times10^8\ ms^{-1}$ বেগে গতিশীল একটি মহাশূন্যযানে চড়ে মহাকাশে ভ্রমণে গেলেন। পৃথিবীর হিসেবে তিনি 30 বছর মহাকাশে কাটিয়ে পৃথিবীতে ফিরে এলে তার বয়স কত হবে? [BAU'08-09, SAU'12-13]

(a) 30 বছর (b) 39 বছর (c) 49 বছর (d) 60 বছর

সমাধান: (c); $t=\frac{t_o}{\sqrt{1-v^2/c^2}} \Rightarrow t_o = t\sqrt{\frac{1-v^2}{c^2}} \Rightarrow t_o = 30\sqrt{1-\left(\frac{1.8}{3}\right)^2} = 24\ yr.$

∴ মহাশূন্যচারীর তখন বয়স হবে (25 + 24) বছর = 49 বছর।

21. 35 বছরে বয়সে একজন নভোচারী নভোযানে করে $2.4\times10^8\ ms^{-1}$ বেগে গ্যালাক্সি পরিভ্রমণে বের হন এবং পৃথিবীর ক্যালেন্ডার মাফিক 50 বছর পর ফিরে আসেন। নভোচারীর বর্তমান বয়স কত বছর? [SBAU'12-13]

(a) 60 (b) 65 (c) 80 (d) 85

সমাধান: (b); $t_o = 50\sqrt{1-\left(\frac{2.4}{3}\right)^2} = 30\ years$। সুতরাং বর্তমান বয়স = (30 + 35) = 65 years

[CVASU'12-13]

22. 100 MeV ফোটনের তরঙ্গদৈর্ঘ্য-

(a) $2.25\times10^{-14}m$ (b) $1.16\times10^{-13}m$

(c) $1.24\times10^{-14}m$ (d) $3.36\times10^{-14}m$

সমাধান: (c); $E=\frac{hc}{\lambda} \Rightarrow \lambda=\frac{hc}{E}=\frac{6.63\times10^{-34}\times3\times10^8}{100\times10^6\times1.6\times10^{-19}}=1.24\times10^{-14}m$

23. A ও B দুটি ফোটন পরস্পর বিপরীত দিকে c গতিবেগে চলছে। B ফোটনের সাথে A ফোটনের আপেক্ষিক বেগ কত?

(a) 0.5 c (b) 2 c (c) c (d) 4 c [BAU'11-12,12-13]

সমাধান: (c); কোনো বস্তু আলোর চেয়ে বেশি বেগে চলতে পারে না। তাই B ফোটনের সাথে A ফোটনের আপেক্ষিক বেগ হবে c।

24. $1.6\times10^6 eV$ গতিশক্তি সম্পন্ন ইলেকট্রনের ভর কত? [SBAU'10-11]

(a) $32.4\times10^{-10}kg$ (b) $37.5\times10^{-31}kg$

(c) $43.2\times10^{-21}kg$ (d) $33.2\times10^{-9}kg$

সমাধান: (b); $E=(m-m_0)c^2 \Rightarrow 1.6\times10^6\times1.6\times10^{-19}=(m-9.1\times10^{-31})(3\times10^8)^2$

$\therefore m=37.54\times10^{-31}kg$

25. ফোটনের নিশ্চল ভর — [SAU'10-11] [Ans: c]

(a) $1\times10^{-31}\ kg$ (b) $1\times10^{-23}\ kg$

(c) 0 (d) $2.23\times10^{-31}\ kg$

26. একটি বস্তুর ভর $4.81\times10^{-3}kg$। বস্তুটির ভরকে সম্পূর্ণরূপে তাপ শক্তিতে রূপান্তরিত করলে তাপশক্তির পরিমাণ কত হবে? [BAU'09-10]

(a) $3.762\times10^{10}J$ (b) $3.762\times10^{11}J$

(c) $4.33\times10^{14}J$ (d) $4\times10^{14}J$

সমাধান: (c); $E=mc^2=4.81\times10^{-3}\times(3\times10^8)^2=4.33\times10^{14}J$

27. দ্রুত গতি সম্পন্ন ইলেক্ট্রন কোন ধাতুর উপর আঘাত করলে তা থেকে যে রশ্মি বিকির্ণ হয় তার নাম কী? [BAU'09-10]

(a) ক্যাথোড রশ্মি (b) ধনরশ্মি (c) গামা রশ্মি (d) রঞ্জন রশ্মি

সমাধান: (a); দ্রুত গতি সম্পন্ন ইলেকট্রন কোন ধাতুর উপর আঘাত করলে তা থেকে ক্যাথোড রশ্মি নির্গত হয়।

28. কোন গ্রিন হাউসের ভিতরে সর্বোচ্চ বিকিরণ তীব্রতার তরঙ্গদৈর্ঘ্য $9.66\times10^{-6}m$ হলে আনুষঙ্গিক তাপমাত্রা কত হবে? [ভীনের ধ্রুবকের মান $2.9\times10^{-3}mK$.] [BAU'08-09]

(a) 200.2K (b) 220K (c) 280K (d) 300.2K

সমাধান: (d); এখানে, $\lambda_m=9.66\times10^{-6}m$; T =?

আমরা জানি, $\lambda_m T=2.9\times10^{-3} \Rightarrow T=\frac{2.9\times10^{-3}}{9.66\times10^{-6}}=300.20K$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০৯ পরমাণুর মডেল এবং নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান

01. 1 kg ভরের তেজস্ক্রিয় মৌলের একটি বস্তুর মধ্যে 48 দিন পর ঐ মৌলের মাত্র 0.25 kg পাওয়া যায়। মৌলটির অর্ধায়ু কত?
(a) 24 days (b) 12 days (c) 36 days (d) 72 days **[Agri. Guccho'20-21]**

সমাধান: (a); $t = \frac{T_{\frac{1}{2}}}{\ln 2}\ln\left(\frac{M_0}{M}\right) \Rightarrow 48 = \frac{T_{\frac{1}{2}}}{\ln 2}\ln\left(\frac{1}{0.25}\right) \therefore T_{\frac{1}{2}} = 24 \text{ days}$

02. সৌরশক্তি কোন পদ্ধতিতে সৃষ্টি হয়? **[Agri. Guccho'20-21] [Ans: d]**
(a) Fission (ফিশন) (b) Induced Fission (আবেশিত ফিশন)
(c) Chemical Reaction (রাসায়নিক বিক্রিয়া) (d) Fusion (ফিউশন)

03. সূর্য কোন প্রক্রিয়া হতে শক্তি পায়? **[Agri. Guccho'19-20] [Ans: b]**
(a) নিউক্লিয়ার ফিশন (b) নিউক্লিয়ার ফিউশন (c) নিউক্লিয়ার চুল্লি (d) রাসায়নিক প্রক্রিয়া

04. টিট্রিয়ামের অর্ধ জীবন 12.5 বছর। 25 বছর পর একটি নির্দিষ্ট টিট্রিয়াম বস্তুখণ্ড কত অংশ অবশিষ্ট থাকবে? **[Agri. Guccho'19-20]**
(a) $\frac{1}{8}$ (b) $\frac{1}{6}$ (c) $\frac{1}{4}$ (d) $\frac{1}{2}$

সমাধান: (c); $T_{\frac{1}{2}}$ অর্ধায়ু বিশিষ্ট কোনো পদার্থের t সময় পর $\frac{1}{2^n}$ অংশ অবশিষ্ট থাকলে, $t = T_{\frac{1}{2}} \times n \therefore n = \frac{t}{T_{\frac{1}{2}}}$

$\therefore$ অবশিষ্ট অংশ $= \frac{1}{\frac{t}{2^{T_{\frac{1}{2}}}}} = \frac{1}{2^{\frac{25}{12.5}}} = \frac{1}{2^2} = \frac{1}{4}$ অংশ

05. সমপরিমাণ দুটি তেজস্ক্রিয় পদার্থের মধ্যে একটির অর্ধায়ু 10 d এবং অপরটির অবক্ষয় ধ্রুবক 0.03465 d^{-1}। 40 দিন পর দ্বিতীয় পদার্থটির কত অংশ অবশিষ্ট থাকবে? **[BAU'18-19]**
(a) $\frac{1}{5}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{1}{3}$ (d) $\frac{1}{2}$

সমাধান: (b); $\frac{N}{N_o} = e^{-\lambda t} = 0.25$

06. একটি ইলেকট্রন নিউক্লিয়াসকে কেন্দ্র করে 0.53×10^{-10} m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে ঘুরছে। ইলেকট্রনটির কৌণিক বেগ কত? **[BAU'17-18]**
(a) 3.0×10^{15} $rads^{-1}$ (b) 4.13×10^{16} $rads^{-1}$ (c) 4.25×10^{16} $rads^{-1}$ (d) 5.25×10^{16} $rads^{-1}$

সমাধান: (b); প্রশ্নে উল্লেখ নেই বলে ধরে নেওয়া হলো হাইড্রোজেন পরমাণুর নিউক্লিয়াসের কথা বলা হয়েছে।

$= \frac{1}{4\pi\epsilon_0}.\frac{e^2}{r^2} = m\omega^2 r \therefore \omega = 4.13 \times 10^{16}$ $rads^{-1}$

07. রেডনের অর্ধায়ু 4 দিন। এর গড় আয়ু কত? **[JGVC'14-15,SAU'14-15,BAU'12-13,15-16,17-18] [Ans: b]**
(a) 4.77 d (b) 5.77 d (c) 6.77 d (d) 7.77 d

08. তেজস্ক্রিয়তায় β রশ্মি নিঃসরণের ফলে মাদার ডটার মৌল হওয়াকে বলে- **[SAU'17-18] [Ans: a]**
(a) আইসোবার (b) আইসোমার (c) আইসোটোপ (d) আইসোডিয়াফার

09. কোন তেজস্ক্রিয় পদার্থের ক্ষয় ধ্রুবকের মান $0.00385 s^{-1}$; এর অর্ধায়ু কত? **[BAU'16-17]**
(a) 1.5 min (b) 3 min (c) 5 min (d) 7 min

সমাধান: (b); $t_{\frac{1}{2}} = \frac{\ln 2}{0.00385} = 180 \text{ sec} = 3 \text{ min}$

10. হাইড্রোজেন এটমের সর্বনিম্ন অবস্থানের শক্তি হলো- **[SBAU'16-17] [Ans: c]**
(a) +1 eV (b) −1 eV (c) −13.6 eV (d) +13.6 eV

11. হাইড্রোজেন পরমাণুর প্রথম বোর কক্ষে ইলেকট্রনের মোট শক্তি −13.6 eV হলে, তৃতীয় বোর কক্ষে মোট শক্তি কত হবে? **[SAU'16-17]**
(a) −3.6 eV (b) −1.5 eV (c) −4.6 eV (d) +13.6 eV **[Ans: b]**

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

12. আলফা কণাটি হলো-
(a) Helium Nucleus (b) Hydrogen Nucleus (c) Lithium Nucleus (d) Boron Nucleus [SBAU'16-17] [Ans: a]

13. আলফা কণার চার্জ হল–
(a) +2C (b) −2C (c) +4C (d) −4C [CVASU'16-17] [Ans: a]

14. পারমাণবিক চুল্লি কত প্রকার?
(a) তিন প্রকার (b) চার প্রকার (c) পাঁচ প্রকার (d) ছয় প্রকার [CVASU'16-17] [Ans: d]

15. একটি তেজস্ক্রিয় বস্তুতে 10^{18} টি পরমাণু আছে। বস্তুটির অর্ধায়ু 2000 দিন। 5000 দিন পর তেজস্ক্রিয়ার কত ভগ্নাংশ অবশেষ থাকবে? [BAU'13-14]
(a) 0.177 (b) 0.347 (c) 0.522 (d) 0.958
সমাধান: (a); $N = N_0e^{-\lambda t}$; $\frac{N}{N_0} = e^{-\lambda t} = 0.177$; $T_{1/2} = \frac{0.693}{\lambda} \Rightarrow \lambda = 3.465\times10^{-4}day^{-1}$

16. বিটা ক্ষয়ে ট্রিটিয়ামের ($_1H^3$) অর্ধায়ু 12.5 বছর। 25 বছর পর একটি খাঁটি ট্রিটিয়াম বস্তুখণ্ড কত অংশ অবশিষ্ট থাকবে?
(a) $\frac{1}{8}$ (b) $\frac{1}{2}$ (c) $\frac{1}{4}$ (d) $\frac{1}{6}$ [SBAU'14-15] [Ans: c]

17. রেডিয়ামের অর্ধায়ু 22 বছর হলে কত সময়ে এটি হ্রাস পেয়ে 10% এ পৌছবে? [SBAU'13-14]
(a) 3.2years (b) 73.1years (c) 7.4years (d) 2.2 years
সমাধান: (b); $N = N_0e^{-\lambda t} \Rightarrow \frac{10}{100} = e^{-\lambda t} \Rightarrow \lambda t = 2.302585093 \Rightarrow t = \frac{20.302585093}{\frac{0.693}{22}} = 73.1$ years

18. হাইড্রোজেন বোমার ধ্বংস ক্ষমতা পারমাণবিক বোমার কত গুণ? [SBAU'13-14] [Ans: d]
(a) 5 (b) 10 (c) 100 (d) 1000

19. ইলেকট্রন ভোল্ট কীসের একক? [SBAU'13-14] [Ans: c]
(a) বিভব (b) প্রতিসরণ (c) শক্তি (d) ক্ষমতা

20. বিটা ক্ষয়ের একটি তেজস্ক্রিয় নিউক্লিয়াস থেকে যে কণাটি নির্গত হয় তা হলো — [CVASU'13-14] [Ans: a]
(a) ইলেকট্রন (b) প্রোটন (c) নিউট্রন (d) আলফা কণা

21. কোন যন্ত্রের সাহায্যে উচ্চ বিভবকে নিম্ন বিভবে পরিণত করা যায়? [JGVC'13-14] [Ans: c]
(a) Electronic motor (b) Generator (c) Transformer (d) Dynamo

22. সাইক্লোন কী ধরনের জিনিস? [JGVC'13-14] [Ans: d]
(a) প্রাকৃতিক পাম্প (b) শক্তি চালিত পাম্প (c) পাওয়ার টিলার (d) ঘূর্ণিঝড়

23. চৌম্বকক্ষেত্রের ওপর প্রভাব নেই কোন রশ্মির? [SBAU'11-12] [Ans: c]
(a) আলফা (b) বিটা (c) গামা (d) কসমিক

24. এক্স-রশ্মির তরঙ্গদৈর্ঘ্য 3 Å হলে এর কম্পাংক কত? [SBAU'11-12]
(a) 10^{10}Hz (b) 10^{15}Hz (c) 10^{18}Hz (d) 10^{21}Hz
সমাধান: (c); $c = f\lambda \therefore f = \frac{c}{\lambda} = \frac{3\times10^8}{3\times10^{-10}} = 10^{18}$Hz

25. আলফা রশ্মির আধান- [CVASU'11-12] [Ans: c]
(a) নিরপেক্ষ (b) ঋণাত্মক (c) ধনাত্মক (d) শূন্য

26. কোনটি তেজস্ক্রিয় আইসোটোপ? [SAU'10-11] [Ans: c]
(a) ^1H (b) ^2H (c) ^3H (d) ^4H

27. পরমাণু বোমা তৈরির জন্য প্রয়োজন– [SAU'10-11] [Ans: c]
(a) ^{238}U (b) ^{232}Th (c) ^{235}U (d) কোনোটিই নয়

28. মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা অখণ্ড থেকে রাসায়নিক বিক্রিয়ায় সরাসরি অংশগ্রহণ করে তাকে কী বলা হয়? [BAU'09-10]
(a) যোজনী (b) অণু (c) পরমাণু (d) ক্যাটালিস্ট
সমাধান: (c); মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা অখণ্ড থেকে রাসায়নিক বিক্রিয়ায় সরাসরি অংশগ্রহণ করে তাকে পরমাণু বলে।

29. ভারী ধাতুর পরমাণুর নিউক্লিয়াস বিশ্লিষ্ট করে মোটামুটি সমান ভরবিশিষ্ট দুটি নিউক্লিয়াস গঠন করার প্রক্রিয়াকে কী বলা হয?
(a) ফিউশন (b) ফিশন (c) ধারাবাহিক বিক্রিয়া (d) কোনোটিই নয় [BAU'09-10]
সমাধান: (b); ভারী ধাতুর পরমাণুর নিউক্লিয়াস বিশ্লিষ্ট করে মোটামুটি সমান সমান ভর বিশিষ্ট দুটি নিউক্লিয়াস গঠন করার প্রক্রিয়াকে ফিশন বলে।

30. নিচের কোনটির ওপর চৌম্বকক্ষেত্রের প্রভাব রয়েছে? [SBAU'09-10]
(a) অতিবেগুণী রশ্মি (b) গামা রশ্মি (c) বিটা রশ্মি (d) বেতার রশ্মি
সমাধান: (c); অতি বেগুনী রশ্মি, গামা রশ্মি, এক্সরে এবং বেতার তরঙ্গ বিদ্যুৎ ও চৌম্বকক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় না। আলফা রশ্মি, বিটা রশ্মি এবং ক্যাথোড রশ্মি বিদ্যুৎ ও চৌম্বক দ্বারা বিক্ষিপ্ত হয়।

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ১০
সেমিকন্ডাক্টর ও ইলেক্ট্রনিক্স

01. $(99)_{16}$ এর পরের সংখ্যাটি কত? [Agri. Guccho'21-22]
(a) $(9A)_{16}$ (b) $(A9)_{16}$ (c) $(AA)_{16}$ (d) $(FF)_{16}$
সমাধান: (a); $(99)_{16} = (153)_{10} \therefore (154)_{10} = (9A)_{16}$

02. বাইনারি নম্বর $(10111)_2$ এর ডেসিমেল নম্বর কোনটি? [Agri. Guccho'21-22]
(a) $(22)_{10}$ (b) $(23)_{10}$ (c) $(18)_{10}$ (d) $(30)_{10}$
সমাধান: (b); $(10111)_2 = (1 \times 2^0 + 1 \times 2^1 + 1 \times 2^2 + 0 \times 2^3 + 1 \times 2^4)_{10} = (23)_{10}$

03. P-টাইপ অর্ধপরিবাহী তৈরির জন্য বিশুদ্ধ সিলিকনের সাথে কোন অপদ্রব্য মিশাতে হবে? [Agri. Guccho'19-20] [Ans: c]
(a) সালফার (b) অ্যান্টিমনি (c) বোরন (d) অক্সিজেন

04. একটি p-n জাংশনের গতীয় রোধ 40 Ω। এর বিভব পার্থক্য 0.2 V পরিবর্তন করলে আনুষাঙ্গিক তড়িৎ প্রবাহের পরিবর্তন কত হবে?
(a) 4 mA (b) 5 mA (c) 8 mA (d) 12 mA [BAU'18-19]
সমাধান: (b); $I = \frac{\Delta V}{\Delta r} = \frac{0.2}{40} = 5$ mA

05. একটি ট্রানজিস্টরের $\alpha = 0.98$ এবং $I_E = 1.5$ mA হলে I_B এর মান কত? [BAU'15-16,16-17,17-18]
(a) 20 μA (b) 30 μA (c) 40 μA (d) 50 μA
সমাধান: (b); $\alpha = \frac{I_C}{I_E} = \frac{I_E - I_B}{I_E} = 1 - \frac{I_B}{I_E} \therefore I_B = 30\mu A$

06. জটিল ডিজিটাল বর্তনী কোনটি? [JGVC'17-18] [Ans: b]
(a) OR (b) NOR (c) NOT (d) AND

07. একটি p-n জংশনে 2 V বিভব পার্থক্যের জন্য তড়িৎ প্রবাহ 600 mA এবং 2.3 V এর জন্য তড়িৎ প্রবাহ 900 mA। এর গতীয় রোধ কত?
(a) 1.0Ω (b) 2.0Ω (c) 3.0Ω (d) 5.0Ω [SAU'16-17] [Ans: a]

08. দ্বিমিক সংখ্যা 11010011 এর মান কোনটি? [CVASU'16-17] [Ans: d]
(a) 199 (b) 207 (c) 203 (d) 211

09. একটি ট্রানজিস্টরের ক্ষেত্রে $\alpha = 0.95$ এবং $I_E = 1$ mA হলে β কত? [SBAU'14-15]
(a) 19 (b) 20 (c) 21 (d) 22
সমাধান: (a); $\beta = \frac{\alpha}{1-\alpha} = \frac{0.95}{1-0.95} = 19$

10. যখন ট্রানজিস্টারের নিঃসরক/পীঠ জংশন বিমুখী ঝোঁকে থাকে, তখন সংগ্রাহকে তড়িৎ প্রবাহ- [CVASU'14-15, JGVC'14-15]
(a) বিমুখী হয় (b) বৃদ্ধি পায় (c) কমে যায় (d) থেকে যায় [Ans: b]

11. যে কৌশলের সাহায্যে তড়িৎ প্রবাহকে একমুখী করা হয় অর্থাৎ AC কে DC করা যায় তাকে কি বলে? [BAU'09-10, JGVC'13-14]
(a) আইসি (b) রেকটিফায়ার (c) ট্রানজিষ্টর (d) অ্যামপ্লিফায়ার [Ans: b]

12. ডোপায়নের মাধ্যমে বহিঃর্জাত অর্ধপরিবাহক তৈরিতে কোন মৌল ব্যবহৃত হয়? [SBAU'12-13] [Ans: d]
(a) Ni (b) Pt (c) W (d) As

13. কোনো ট্রানজিস্টারের $I_C = 0.95A, I_E = 1.0$ A হলে প্রবাহ বিবর্ধক কত হবে? [SAU'10-11]
(a) 1.95 (b) 0.05 (c) 0.95 (d) 1.05
সমাধান: (c); $\alpha = \frac{I_C}{I_E} = \frac{0.95}{1} = 0.95$

14. তাপমাত্রা বৃদ্ধি পেলে কোনটির রোধ বৃদ্ধি পায় না? [SBAU'09-10]
(a) অ্যালুমিনিয়াম (b) কপার (c) সিলভার (d) সিলিকন
সমাধান: (d); অ্যালুমিনিয়াম, কপার, সিলভার হচ্ছে সুপরিবাহী পদার্থ। সুপরিবাহীর তাপমাত্রা বাড়লে রোধ বৃদ্ধি পায়। অপরপক্ষে অর্ধপরিবাহীর তাপমাত্রা বৃদ্ধি পেলে তাদের রোধ হ্রাস পায়। কিছু অর্ধ পরিবাহীর উদাহরণ জার্মেনিয়াম, সিলিকন।

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry

© Medistry

রসায়ন ১ম পত্র

MEDISTRY

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০২ গুণগত রসায়ন

01. কোন আয়নটি আর্গনের সাথে আইসোইলেকট্রনিক? [Agri. Guccho'22-23]

(a) Mg^{2+} (b) Ca^{+} (c) Cl^{-} (d) Br^{-}

সমাধান: (c); Ar এর ইলেকট্রন সংখ্যা 18।

$Mg^{2+}, Ca^{+}, Cl^{-}, Br^{-}$ এর ইলেকট্রন সংখ্যা যথাক্রমে 10, 19, 18, ও 6।

এখানে, Ar ও Cl^{-} এর ইলেকট্রন সংখ্যা পরস্পর সমান। তাই তারা সম ইলেকট্রনিকবিশিষ্ট অর্থাৎ আইসোইলেকট্রনিক।

02. একটি জলীয় দ্রবণের pH 10 হলে দ্রবণটিতে সর্বোচ্চ কত $molL^{-1}$ ঘনমাত্রার Mg^{2+} থাকতে পারে? $(Mg(OH)_2: k_{sp} = 2 \times 10^{-11})$ [Agri. Guccho'22-23]

(a) 2×10^{-3} (b) 2×10^{-1} (c) 2×10^{-19} (d) 2×10^{-7}

সমাধান: (a); $pH = 10$; $pOH = 14 - 10 = 4$; $[OH] = 10^{-4}$

$[Mg^{2+}]\,[OH^{-}]^2 = 2 \times 10^{-11} = k_{sp}$

$\Rightarrow [Mg^{2+}] = \frac{2\times10^{-11}}{(10^{-4})^2} = \frac{2\times10^{-11}}{10^{-8}} = 2 \times 10^{-11+8} = 2 \times 10^{-3}$

03. কোনটি K_2CrO_4 দ্রবণে হলুদ অধঃক্ষেপ দেয়? [Ans: b] [Agri. Guccho'22-23]

(a) Li^{+} (b) Pb^{2+} (c) Ca^{2+} (d) Al^{3+}

04. কোন অরবিটালের ইলেকট্রনের ঘনত্ব সর্বাধিক? [Ans: b] [Agri. Guccho'21-22]

(a) 2p (b) 1s (c) 2s (d) 3s

05. কোনটি অধিক স্থিতিশীল? [Ans: c] [Agri. Guccho'21-22]

(a) d^5s^2 (b) d^9s^2 (c) $d^{10}s^1$ (d) $f^{13}s^2$

06. চাপ হ্রাসে কোনটির দ্রাব্যতা হ্রাস পাবে? [Agri. Guccho'21-22]

(a) NaCl (b) CO_2 (c) CCl_4 (d) Na_2SO_4

সমাধান: (b); কঠিন পদার্থের দ্রাব্যতার উপর চাপের প্রভাব নেই। গ্যাসীয় পদার্থের (যেমন: CO_2) দ্রাব্যতার উপর চাপের প্রভাব দৃশ্যমান, হেনরির সূত্রানুযায়ী, নির্দিষ্ট তাপমাত্রায় কোন গ্যাসীয় পদার্থের দ্রাব্যতা, গ্যাসটির উপর আরোপিত চাপের সমানুপাতিক।

07. PH_4^+ আয়নে কতটি ইলেকট্রন বিদ্যমান? [Agri. Guccho'21-22]

(a) 20 (b) 19 (c) 18 (d) 15

সমাধান: (c); PH_4^+ এ P এর ইলেকট্রন = 15 ; H এর ইলেকট্রন = 1 ∴ মোট ইলেকট্রন = $15 + 4 \times 1 - 1 = 18$

08. কোন সেটটির সব মৌলগুলির ইলেকট্রন বিন্যাসে বিজোড় ইলেকট্রন আছে? [Ans: b][Agri. Guccho'20-21]

(a) Ca, Sr, Ba (b) Na, Si, S (c) Ca, P, X (d) Zn, Mg, N

09. বিকিরণগুলোর মধ্যে কোনটির শক্তি সবচেয়ে বেশি? [Ans: c][Agri. Guccho'20-21]

(a) Infrared (b) Visible (c) Ultraviolet (d) Microwave

10. হাইড্রোজেনের পারমাণবিক বর্ণালির কোন সিরিজটিতে দৃশ্যমান অঞ্চলের রশ্মি দেখা যায়? [Ans: c][Agri.Guccho'20-21]

(a) Paschen (b) Lyman (c) Balmer (d) Brackett

11. কোন যৌগের ক্ষারকীয় দ্রবণকে নেসলার দ্রবণ বলে? [Ans: b] [Agri. Guccho'19-20, SBAU'11-12]

(a) $KHgI_3$ (b) K_2HgI_4 (c) $NaHgI_3$ (d) K_3HgI_3

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

12. সালফার পরমাণুর নিউক্লিয়াসে নিউট্রন সংখ্যা কত? [Agri. Guccho'19-20]
(a) 15 (b) 16 (c) 18 (d) 20
সমাধান: (b); সংকেত হতে মৌলের নিউট্রন সংখ্যা নির্ণয়: $A = P + n \Rightarrow n = A - P = 32 - 16 = 16$

13. নিচের কোনটি কম্পোজিট কণিকা? [Ans: b][SAU'18-19]
(a) ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন
(b) আলফা কণা ও ডিউটেরন
(c) পজিট্রন ও মেসন
(d) ফোটন

14. কোন তরঙ্গদৈর্ঘ্যের UV রশ্মি জীবাণুনাশক হিসেবে কাজ করে? [Ans: a][BAU'17-18]
(a) 240 – 280 nm
(b) 270 – 360 nm
(c) 280 – 380 nm
(d) 300 – 320 nm

15. কোন পদার্থের ভৌত অবস্থা এক হলেও গঠন কাঠামো ভিন্ন? [Ans: a][BAU'17-18]
(a) C (b) Cu (c) Na (d) K

16. একটি পরমাণুর ৫ম শক্তিস্তরে সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা কত? [BAU'17-18]
(a) 18 (b) 32 (c) 50 (d) 82
সমাধান: (c); $2n^2 = 2 \times 5^2 = 50$

17. ক্যান্সার চিকিৎসায় নিচের কোন আদর্শ গ্যাসটি ব্যবহৃত হয়? [Ans: d][SAU'17-18]
(a) Ne (b) Ar (c) Xe (d) Rn

18. কোনো উপশক্তিস্তরের ইলেকট্রন ধারণ ক্ষমতা হলো- [Ans: c][SAU'17-18]
(a) $(2l + 1)$ (b) $(l + 1)$ (c) $2(2l + 1)$ (d) $2(l + 1)$

19. 20°C ও 30°C তাপমাত্রার কোনো দ্রব্যের দ্রাব্যতা যথাক্রমে 10 ও 15। 30°C তাপমাত্রায় 10 gm সম্পৃক্ত দ্রবণকে 20°C তাপমাত্রায় শীতল করলে কত গ্রাম দ্রব কেলাসিত হবে? [JGVC'17-18]
(a) 1 gm (b) 2 gm (c) 7 gm (d) 10 gm
সমাধান: (সঠিক উত্তর নেই); 30°C তাপমাত্রায় 115 gm দ্রবণে দ্রব থাকে 15 gm
∴ 30°C তাপমাত্রায় 10 gm দ্রবণে দ্রব থাকে $= \frac{15\times10}{115}$ gm $= 1.3043$ gm
∴ দ্রাবকের পরিমাণ $= (10 - 1.3043)$ gm $= 8.6957$ gm
∴ 20°C তাপমাত্রায় 100 gm দ্রাবকে দ্রব থাকে $= 10$ gm
∴ 20°C তাপমাত্রায় 8.6957 gm দাবকে দ্রব থাকে $= \frac{10\times8.6957}{100}$ gm $= 0.86957$ gm
∴ কেলাসিত দ্রব $= (1.3043 - 0.86957)$ gm $= 0.43473$ gm

20. অ্যামোনিয়া শনাক্তকরণে কোন দ্রবণ ব্যবহার করা হয়? [Ans: c][BAU'16-17]
(a) সিলভার নাইট্রেট (b) বেরিয়াম ক্লোরাইড (c) নেসলার (d) ফেলিং

21. কোন প্রকার আলোক রশ্মির তরঙ্গ সংখ্যা সর্বোচ্চ? [Ans: c][BAU'16-17]
(a) UV (b) IR (c) γ – ray (d) X – ray

22. পাসপোর্ট শনাক্তকরণে কোন রশ্মি ব্যবহার করা হয়? [Ans: c][JGVC'16-17]
(a) অবলোহিত রশ্মি (b) X-রশ্মি (c) অতিবেগুনি রশ্মি (d) γ -রশ্মি

23. নাইট্রেট আয়নের বলয় পরীক্ষায় যে বলয় উৎপন্ন হয় তা হলো– [Ans: b][SAU'16-17]
(a) $FeSO_4.HNO_3$ (b) $FeSO_4.NO$ (c) $FeSO_4.NO_2$ (d) $FeSO_4.NO_3$

24. শক্তির বিবেচনায় অরবিটালের কোন ক্রমটি সঠিক? [SAU'16-17]
(a) $4s < 3s < 4p$ (b) $4s < 5p < 3d$ (c) $3d < 4s < 4p$ (d) $4p < 4s < 3d$
সমাধান: (সঠিক উত্তর নেই)

25. Uranium-238 এর নিউট্রন-প্রোটন অনুপাত মান কোনটি? (ইউরেনিয়াম এর পরমাণবিক সংখ্যা 92) [Ans: b][SAU'16-17]
(a) 1.39 (b) 1.59 (c) 0.63 (d) 1.79

26. নিচের কোনটি কম্পোজিট কণিকা? [Ans: c]][RU'16-17, SAU'14-15]
(a) প্রোটন (b) নিউট্রন (c) ডিউটেরন (d) পজিট্রন

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

27. ট্রিটিয়াম কীসের আইসোটোপ? [Ans: a][RU'16-17]
(a) হাইড্রোজেন (b) নাইট্রোজন (c) অক্সিজেন (d) ক্যালসিয়াম

28. জাল টাকা শনাক্তকরণে কোন তড়িৎচুম্বকীয় রশ্মি ব্যবহৃত হয়? [Ans: b][RU'16-17]
(a) IR (b) UV (c) Radio wave (d) X – ray

29. যেসকল পরমাণুর প্রোটন সংখ্যা একই, কিন্তু ভর সংখ্যা ভিন্ন, তাদেরকে কী বলা হয়? [Ans: a][BAU'15-16, 09-10]
(a) আইসোটোপ (b) আইসোবার (c) আইসোমার (d) আইসোটন

30. পরমাণুর আকার হচ্ছে– [JGVC'14-15]
(a) 10^{-9} সে.মি. (b) 10^{-10} সে.মি. (c) 10^{-7} সে.মি. (d) 10^{-8} সে.মি.
সমাধান: (d); পরমাণু 10^{-8}cm, নিউক্লিয়াস 10^{-12}cm; প্রোটন 10^{-13}cm

31. পটাসিয়ামের সর্বশেষ ইলেকট্রন প্রবেশ করে– [JGVC'14-15, CVASU'14-15]
(a) 3s অরবিটালে (b) 4s অরবিটালে (c) 3p অরবিটালে (d) 4p অরবিটালে
সমাধান: (b); $K(19) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^1$

32. হাইড্রোজেনের পরমাণু বর্ণালিতে নিচের কোন সিরিজের সারি (line) দেখা যায় না- [Ans: d][CVASU'16-17]
(a) বামার সিরিজ (b) প্যাশ্চেন সিরিজ (c) ব্রাকেট সিরিজ (d) ফ্রাউনহফার সিরিজ

33. Cr এর ৩য় শক্তিস্তরে কয়টি ইলেকট্রন আছে? [SAU'14-15, BAU'05-06, SBAU'14-15]
(a) 13 (b) 18 (c) 8 (d) 10
সমাধান: (a); $Cr_{(24)} \rightarrow 1s^2\ 2s^2 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^5 4s^2$
অর্থাৎ, ৩য় কক্ষপথে 13 টি ইলেকট্রন থাকে।

34. কোনটি আইসোটোপ নয়? [SBAU'14-15]
(a) H_1^1 (b) H_1^2 (c) H_1^3 (d) H_2^1
সমাধান: (d); পারমাণবিক সংখ্যা একই কিন্তু ভরসংখ্যা ভিন্নবিশিষ্ট মৌলগুলোকে পরস্পরের আইসোটোপ বলে।


35. NMR মেশিন ঠাণ্ডাকরণে ব্যবহৃত হয় — [Ans: a][SAU'14-15]
(a) He (b) Ne (c) Ar (d) Kr

36. নিউট্রন এর ভর হচ্ছে – [Ans: d] [CVASU'14-15, JGVC'14-15]
(a) 1.675×10^{-20} (b) 1.675×10^{-18}
(c) 1.675×10^{-26} (d) 1.675×10^{-24}

37. নিচের কোনটি পানিতে অদ্রবণীয়? (ফাজানের নীতি) [Ans: d][JGVC'13-14]
(a) $PbCl_2$ (b) $PbBr_2$ (c) CH_2I_2 (d) Na_2SO_4

38. $Fe^{2+}(26)$ আয়নের শেষ ইলেকট্রনের স্পিন কোয়ান্টাম হবে- [CVASU'13-14]
(a) $+\frac{1}{2}$ (b) $-\frac{1}{2}$ (c) $+\frac{1}{2}, -\frac{1}{2}$ (d) কোনোটিই নয়

সমাধান: (b); $Fe^{2+}(26) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^2 4p^4$



39. ইলেকট্রনের অরবিটালের ত্রিমাত্রিক বিন্যাস প্রকাশের জন্য কোন কোয়ান্টাম সংখ্যাটি ব্যবহৃত হয়? [Ans: b][CVASU'12-13]
(a) স্পিন কোয়ান্টাম নাম্বার (b) ম্যাগনেটিক কোয়ান্টাম নাম্বার
(c) সহকারী কোয়ান্টাম নাম্বার (d) কোনটিই নয়

40. শনাক্তকারী পরীক্ষায় উৎপন্নকৃত "রীনম্যান গ্রীণ" এর সবুজ বর্ণ থেকে কোন ধাতুটি শনাক্ত করা যায়? [Ans: a][CVASU'12-13]
(a) Zn (b) Ni (c) Cu (d) Co

41. নিম্নের কোনটি Zn এর ইলেকট্রন বিন্যাস? [Ans: d][BAU'11-12]
(a) $[Ar]3d^7 4s^7$ (b) $[Ar]3d^8 4s^2$ (c) $[Ar]3d^{10} 4s^4$ (d) $[Ar]3d^{10} 4s^2$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

42. পরমাণুর ৩য় কক্ষপথে মোট অরবিটাল সংখ্যা কতটি? [Ans: d][SBAU'11-12]
(a) 3 (b) 5 (c) 8 (d) 9

43. 100 g সামুদ্রিক পানিতে লবণ থাকে– [Ans: d][SAU'11-12]
(a) 3.35 g (b) 5.33 g (c) 5.53 g (d) 3.53 g

44. একটি পরমাণুর 17 টি প্রোটন ও 20 টি নিউট্রন থাকলে পরমাণুর আইসোটোপটির সংকেত হবে- [Ans: b][CVASU'11-12]
(a) ${}^{20}_{17}Cl$ (b) ${}^{37}_{17}Cl$ (c) ${}^{37}_{20}Cl$ (d) ${}^{35}_{17}Cl$

45. Fe^{2+} এর ইলেকট্রন বিন্যাস কোনটি? [Ans: d][SAU'10-11]
(a) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^6 4s^2$ (b) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^4 4s^2$
(c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$ (d) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^6$

46. Na শিখার বর্ণ – [Ans: a][SAU'10-11]
(a) Bright Golden Yellow (b) Red Violet (c) Blue (d) Yellowish Green

47. কোন রশ্মির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে ছোট? [Ans: a][BAU'09-10]
(a) গামা রশ্মি (b) রঞ্জন রশ্মি (c) অতিবেগুনি রশ্মি (d) দৃশ্যমান আলো

48. বোর পরমাণু মডেল কোন তত্ত্বের উপর প্রতিষ্ঠিত? [Ans: c][BAU'09-10]
(a) আলোক তত্ত্ব (b) চৌম্বক তত্ত্ব (c) কোয়ান্টাম তত্ত্ব (d) ইলেকট্রনীয় তত্ত্ব

49. হাইড্রোজেনের আইসোটোপ নয়- [SBAU'09-10]
(a) প্রোটিয়াম (b) ডিউডিনাম (c) ডিউটেরিয়াম (d) ট্রিটিয়াম
সমাধান: (b); হাইড্রোজেনের তিনটি আইসোটোপ হলো-
প্রোটিয়াম = ${}^{1}_{1}H$; ডিউটেরিয়াম = ${}^{2}_{1}H$; ট্রিটিয়াম = ${}^{3}_{1}H$; ডিউডিনাম হাইড্রোজেনের আইসোটোপ নয়।

50. ইলেকট্রন স্থানান্তর ও ভাগাভাগির মূলনীতি হলো- [SBAU'09-10]
(a) হুন্ডনীতি (b) অকটেট নীতি (c) $2n^2$ নীতি (d) সংকরীকরণ
সমাধান: (b); বন্ধন গঠনের সময় বন্ধন গঠনকারী পরমাণুদ্বয় নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস অর্জন করে স্থিতিশীল হতে চায় এবং এ জন্য ইলেকট্রন স্থানান্তর বা ভাগাভাগি করে। এটি অকটেট নীতি নামে পরিচিত।

51. একটি পরমাণুর M শেলের প্রধান কোয়ান্টাম সংখ্যা 3। ঐ শেলের প্রধান শক্তিস্তরের অরবিটাল সংখ্যা কত হবে? [BAU'08-09]
(a) 3 (b) 6 (c) 9 (d) 18
সমাধান: (c); এখানে, $n = 3$; $n = 1$ হলে $l = 0$; $m = 0$; $n = 2$ হলে $l = 0, 1$; $m = 0, \pm 1$
$n = 3$ হলে $l = 0, 1, 2$; $m = 0, \pm 1, \pm 2$
$\therefore$ মোট অরবিটাল $= (1 + 3 + 5) = 9$ টি।

52. Ne এর ইলেকট্রন বিন্যাস কোনটি? [BAU'08-09]
(a) $1s^2 2s^2 2p^5$ (b) $1s^2 2s^2 2p^6$ (c) $1s^2 2s^2 2p^6 3s^1$ (d) কোনটিই নয়
সমাধান: (b); নিয়নের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ: $Ne(10) = 1s^2 2s^2 2p^6$

53. $FeCl_3$ দ্রবণে পটাশিয়াম ফেরিসায়ানাইড দ্রবণ যোগ করলে অধঃক্ষিপ্ত যৌগের বর্ণ কোনটি? [Ans: c][BAU'08-09]
(a) হালকা নীল (b) গাঢ় নীল
(c) বাদামী (d) ইটের মত লাল

54. $K_4[Fe(CN)_6]$ যৌগে আয়রনের যোজ্যতা হলো– [SBAU'08-09]
(a) 2 (b) 3 (c) 4 (d) 6
সমাধান: (a); $K_4[Fe(CN)_6]$ যৌগে, Fe এর যোজনী $= x$
$1 \times 4 + x + (-1) \times 6 = 0 \Rightarrow 4 + x + (-6) = 0 \Rightarrow x = +2$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

অধ্যায় ০৩
মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন

01. NH_4^+ আয়নে ∠HNH এর মান কত? [Agri. Guccho'22-23]

(a) 104.5° (b) 107° (c) 109.5° (d) 90°

সমাধান: (c); NH_4^+ আয়নে কোনো মুক্তজোড় ইলেকট্রন নেই। তাই এর আকারের কোনোরূপ বিকৃতি ঘটবে না। আবার, NH_4^+ আয়নের সংকরণ sp^3। তাই এর বন্ধন কোণ (bond angle) ∠HNH = 109.5°

02. পটাশিয়াম মৌলটি কোন গ্রুপের অন্তর্ভূক্ত? [Agri. Guccho'22-23]

(a) হ্যালোজেন (b) ক্ষার ধাতু (c) নিষ্ক্রিয় ধাতু (d) মৃৎক্ষার ধাতু

সমাধান: (b); পটাশিয়াম গ্রুপ-1 এর মৌল। গ্রুপ-1 এর সকল মৌল (H ছাড়া) তীব্র ক্ষারধর্মী ধাতু।

03. কোনটির ডাইপোল মোমেন্ট শূন্য? [Agri. Guccho'22-23]


(a) CF_4 (b) CHF_2 (c) CH_2F_3 (d) CH_3F

সমাধান: (a); CF_4 যৌগটির আকৃতি চতুস্তলকীয়। এর C – F বন্ধন এমনভাবে সজ্জিত থাকে যে এরা (C – F) একে অপরের ডাইপোল মোমেন্টকে নিষ্ক্রিয় করতে পারে। ফলে এর কোন নেট ডাইপোল মোমেন্ট থাকে না।

04. ইথিলিন অণুতে সংকরিত এবং অসংকরিত অরবিটালদ্বয়ের মধ্যবর্তী কোণের মান কত? [Agri. Guccho'22-23]

(a) 180° (b) 120° (c) 90° (d) 109°

সমাধান: (c); সংকরিত ও অসংকরিত অরবিটালদ্বয়ের মধ্যবর্তী কোণের মান 90°.




05. নিচের কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি? [Ans: b] [Agri. Guccho'21-22]

(a) N (b) Cl (c) O (d) F

06. বেনজিনে সিগমা বন্ধন কয়টি? [Agri. Guccho'21-22]

(a) 10 (b) 12 (c) 14 (d) 16

সমাধান: (b);



বেনজিনে মোট σ বন্ধন = 12 টি


মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি


Medistry
© Medistry

07. কোনটির sp^3 হাইব্রিডাইজেশন বিদ্যমান? [Agri. Guccho'21-22]
(a) HCN (b) C_2H_2 (c) BF_3 (d) NH_4^+

সমাধান: (d); HCN বা $H-C\equiv N$ সংকরায়ণ sp

C_2H_2 বা $H-C\equiv C-H$ সংকরায়ণ sp

BF_3 বা  সংকরায়ণ sp^2

NH_4^+ বা  সংকরায়ণ sp^3

08. নিচের কোনটিতে হাইড্রোজেন বন্ধন আছে? [Ans: a] [Agri. Guccho'21-22]
(a) NH_3 (b) CH_4 (c) H_2S (d) HI

09. কোন যৌগটি sp^3d সংকরণবিশিষ্ট? [Ans: b][Agri. Guccho'20-21]
(a) PCl_3 (b) PCl_5 (c) CCl_4 (d) XeF_6

10. কোন যৌগটি জলীয় দ্রবণে সবচেয়ে সহজে হাইড্রোবিশ্লেষিত হয়? [Ans: c][Agri. Guccho'20-21; SBAU'16-17]
(a) CCl_4 (b) $SnCl_2$ (c) $SiCl_4$ (d) $PbCl_4$

11. ম্যাগনেসিয়াম ফসফেটের সংকেত কোনটি? [Ans: d][Agri. Guccho'20-21]
(a) $Mg_2(PO_4)_3$ (b) $MgPO_4$ (c) $Mg_2(PO_4)_2$ (d) $Mg_3(PO_4)_2$

12. কোন যৌগটি সবচেয়ে কম তাপমাত্রায় বিয়োজিত হবে? [Agri. Guccho'20-21]
(a) Na_2CO_3 (b) K_2CO_3 (c) $MgCO_3$ (d) $BaCO_3$

সমাধান: (c); Mg^{2+} আয়নের আকার সবচেয়ে ছোট এবং চার্জ বেশি। তাই পোলারায়ন ক্ষমতা বেশি।

∴ $MgCO_3$ কম তাপমাত্রায় বিয়োজিত হবে।

13. কোনটি পানিতে অদ্রবণীয়? [Agri. Guccho'19-20]
(a) $CaCl_2$ (b) $CaBr_2$ (c) CaI_2 (d) CaF_2

সমাধান: (c); CaI_2 → পোলারায়ন ↑ দ্রবণীয়তা ↓

14. ইলেকট্রন আসক্তির সঠিক ক্রম কোনটি? [Ans: b][Agri. Guccho'19-20, BAU'18-19]
(a) F > Cl > Br > I (b) Cl > F > Br > I (c) F > Cl > I > Br (d) I > Br > Cl > F

15. সালফার মৌলের পারমাণবিক ব্যাসার্ধ কত? [Ans: a][BAU'18-19]
(a) 104 pm (b) 110 pm (c) 117 pm (d) 125 pm

16. কোনটি তীব্র ক্ষারধর্মী অক্সাইড? [Ans: b][BAU'18-19]
(a) N_2O_5 (b) Na_2O (c) MgO (d) SiO_2

17. কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি? [Ans: b][BAU'18-19]
(a) N (b) Cl (c) O (d) F

18. নিম্নের কোনটি NaCl এর গলনাংক? [Ans: b][BAU'18-19]
(a) 776°C (b) 801°C (c) 826°C (d) 862°C

19. C_2H_4 এর অণুতে C – H বন্ধনসমূহ কোন কোন অরবিটালের অধিক্রমণের ফলে গঠিত হয়? [Ans: d][SAU'18-19]
(a) sp এবং 2s (b) sp^3 এবং 1s (c) sp^2 এবং 2s (d) sp^2 এবং 1s

20. সবচেয়ে তড়িৎ ঋণাত্মক মৌলটি হল- [Ans: b][SAU'18-19]
(a) $1s^2 2s^2 2p^6 3s^1$ (b) $1s^2 2s^2 2p^5$ (c) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$ (d) $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$

21. নিচের কোন নিষ্ক্রিয় গ্যাসটি ফ্লোরিনের সাথে বিক্রিয়া করে? [Ans: a][SAU'18-19]
(a) জেনন (b) নিয়ন (c) আর্গন (d) হিলিয়াম

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

22. পর্যায় সারণিতে অবস্থান্তর মৌলগুলির অবস্থান হচ্ছে-
(a) পর্যায় সারণির নিচে (b) পর্যায় সারণির মাঝামাঝি (c) পর্যায় সারণির ডানদিকে (d) পর্যায় সারণির বামদিকে
[Ans: b][CVASU'18-19]

23. নিম্নের কোন মৌলগুলিকে একত্রে চ্যালকোজেন (Chalcogen) বলা হয়?
(a) F, Cl, Br, I (b) F, O, N, C (c) F, Cl, O, S (d) O, S, Se, Te
[Ans: d][CVASU'18-19]

24. গ্রুপ III ক্ষারকীয় মূলকের গ্রুপ বিকারক কোনটি?
(a) $NH_4Cl + HNO_3$ (b) $H_2S + NH_4OH$ (c) $H_2S + HCl$ (d) $NH_4Cl + NH_4OH$
[Ans: d][CVASU'18-19]

25. সোডিয়াম মৌলের পারমাণবিক ব্যাসার্ধ কত?
(a) 123 pm (b) 157 pm (c) 190 pm (d) 203 pm
[Ans: c][BAU'17-18]

26. নিচের কোন মৌলটি আকারে সবচেয়ে ছোট?
(a) O (b) N (c) C (d) Li
[Ans: a][BAU'17-18]

27. আয়নিক যৌগ গঠিত হয় কিভাবে?
(a) দুটি অধাতুর মধ্যে (b) ধাতু ও অধাতুর মধ্যে (c) দুটি ধাতুর মধ্যে (d) ধাতু ও অর্ধ-ধাতুর মধ্যে
[Ans: b][SAU'17-18]

28. তৃতীয় পর্যায়ের কোন মৌলের ইলেকট্রন আসক্তি শূন্য?
(a) Al (b) P (c) Ar (d) S
[Ans: c][SAU'17-18]

29. পর্যায় সারণিতে 'অধাতুসমূহকে' কোন ব্লকে স্থান দেয়া হয়েছে?
(a) s-ব্লকে (b) p-ব্লকে (c) d-ব্লকে (d) f-ব্লকে
[Ans: b][SAU'16-17]

30. পরমাণু ইলেকট্রন ত্যাগ করে ধণাত্মক আয়নে পরিণত হওয়ার পদ্ধতিকে কী বলে?
(a) ইলেকট্রন আসক্তি (b) তড়িৎ ঋণাত্মকতা (c) তড়িৎ ধনাত্মকতা (d) আয়নীকরণ
[Ans: d][BAU'16-17]

31. ধোঁয়া নির্গতকারী সালফিউরিক অ্যাসিড (অলিয়াম) এর সংকেত হল-
(a) $H_2S_2O_7$ (b) P_2O_5 (c) $POCl_3$ (d) H_3PO_4
[Ans: a][SBAU'16-17]

32. নিচের কোনটি ডায়াম্যাগনেটিকের উদাহরণ?
(a) Cr (b) Fe (c) Cu^{2+} (d) F
[Ans: d][JGVC'16-17]

33. নিচের কোন উক্তিটি সঠিক?
(a) ক্লোরিন পরমাণুর ব্যাসার্ধের তুলনায় ক্লোরাইড আয়নের ব্যাসার্ধ বেশি
(b) ক্লোরিন পরমাণুর ব্যাসার্ধ ক্লোরাইড আয়নের ব্যাসার্ধের তুলনায় কম
(c) ক্লোরিন পরমাণু ও ক্লোরাইড আয়ন একই ব্যাসার্ধের
(d) ব্যাসার্ধ দ্রবণের ঘনত্বের উপর নির্ভরশীল
[Ans: a,b][JGVC'16-17]

34. নিচের কোন মৌলটি তেজস্ক্রিয় নয়?
(a) রোডিয়াম (Rh) (b) নেপচুনিয়াম (Np) (c) প্লুটোনিয়াম (Pu) (d) নিওডাইমিয়াম (Nd)
[Ans: d][CVASU'16-17]

35. কোন যৌগের কেন্দ্রীয় পরমাণুর সংকরায়ন $d\,sp^2$ হলে যৌগটির আকৃতি হবে–
(a) চতুস্তলকীয় (b) অষ্টতলীয় (c) বর্গাকার সমতলীয় (d) ত্রিকোণ দ্বি-পিরামিডীয়
[Ans: c][CVASU'16-17]

36. কোনটি সুপার অক্সাইড?
(a) Na_2O_2 (b) KO_2 (c) Na_2O (d) K_2O
[Ans: b] [RU'16-17]

37. নিচের কোন এসিডটি হাইড্রোজেন বন্ধন গঠন করতে পারে?
(a) HF (b) HCl (c) HBr (d) HI
[Ans: a][CVASU'16-17]

38. নিচের কোনটিতে H বন্ধনের প্রভাব নেই?
(a) বরফ (b) অ্যামোনিয়া (c) জলীয় বাষ্প (d) পানি
[Ans: c][SAU' SAU'16-17, 14-15]

39. কোন গ্রুপের মৌলকে মুদ্রা ধাতু বলা হয়?
(a) I A (b) I B (c) II A (d) II B
[BAU'15-16]
সমাধান: (d); $n_1e_1 = n_2e_2 \Rightarrow S_1V_1e_1 = S_2V_2e_2;\ 10 \times 0.1 \times 1 = 0.1 \times V_2 \times 1 \Rightarrow V_2 = 10\ mL$

84. 60 mL 0.2 N NaOH দ্রবণের সাথে কী পরিমাণ পানি যোগ করলে দ্রবণটি 0.1 N হবে? [BAU'07-08, 12-13]

(a) 120 mL (b) 100 mL (c) 80 mL (d) 60 mL

সমাধান: (d); $V_1S_1 = V_2S_2 \Rightarrow 60 \times 0.2 = V_2 \times 0.1\ \therefore V_2 = 120\ mL$
পানি যোগ করতে হবে = $(120 - 60)\ mL = 60\ mL$

85. 1.8 আপেক্ষিক গুরুত্ব বিশিষ্ট 500mL H_2SO_4 এর ভর কত? [BAU'12-13]

(a) 900 g (b) 450 g (c) 360 g (d) 180 g

সমাধান: (a); $W = 500 \times 1.8 = 900\ g$

86. 10 mL ডেসিমোলার NaOH দ্রবণকে প্রশমিত করতে কত আয়তনের ডেসিমোলার H_2SO_4 প্রয়োজন হবে? [SBAU'12-13]

(a) 10 mL (b) 5 mL (c) 15 mL (d) 20 mL

সমাধান: (b); $10 \times 0.1 \times 1 = V \times 0.1 \times 2 \Rightarrow V = 5\ mL$

87. এক মোল $K_2Cr_2O_7$ কত মোল H_2S কে জারিত করতে পারে? [SBAU'12-13]

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

সমাধান: (c); 1 mol $K_2Cr_2O_7$, 3 mol H_2S কে জারিত করতে পারে।

88. একটি দ্রবণের প্রতি লিটার 5 g NaOH থাকলে দ্রবণটির ঘনমাত্রা কত মোল? [SBAU'12-13]

(a) 0.125 (b) 12.5 (c) 1.25 (d) 125

সমাধান: (a); $C = \frac{5}{40} = 0.125\ molL^{-1}$

89. কোনটির বাষ্পঘনত্ব 17? [Ans: b][SAU'12-13]

(a) H_2O (b) H_2S (c) O_2 (d) SO_2

90. একটি অম্লের 200 mL 0.5 M দ্রবণকে প্রশমিত করতে $375\ cm^3$ 0.4 M $Ca(OH)_2$ দ্রবণ প্রয়োজন হলে অম্লটির ক্ষারত্ব হবে- [SAU'12-13]

(a) 3 (b) 4 (c) 6 (d) 200

সমাধান: (a); $200 \times 0.5 \times x = 375 \times 0.4 \times 2 \Rightarrow x = 3$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

91. 1.0 L বিশুদ্ধ পানিতে পানির কতটি অণু আছে? [CVASU'12-13]
(a) 3.345×10^{25} (b) 6.456×10^{25} (c) 3.016×10^{23} (d) 6.0236×10^{23}
সমাধান: (a); 18g পানিতে অণু আছে 6.023×10^{23} টি
1000g পানিতে অণু আছে $= \frac{6.023\times10^{23}\times1000}{18} = 3.345 \times 10^{25}$ টি।

92. $Na_2S_2O_3$ এ S এর জারণ মান কত? [Ans: a][CVASU'12-13]
(a) +2 (b) +4 (c) +6 (d) 0

93. কোনটি বিজারণ বিক্রিয়ায় ঘটে? [Ans: c][RU'12-13]
(a) ঋণাত্মক মৌল সংযোজন (b) ঋণাত্মক পরমাণু সংযোজন (c) ইলেকট্রন গ্রহণ (d) ধনাত্মক পরমাণু অপসারণ

94. প্রতি 1000 গ্রাম দ্রাবকের মধ্যে কোন দ্রবের 1 গ্রাম মৌল দ্রবীভূত থাকলে ঐ দ্রবণকে কী বলে? [Ans: b][BAU'11-12]
(a) মোলার দ্রবণ (b) মোলাল দ্রবণ (c) নরমাল দ্রবণ (d) পারসেন্ট দ্রবণ

95. 12 মি: লি: নরমাল Na_2CO_3 দ্রবণকে প্রশমিত করতে 10 মি: লি: H_2SO_4 দ্রবণ দরকার হলে H_2SO_4 এর ঘনমাত্রা কোনটি? [Ans: c][BAU'11-12]
(a) 0.833 N (b) 0.06 N (c) 1.2 N (d) 0.10 N

96. নিম্নের কোনটি জারক? [Ans: d][BAU'11-12]
(a) O_2 (b) Br_2 (c) SO_2 (d) সবগুলো

97. 100 মিলি 0.5 M Na_2CO_3 দ্রবণ থেকে কত মিলি 0.1 M দ্রবণ তৈরী করা যায়? [BAU'06-07, 11-12]
(a) 1000 মিলি (b) 500 মিলি (c) 1500 মিলি (d) 100 মিলি
সমাধান: (b); $M_1V_1 = M_2V_2 \Rightarrow V_2 = \frac{M_1V_1}{M_2} = \frac{0.5\times100}{0.1} = 500$ mL

98. CrO_3 যৌগটিতে Cr এর জারণ সংখ্যা কত? [Ans: d][SBAU'11-12]
(a) +2 (b) +3 (c) +4 (d) +6

99. 2% NaOH এর জলীয় দ্রবণের নরমাল ঘনমাত্রা কত? [SBAU'11-12]
(a) 0.5 (b) 0.05 (c) 0.2 (d) 0.02
সমাধান: (a); $S = \frac{10x}{M} = \frac{10\times2}{40} = 0.5$; $N = S \times e = 0.5 \times 1 = 0.5$

100. K_2MnO_2 যৌগে ম্যাঙ্গানিজের যোজ্যতা কত? [Ans: a][SBAU'11-12]
(a) +2 (b) 2 (c) +4 (d) +6

101. লঘু H_2SO_4 এর উপস্থিতিতে 0.08 M H_2O_2 এর 50 মিলি দ্রবণকে সম্পূর্ণ জারিত করতে 15 cc $KMnO_4$ দ্রবণ প্রয়োজন হয়। $KMnO_4$ দ্রবণটির মোলার ঘনমাত্রা কত? [Ans: a][SAU'11-12]
(a) 0.107 M (b) 0.08 M (c) 0.06 M (d) 0.8 M

102. এক মোল পানিতে কতটি হাইড্রোজেন পরমাণু আছে? [Ans: b][SAU'10-11]
(a) 0.023×10^{23} (b) 12.046×10^{23} (c) 3.011×10^{23} (d) 11.046×10^{23}

103. সালফার ট্রাইঅক্সাইডের বাষ্প ঘনত্ব কত? [CVASU'11-12]
(a) 64 (b) 40 (c) 32 (d) 48
সমাধান; (b); SO_3 এর আণবিক ভর= $32 + 3 \times 16 = 80$
আণবিক ভর $= 2 \times$ বাষ্পঘনত্ব; বাষ্পঘনত্ব $= \frac{80}{2} = 40$; $M = 2D$

104. 0.5 M H_2SO_4 এসিডের 20.5 mL দ্বারা 20 mL কষ্টিক সোডা দ্রবণ প্রশমিত হয়। ঐ ক্ষার দ্রবণের মোলারিটি কত? [CVASU'11-12]
(a) 1.025 $molL^{-1}$ (b) 0.1025 $molL^{-1}$ (c) 0.5125 $molL^{-1}$ (d) 0.025 $molL^{-1}$
সমাধান: (a); $0.5 \times 20.5 \times 2 = 20 \times S \times 1 \Rightarrow S = 1.025$

105. ইথানয়িক এসিড ও কস্টিক সোডা দ্রবণের টাইট্রেশনে উপযোগী নির্দেশক কোনটি? [Ans: c][CVASU'11-12]
(a) মিথাইল অরেঞ্জ (b) মিথাইল রেড (c) ফেনলফথ্যালিন (d) লিটমাস

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

106. নিম্নের কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া? [Ans: a][CVASU'11-12]

(a) $Ca + F_2 \rightarrow CaF_2$ (b) $NH_3 + H^+ \rightarrow NH_4$

(c) $Ca^2 + 2F \rightarrow CaF_2$ (d) $Cu^{2+} + 4NH_3 \rightarrow Cu(NH_3)_4{}^{+2}$

107. 98% H_2SO_4 এর আপেক্ষিক গুরুত্ব 1.83 হলে এর ঘনমাত্রা নরমালিটিতে কত? [SBAU'08-09, 10-11]

(a) 18 N (b) 36 N (c) 30 N (d) 20 N

সমাধান: (d); আমরা জানি, কোন দ্রবণের নরমাল ঘনমাত্রা, $C = \frac{W \times 1000}{V \times M}$

এখানে, ভর $W = 98$ g; আয়তন $V = 100\ cm^3$

তুল্য সংখ্যা $= \frac{98}{2} = 49$; $\therefore C = \frac{98 \times 1000}{49 \times 100} = 20$ N

108. কোন দ্রবণটির নরমালিটি ও মোলারিটির মান সমান? [Ans: a][CVASU'10-11]

(a) NaOH দ্রবণ (b) H_2SO_4 দ্রবণ (c) Na_2CO_3 দ্রবণ (d) $Ca(OH)_2$ দ্রবণ

109. 1 গ্রাম মোল হাইড্রোজেন এর মধ্যে কত অণু হাইড্রোজেন থাকে? [Ans: a][RU'10-11]

(a) 6.023×10^{23} (b) 7.023×10^{23} (c) 8.023×10^{23} (d) 9.023×10^{23}

110. অ্যাভোগেড্রো সংখ্যা কী? [Ans: b][BAU'09-10]

(a) ইলেকট্রন সংখ্যা (b) অণুর সংখ্যা (c) নিউট্রন সংখ্যা (d) পরমাণুর সংখ্যা

111. 0.5 M 250 mL দ্রবণের মধ্যে কি পরিমাণ Na_2CO_3 থাকে? [Ans: a][BAU'09-10]

(a) 13.25 gm (b) 12.50 gm (c) 14.25 gm (d) 14.50 gm

112. 4°C তাপমাত্রার 180 mL বিশুদ্ধ পানিতে অণুর সংখ্যা– [SBAU'09-10]

(a) 6.022×10^{21} (b) 6.022×10^{22} (c) 6.022×10^{23} (d) 6.022×10^{24}

সমাধান: (সঠিক উত্তর নেই); $V_1 = 180$ mL; $T_1 = 4°C = 277$ K

$T_2 = 0°C = 273$ K; $V_2 = ?$

$V_2 = \frac{V_1}{T_1} \times T_2 = 177.4$ mL

প্রমাণ তাপমাত্রায় 22400mL এ অণু $= 6.023 \times 10^{23}$ টি

$\therefore$ প্রমাণ তাপমাত্রায় 177.4mL এ অণু $= \frac{6.023 \times 10^{23} \times 177.4}{22400} = 4.77 \times 10^{21}$ টি

113. $H_2O_2 + O_3 - H_2O + 2O_2$ এ বিক্রিয়ায় কী ঘটে? [SBAU'08-09, BAU'08-09]

(a) শুধু জারণ (b) শুধু বিজারণ (c) জারণ-বিজারণ (d) কোনটিই নয়

সমাধান: (c); $H_2O_2 + O_3 = H_2O + 2O_2$ বিক্রিয়ায় জারণ বিজারণ ঘটে।

114. 40 mL 0.5 M HCl ও 40 mL 0.25 M HCl একত্রে মিশিয়ে 2 M NaOH দ্রবণ দ্বারা প্রশমিত করতে কত পরিমাণ NaOH প্রয়োজন হবে?

(a) 15 mL (b) 20 mL (c) 25 mL (d) 30 mL [BAU'08-09]

সমাধান: (a); এখানে, $1 \times 2 \times V_{NaOH} = 1 \times 40 \times 0.5 + 1 \times 40 \times 0.25$ $\therefore V_{NaOH} = 15$ mL

115. 250 mL 0.1 M NaOH দ্রবণ তৈরি করতে কি পরিমাণ NaOH প্রয়োজন হবে? [BAU'08-09]

(a) 4 g (b) 2.5 g (c) 1 g (d) 0.5 g

সমাধান: (c); $\frac{W}{40} \times 1 = \frac{250}{1000} \times 0.1$ $\therefore W = 1$ gm

116. অম্লীয় $KMnO_4$ এবং অক্সালিক এসিডের বিক্রিয়ায় বিক্রিয়কদ্বয়ের মোলার অনুপাত কত? [Ans: b][BAU'08-09]

(a) 3:5 (b) 2:5 (c) 1:4 (d) 2:6

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০৪

তড়িৎ রসায়ন

01. যদি $E^0_{cathode} = +0.80V$ এবং $E^0_{anode} = -0.76\ V$ হয় তবে গ্যালভানিক কোষের emf কত ভোল্ট হবে? [Agri. Guccho'22-23]

(a) −0.04 (b) +0.04 (c) −1.56 (d) +1.56

সমাধান: (d); যেহেতু গ্যালভানিক কোষে স্বতঃস্ফূর্ত জারণ-বিজারণ বিক্রিয়া সংঘটিত হয়। তাই অ্যানোডের জারণ বিভব অবশ্যই ক্যাথোডের জারণ বিভব থেকে বেশি হতে হবে। কিন্তু প্রশ্নে যেহেতু উল্লেখ করা নেই যে −0.76 V অ্যানোডের জারণ বিভব নাকি বিজারণ বিভব। তাই গ্যালভানিক কোষ গঠনের শর্তানুযায়ী আমরা ধরে নিলাম −0.76 V এর বিজারণ বিভব। অর্থাৎ অ্যানোডের জারণ বিভব = +0.76 V এবং ক্যাথোডের বিজারণ বিভব +0.80 V।

$\therefore emf = E^o_{anode\ (ox)} + E^o_{cathode\ (red)} = (+0.76 + 0.80)V = +1.56\ V$

02. ক্যাথোডে 1 mol H_2 গ্যাস উৎপন্ন হতে কী পরিমাণ বিদ্যুৎ প্রয়োজন হবে? [Ans: b] [Agri. Guccho'21-22]

(a) 1F (b) 2F (c) 3F (d) 4F

03. কোনটি সবল তড়িৎ বিশ্লেষ্য (electrolyte)? [Ans: a][Agri. Guccho'20-21]

(a) KOH (b) HF (c) $C_{12}H_{22}O_{11}$ (d) C_2H_5OH

04. এক মোল ইলেকট্রনের চার্জ কোনটি দ্বারা প্রকাশ পায়? [Ans: c][SAU'18-19]

(a) এক অ্যাম্পিয়ার (b) এক কুলম্ব (c) এক ফ্যারাডে (d) এক ভোল্ট

05. জিংক সালফেট দ্রবণের মধ্যে 3.25 A বিদ্যুৎ কতক্ষণ চালনা করলে 4.405 gm জিংক সঞ্চিত হবে?[Zn = 65.40 at wt.]

(a) 33.33 min (b) 66.66 min (c) 1991.91 min (d) 99.99 min [SAU'18-19]

সমাধান: (b); $4.405 = \frac{65.4 \times 3.25 \times t}{2 \times 96500} \Rightarrow t = 3999.84s \approx 66.6\ min$

06. নিচের কোন লবণের জলীয় দ্রবণের তড়িৎ পরিবাহিতা সবচেয়ে বেশি? [BAU'17-18]

(a) AgF (b) AgCl (c) AgBr (d) AgI

সমাধান: (a); আকারের দিক দিয়ে $F^- < Cl^- < Br^- < I^-$ ∴ AgI এর পোলারায়ন সর্বোচ্চ এবং এই যৌগে সমযোজী বৈশিষ্ট্য সর্বোচ্চ। তাই AgI এর জলীয় দ্রবণের তড়িৎ পরিবাহিতা সর্বনিম্ন।

07. গলিত NaCl এর তড়িৎ পরিবাহিতার কারণ কী? [Ans: b][SAU'17-18]

(a) মুক্ত আয়ন (b) মুক্ত ইলেকট্রন (c) মুক্ত অণু (d) Na এবং Cl পরমাণু

08. $2NH_3 + 3CuO \rightarrow N_2 + 3Cu + 3H_2O$ বিক্রিয়ায় NH_3 কিভাবে কাজ করে? [BAU'16-17]

(a) Catalyst (b) Oxidizing agent (c) Reducing agent (d) Substituting agent

সমাধান: (c); NH_3 থেকে N_2 তে N এর জারণ মান বৃদ্ধি পেয়েছে। সুতরাং, NH_3 Reducing agent.

09. কোন ধাতুর প্রলেপ দিলে লোহাতে মরিচা ধরে না? [Ans: b][BAU'16-17]

(a) Pb (b) Zn (c) Ti (d) Hg

10. লিথিয়াম আয়ন ব্যাটারির ঋণাত্মক ইলেকট্রোড হচ্ছে– [Ans: b][CVASU'16-17]

(a) গ্রাফাইট (b) লিথিয়াম কোবাল্ট অক্সাইড (c) লেড (d) লিথিয়াম আয়রন ফসফেট

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

© Medistry

11. ড্রাই সেলে তড়িৎ বিশ্লেষ্য- [Ans: b][SAU'14-15]

(a) $ZnCl_2$ (b) NH_4Cl (c) H_2O (d) $CuSO_4$

12. তড়িৎ রাসায়নিক তুল্যাংক (Electro chemical Equivalent) এর একক কী? [SBAU'13-14, HSTU'14-15]

(a) কিলোগ্রাম/কুলম্ব (b) কিলোগ্রাম/ক্যালরি (c) ক্যালরি/কিলোগ্রাম (d) জুল/কিলোগ্রাম

সমাধান: (a); $W = ZQ \Rightarrow Z = \frac{W}{Q} = kg/C$

13. তুঁতের দ্রবণে 15 min ধরে 5 A বিদ্যুৎ প্রবাহ করলে কী পরিমাণ কপার ক্যাথোডে জমা হবে? [BAU'13-14]

(a) 1.4805 g (b) 2.448 g (c) 0.4805 g (d) 0.448 g

সমাধান: (a); $w = ZIt = \frac{63.5}{96500\times2} \times 15 \times 60 \times 5 = 1.4825\ g$

14. একটি ধাতু 'M' এর পারমাণবিক ভর 42 গ্রাম এবং এর সালফেট লবণের সংকেত $M_2(SO_4)_3$। ধাতুটির রাসায়নিক তুল্যাংক কত? [SBAU'13-14]

(a) $42\ gc^{-1}$ (b) $21\ gc^{-1}$ (c) $14\ gc^{-1}$ (d) $1.45 \times 10^{-4} gc^{-1}$

সমাধান: (d); M ধাতুটির রাসায়নিক তুল্যাংক $= \frac{42}{96500\times3} = 1.45 \times 10^{-4} gc^{-1}$

15. গলিত $AlCl_3$ তড়িৎ বিশ্লেষ্যের মধ্যে দিয়ে 1.5 A শক্তির বিদ্যুৎ কত সময় যাবৎ চালনা করলে ক্যাথোডে 1.6g Al ধাতু জমা হবে? [SAU'13-14]

(a) 2.0 hrs (b) 3.0 hrs (c) 3.2 hrs (d) 1.5 hrs

সমাধান: (c); $W = \frac{MIt}{eF} \Rightarrow t = \frac{WeF}{MI} = \frac{1.6\times3\times96500}{27\times1.5} = 11437.03704s = 3.177\ hrs \approx 3.2\ hrs$

16. এক ফ্যারাডে বিদ্যুৎ গলিত NaCl এর মধ্য দিয়ে প্রবাহিত করলে ক্যাথোডে কি পরিমাণ সোডিয়াম জমা হবে? [SBAU'12-13]

(a) 6.023×10^{23} g (b) 23.0 g (c) 40.0 g (d) 11.5 g

সমাধান: (b); $1\ F = 1mol = 6.023 \times 10^{23} = 23\ g\ Na$; পরমাণু Or, $W = ZIt = ZQ = \frac{23}{1\times96500} \times 96500 = 23\ g$

17. 1 mol সিলভার আয়নকে পরমাণুতে পরিণত করতে ইলেকট্রন প্রয়োজন হবে — [Ans: b][SAU'12-13]

(a) 60.22×10^{23} (b) 60.22×10^{22} (c) 60.22×10^{21} (d) 60.22×10^{21}

18. $CuSO_2$ দ্রবণে এক ঘন্টা করে 5.0 A বিদ্যুৎ চালনা করলে তড়িৎ বিশ্লেষ্যের ফলে ক্যাথোডে কি পরিমাণ কপার জমা হবে? [Ans: a][SAU'12-13]

(a) 5.922 g (b) 6.01 g (c) 59.22 g (d) 95.22 g

19. $Zn(s) \rightleftharpoons Zn^{2+} + 2e$ এবং $Cu(s) \rightleftharpoons Cu^{2+} + 2e$ বিক্রিয়া দুটির প্রমাণ জারণ তড়িৎ দ্বারা বিভব যথাক্রমে $+0.76$ ও $-0.337V$। $Zn + Cu^{2+} \rightleftharpoons Zn^{2+} + Cu$ কোষের মোট বিভব কত? [Ans: a][SAU'12-13]

(a) 1.097 (b) −1.097 (c) 0.42 (d) −0.42

20. $Cu^{2+} + 2e^- \rightarrow Cu$ হলে, 1 মোল Cu এর জন্য কত কুলম্ব চার্জ লাগবে? [Ans: b][SBAU'11-12]

(a) 96500 (b) 2×96500 (c) 3×96500 (d) 4×96500

21. যে বিদ্যুৎ কোষ নিজের রাসায়নিক শক্তি থেকে সরাসরি বিদ্যুৎ উৎপন্ন করে বিদ্যুৎ প্রবাহ বজায় রাখে, তাকে বলা হয়-[SBAU'09-10]

(a) মৌলিক কোষ (b) ভোল্টার কোষ (c) গঠন কোষ (d) সঞ্চয়ী কোষ

সমাধান: (a); মৌলিক কোষ: যে বিদ্যুৎ কোষ নিজের রাসায়নিক শক্তি থেকে সরাসরি বিদ্যুৎ শক্তি উৎপন্ন করে বিদ্যুৎ প্রবাহ বজায় রাখে তা মৌলিক কোষ। সঞ্চয়ী কোষঃ যে বিদ্যুৎ কোষ সরবরাহকৃত বিদ্যুৎ শক্তিকে রাসায়নিক শক্তিরূপে সঞ্চিত করে রাখে এবং পরবর্তীতে এ রাসায়নিক শক্তিকে আবার বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করে তা সঞ্চয়ী কোষ।

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

উচ্চতর গণিত

১ম পত্র

MEDISTRY
Exactly what You Need
মেডিস্ট্রি
▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

অধ্যায় ০১
ম্যাট্রিক্স ও নির্ণায়ক

01. $[1 \quad 3]\begin{bmatrix} y & x \\ 5 & x \end{bmatrix} = [12\ 4]$ হলে (x, y) এর মান কত? [Ans: d] [BAU'18-19]

(a) $(-3, -1)$ (b) $(-3, 1)$ (c) $(1, 1)$ (d) $(1, -3)$

02. $A = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix}$ হলে $A^3 - A^2$ এর মান নিচের কোনটি? [CVASU'18-19]

(a) 2 I (b) I (c) 2A (d) A

সমাধান: (c); $A = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix}$; $A^2 = A.A = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix}\begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{pmatrix}$

$A^3 = A^2.A = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{pmatrix}\begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 8 \end{pmatrix}$

$A^3 - A^2 = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & 8 \end{pmatrix} - \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{pmatrix} = \begin{pmatrix} -2 & 0 \\ 0 & 4 \end{pmatrix} = 2\begin{pmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{pmatrix} = 2A$

03. ম্যাট্রিক্স $\begin{bmatrix} 1 & 3 & 5 \\ 2 & 5 & 7 \\ 3 & 8 & 6 \end{bmatrix}$ এর ট্রেস কোনটি? [Ans: a] [SAU'17-18]

(a) 12 (b) 13 (c) 17 (d) 15

সমাধান: (a); মূখ্যকর্ণের উপাদানগুলোর যোগফলকে Trace বলে। এখানে Trace $= 1 + 5 + 6 = 12$

04. $\begin{vmatrix} 5 & 6 & 7 \\ 1 & 2 & 3 \\ 3 & 6 & 9 \end{vmatrix} = ?$ [JGVC'17-18]

(a) 0 (b) 1 (c) 2 (d) 3

সমাধান: (a); $\begin{vmatrix} 5 & 6 & 7 \\ 1 & 2 & 3 \\ 3 & 6 & 9 \end{vmatrix} = 3\begin{vmatrix} 5 & 6 & 7 \\ 1 & 2 & 3 \\ 1 & 2 & 3 \end{vmatrix} = 3 \times 0 = 0$

05. A একটি অব্যতিক্রমী বর্গ ম্যাট্রিক্স হলে A^{-1} এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি? [Ans: a] [SAU'16-17]

(a) A (b) $-A$ (c) $\pm A$ (d) (0)

সমাধান: (a); $(A^{-1})^{-1} = A$

06. $A = \begin{bmatrix} 1 & 0 & -2 \\ 3 & -2 & -1 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} -1 & 3 \\ 4 & 0 \\ 2 & 6 \end{bmatrix}$ হলে নিচের কোনটি সঠিক? [SAU'16-17]

(a) $AB = BA$ (b) $AB \neq BA$ (c) $AB = I$ (d) $BA = I$

সমাধান: (b); $A_{2\times3} \times B_{3\times2} = C_{2\times2}$

$B_{3\times2} \times A_{2\times3} = D_{3\times3}$

ক্রম বিবেচনায়, $C_{2\times2} \neq D_{3\times3}$; তাই, $AB \neq BA$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

07. A একটি 3×3 ক্রমের ম্যাট্রিক্স এবং I একই ক্রমের ম্যাট্রিক্স হলে AI^3 এর মান কোনটি? [SBAU'11-12, BAU'14-15]

(a) 3A (b) A (c) 3AI (d) – A

সমাধান: (b); $I^3 = I,\ AI^3 = AI = A$

08. কর্ণ ম্যাট্রিক্সের অশূন্য উপাদানগুলো সমান হলে তাকে কী বলে? [BAU'05-06, SBAU'14-15]

(a) বর্গ মাট্রিক্স (b) স্কেলার ম্যাট্রিক্স (c) অভেদক ম্যাট্রিক্স (d) শূন্য ম্যাট্রিক্স

সমাধান: (b); কর্ণ ম্যাট্রিক্সের অশূন্য উপাদান গুলো সমান হলে, তাকে স্কেলার ম্যাট্রিক্স বলে।

09. A ম্যাট্রিক্সের ক্রম 5 × 7 এবং B ম্যাট্রিক্সের ক্রম 7 × 5 হলে AB ম্যাট্রিক্সের ক্রম কোনটি? [Ans: d] [SAU'12-13,14-15]

(a) 7 × 7 (b) 5 ×7 (c) 7 × 5 (d) 5 × 5

10. $A = \begin{bmatrix} 4 \\ -1 \\ 3 \end{bmatrix}$ এবং $B = [1\ 2\ 3]$ হলে AB ম্যাট্রিক্স কোনটি? [BAU'13-14]

(a) A [4, –2, 9] (b) $\begin{bmatrix} 4 & 8 & 12 \\ -1 & -2 & -3 \\ 3 & 6 & 9 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 4 \\ -2 \\ 0 \end{bmatrix}$ (d) [11]

সমাধান: (b); A এর মাত্রা 3×1; B এর মাত্রা 1×3 ∴ AB ম্যাট্রিক্স এর ক্রম হবে, 3×3

11. B একটি বর্গ ম্যাট্রিক্স এবং I একই ক্রমের একক ম্যাট্রিক্স হলে BI^2 এর মান কত? [Ans: a] [SAU'13-14]

(a) B (b) I^2 (c) B^2 (d) BI

12. A একটি বর্গ ম্যাট্রিক্স এবং I একই ক্রমের একক ম্যাট্রিক্স হলে AI এর মান কত? [JGVC'13-14]

(a) A^2 (b) A (c) 1 (d) 0

সমাধান: (b); $A = \begin{bmatrix} a & c \\ b & d \end{bmatrix}, I = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \therefore AI = \begin{bmatrix} a & c \\ b & d \end{bmatrix} = A$

13. $\begin{vmatrix} 4 & 8 & 12 \\ 4 & 4 & 6 \\ 1 & 2 & 3 \end{vmatrix}$ এর মান কত? [BAU'07-08,12-13]

(a) –1 (b) 0 (c) 1 (d) 2

সমাধান: (b); মান $= 4(12-12) - 8(12-6) + 12(8-4) = 0 - 48 + 48 = 0$

14. A ম্যাট্রিক্সের m×n ক্রম এবং B ম্যাট্রিক্সের ক্রম n×p হলে, A×B ম্যাট্রিক্সের ক্রম কোনটি? [BAU'09-10, BSMRAU'12-13]

(a) m × p (b) n × m (c) m × n (d) m × m

সমাধান: (a); A ম্যাট্রিক্সের ক্রম m×n এবং B ম্যাট্রিক্সের ক্রম n×p হলে A×B ম্যাট্রিক্সের ক্রম m×p।

15. $\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} = ?$ [Ans: a] [BAU'08-09]

(a) (a – b)(b – c)(c – a)
(b) (b – a)(b – c)(c – a)
(c) (a – b)(c – b)(c – a)
(d) (a – b)(b – c)(a – c)

সমাধান: (a); $\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix}$

$= (a-b)(b-c)\begin{vmatrix} 1 & 1 \\ a+b & b+c \end{vmatrix} = (a-b)(b-c)(c-a)$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

© Medistry

অধ্যায় ০৩
সরলরেখা

01. কোন রেখাটি $3y = \sqrt{3}x + 15$ রেখায় $15°$ কোণে অবনত? [Agri.Guccho'22-23]

(a) $\sqrt{3}y = 3x + 15$ (b) $3y = 3x + 7$ (c) $3y = \sqrt{3}x - 15$ (d) $3y = 4x + 15$

সমাধান: (b); $3y = \sqrt{3}x + 15 \Rightarrow y = \frac{1}{\sqrt{3}}x + 5 \therefore m_2 = \frac{1}{\sqrt{3}}$

$\tan\theta = \frac{m_1 - m_2}{1 + m_1 m_2} \Rightarrow \tan 15° = \frac{m_1 - \frac{1}{\sqrt{3}}}{1 + m_1 \times \frac{1}{\sqrt{3}}} \therefore m_1 = 1$ যা Option (b) এর জন্য সত্য।

02. কোন রেখাটি x- অক্ষকে মূল বিন্দু থেকে 3 একক দূরত্বে ছেদ করে? [Agri.Guccho'22-23]

(a) $y = 2x - 6$ (b) $y = 2x - 4$ (c) $y = 3x + 6$ (d) $y = 3x - 2$

সমাধান: (a); $y = 2x - 6 \Rightarrow 2x - y = 6 \Rightarrow \frac{x}{3} + \frac{y}{(-6)} = 1$

03. কোন চতুর্থাংশে $x + y = 2$ এবং $x - y = 12$ রেখাদ্বয় পরস্পরকে ছেদ করে? [Agri.Guccho'22-23]

(a) I (b) II (c) III (d) IV

সমাধান: (d); $\frac{x+y=2}{x-y=12}$ $\therefore x = 7 \therefore y = 2 - x = 2 - 7 = -5$

$\therefore (x, y) \equiv (7, -5)$ যা 4^{th} quadrant এর বিন্দু।

04. কোন বিন্দুর পোলার স্থানাঙ্ক $(2, 120°)$ হলে উহার কার্তেসীয় স্থানাঙ্ক? [Agri.Guccho'22-23]

(a) $(-1, \sqrt{3})$ (b) $(-1, -\sqrt{3})$ (c) $(1, \sqrt{3})$ (d) $(\sqrt{3}, 1)$

সমাধান: (a); $(r, \theta) \equiv (2, 120°) \therefore x = r\cos\theta = 2\cos 120° = 2\left(-\frac{1}{2}\right) = -1$

$\therefore y = r\sin\theta = 2\sin 120° = 2 \times \left(\frac{\sqrt{3}}{2}\right) = \sqrt{3} \therefore (x, y) \equiv (-1, \sqrt{3})$

05. $x - 2y = 6$ রেখাটি y-অক্ষের ধনাত্মক দিকের প্রতি কত কোণে অবনত? [Agri.Guccho'22-23]

(a) $\tan^{-1}(3)$ (b) $\tan^{-1}(1)$ (c) $\tan^{-1}(2)$ (d) $\tan^{-1}(-2)$

সমাধান: (c); $x - 2y = 6 \Rightarrow y = \frac{1}{2}x - 3$

$\therefore$ y-অক্ষের ধনাত্মক দিকের সাথে কোণ $= 90° - \tan^{-1}\frac{1}{2} = \cot^{-1}\frac{1}{2} = \tan^{-1} 2$

06. $x - \sqrt{3}y = 7$ হলে সরলরেখার ঢাল কত? [Agri. Guccho'21-22]

(a) $-\sqrt{3}$ (b) $-\frac{1}{\sqrt{3}}$ (c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

সমাধান: (c); $x - \sqrt{3}y = 7 \Rightarrow \sqrt{3}y = x - 7 \Rightarrow y = \frac{1}{\sqrt{3}}x - \frac{7}{\sqrt{3}}$ $\therefore y = mx + c$ অনুসারে ঢাল, $m = \frac{1}{\sqrt{3}}$

07. $4x - 3y + 12 = 0$ এবং $4x - 3y + 3 = 0$ সরলরেখা দুইটির মধ্যবর্তী দূরত্ব কত? [Agri. Guccho'21-22]

(a) $\frac{5}{9}$ একক (b) $\frac{9}{5}$ একক (c) $\frac{7}{5}$ একক (d) $\frac{5}{7}$ একক

সমাধান: (b); দূরত্ব $= \frac{|C_1 - C_2|}{\sqrt{a^2 + b^2}} = \frac{12 - 3}{\sqrt{4^2 + 3^2}} = \frac{9}{5}$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

08. $5x + 2y - 8 = 0$ রেখার ওপর লম্ব রেখার ঢাল কত? [Agri. Guccho'21-22]

(a) $\frac{-5}{2}$ (b) $\frac{-2}{5}$ (c) $\frac{2}{5}$ (d) $\frac{5}{2}$

সমাধান: (c); $5x + 2y - 8 = 0$ রেখার ঢাল, $m_1 = -\frac{5}{2}$ লম্ব রেখার ঢাল m_2 হলে, $m_1 m_2 = -1 \therefore m_2 = \frac{2}{5}$

09. $\left(\sqrt{3}, \frac{\pi}{3}\right)$ বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক কত হবে? [Agri. Guccho'21-22]

(a) $(3, \sqrt{3})$ (b) $(2, \sqrt{2})$ (c) $\left(\frac{2}{3}, \frac{2}{\sqrt{3}}\right)$ (d) $\left(\frac{\sqrt{3}}{2}, \frac{3}{2}\right)$

সমাধান: (d); $x = r\cos\theta = \sqrt{3}.\cos\frac{\pi}{3} = \sqrt{3}.\frac{1}{2} = \frac{\sqrt{3}}{2}$

আবার, $y = r\sin\theta = \sqrt{3} \times \sin\frac{\pi}{3} = \sqrt{3}.\frac{\sqrt{3}}{2} = \frac{3}{2} \therefore$ বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক $\equiv \left(\frac{\sqrt{3}}{2}, \frac{3}{2}\right)$

10. $(x + 5, 2y + 1) = (2y + 4, 3y)$ হলে, x এর মান কত? [Agri. Guccho'20-21]

(a) -1 (b) 0 (c) 1 (d) 2

সমাধান: (c); সমতানুযায়ী, $2y + 1 = 3y \therefore y = 1$

আবার, $x + 5 = 2y + 4 \Rightarrow x = 2y - 1 = 2 \times 1 - 1 = 1$

11. $y = 2$ এবং $2x - 2y + 3 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভূক্ত কোণ কত? [Agri. Guccho'20-21]

(a) $30°$ (b) $0°$ (c) $60°$ (d) $45°$

সমাধান: (d); $y = 2, m_1 = 0 ; 2x - 2y + 3 = 0, m_2 = \frac{-2}{-2} = 1 \therefore \tan\theta = \pm\frac{m_1 - m_2}{1 + m_1 m_2} = \pm\frac{0-1}{1+0\times1}$

$\therefore \theta = 135°, 45° \therefore$ অন্তর্গত কোণ, $45°$ [স্থূলকোণ Option নেই]

12. x এর কোন মানের জন্য $y = x + \frac{1}{x}$ এর ঢাল শূন্য হবে? [Agri. Guccho'20-21]

(a) 1 (b) 0 (c) ±1 (d) $\pm\frac{1}{2}$

সমাধান: (c); $y = x + \frac{1}{x} ; \frac{dy}{dx} = 1 - \frac{1}{x^2} \therefore 1 - \frac{1}{x^2} = 0 \Rightarrow x^2 = 1 \therefore x = \pm1$

13. $y = x + 4$ হতে $y = x$ রেখার লম্ব দূরত্ব কত? [Agri. Guccho'20-21]

(a) $\sqrt{2}$ (b) $2\sqrt{2}$ (c) $3\sqrt{2}$ (d) $4\sqrt{2}$

সমাধান: (b); $\left|\frac{c_1 - c_2}{\sqrt{a^2 + b^2}}\right| = \left|\frac{4-0}{\sqrt{1^2+1^2}}\right| = 2\sqrt{2}$

14. $2x + 3y + 6 = 0$ রেখার উপর লম্বরেখার ঢাল কোনটি? [Agri. Guccho'19-20]

(a) $\frac{2}{3}$ (b) $-\frac{2}{3}$ (c) $\frac{3}{2}$ (d) $-\frac{3}{2}$

সমাধান: (c); $2x + 3y + 6 = 0$ রেখার ঢাল, $m_1 = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{2}{3}$;

ধরি, $2x + 3y + 6 = 0$ রেখার উপর লম্ব রেখার ঢাল, m_2


আমরা জানি, দুটি রেখা পরস্পর লম্ব হলে রেখাদ্বয়ের ঢালদ্বয়ের গুণফল $= -1$

$\therefore m_1 \times m_2 = -1 \Rightarrow -\frac{2}{3} \times m_2 = -1 \Rightarrow m_2 = \frac{3}{2}$

15. $3x + 4y = 12$ রেখাটি X-অক্ষকে A এবং Y অক্ষকে B বিন্দুতে ছেদ করে। AB এর দৈর্ঘ্য কোনটি? [Agri. Guccho'19-20]

(a) 5 (b) 4 (c) 6 (d) 8

সমাধান: (a);



$3x + 4y = 12 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{3} = 1$

$\therefore$ AB রেখাংশের দৈর্ঘ্য $= \sqrt{(4)^2 + (3)^2} = 5$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry


16. $y = x$ এবং $2x + 1 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভূক্ত কোণ কোনটি? [Agri. Guccho'19-20]

(a) $0°$ (b) $45°$ (c) $60°$ (d) $90°$

সমাধান: (b); $y = x$ রেখার ঢাল, $\tan\theta_1 = 1$

$\therefore$ রেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে $\theta_1 = \tan^{-1}(1) = 45°$ কোণ উৎপন্ন করে।

$2x + 1 = 0$ রেখার ঢাল $\tan\theta_2 = \infty$



$\therefore$ রেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে $\theta_2 = \tan^{-1}(\infty) = 90°$ কোণ উৎপন্ন করে।

$\therefore$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ $= 45°$

17. $r\cos^2\theta + \cos\theta - r = 0$ সমীকরণ দ্বারা সূচিত বক্ররেখা একটি- [Agri. Guccho'19-20]

(a) বৃত্ত (b) উপবৃত্ত (c) অর্ধবৃত্ত (d) পরাবৃত্ত

সমাধান: (d); $r\cos^2\theta + \cos\theta - r = 0 \Rightarrow r.\frac{x^2}{r^2} + \frac{x}{r} - r = 0 \Rightarrow \frac{x^2}{r} + \frac{x}{r} = r \Rightarrow \frac{x^2+x}{r} = r$ $[x = r\cos\theta]$

$\Rightarrow x^2 + x = r^2 \Rightarrow x^2 + x = x^2 + y^2 \Rightarrow y^2 = x \Rightarrow y^2 = 4.\frac{1}{4}.x$ [যা একটি পরাবৃত্তের সমীকরণ]

18. মূলবিন্দু থেকে $x\sin\alpha + y\cos\alpha = p$ রেখার উপর লম্ব অংকিত হলো। এ লম্ব রেখাটি X-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার মান কত? [Ans: b] [BAU'18-19]

(a) α (b) $\frac{\pi}{2} - \alpha$ (c) $\frac{\pi}{2} + \alpha$ (d) $\pi + \alpha$

19. কোন বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক $(-1, \sqrt{3})$ হলে বিন্দুটির পোলার স্থানাঙ্ক কত? [Ans: c] [CVASU'11-12, BAU'18-19]

(a) $(2, \frac{\pi}{3})$ (b) $(2, -\frac{\pi}{3})$ (c) $(2, \frac{2\pi}{3})$ (d) $(4, \frac{2\pi}{3})$

20. কার্তেসীয় সমতলে একটি বিন্দুর স্থানাঙ্ক $(1, -1)$ হলে, এর পোলার স্থানাঙ্ক কত? [SAU'18-19]

(a) $\left(2, \frac{\pi}{4}\right)$ (b) $\left(1, \frac{\pi}{3}\right)$ (c) $\left(\sqrt{2}, -\frac{\pi}{4}\right)$ (d) $\left(2, \frac{\pi}{3}\right)$

সমাধান: (c); $r = \sqrt{1^2 + (-1)^2} = \sqrt{2}$; $\theta = \tan^{-1}\left(\frac{-1}{1}\right) = -\frac{\pi}{4}$

21. $(K, 2), (0, 5)$ এবং $(2 - K, 3)$ বিন্দুত্রয় সমরেখ হলে K এর মান কত? [SAU'18-19]

(a) -13 (b) $\frac{6}{5}$ (c) -9 (d) -19

সমাধান: (b); $\frac{5-2}{0-K} = \frac{3-5}{2-K} \Rightarrow \frac{3}{K} = \frac{-2}{K-2} \Rightarrow K = \frac{6}{5}$

22. যদি $A = (2, -4), B = (7, 1)$ এবং $C = (-1, 5)$ ABCD সামন্তরিকের তিনটি শীর্ষ বিন্দু হয় তবে D এর স্থানাঙ্ক কত? [Ans: b] [CVASU'18-19]

(a) $(0, -6)$ (b) $(-6, 0)$ (c) $(6, 0)$ (d) $(3, 2)$

23. $6x - 4y + 9 = 0$ এবং $3x - 2y = 1$ রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব কত?

(a) $\frac{11}{\sqrt{3}}$ (b) $\frac{11}{2\sqrt{13}}$ (c) $\frac{10}{\sqrt{13}}$ (d) $\frac{7}{2\sqrt{13}}$

সমাধান: (b); $3x - 2y + \frac{9}{2} = 0$; $3x - 2y - 1 = 0$; $d = \left|\frac{\frac{9}{2}+1}{\sqrt{3^2+2^2}}\right| = \frac{11}{2\sqrt{13}}$

24. একটি বহুভুজের একটি কোণের পরিমাণ $170°$, বহুভুজটির বাহুর সংখ্যা কত? [BAU'17-18]

(a) 9 (b) 18 (c) 27 (d) 36

সমাধান: (d); $\frac{(n-2)\times 180°}{n} = 170° \Rightarrow 180°n - 360° = 170°n \therefore n = 36$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

25. A(2,3), B(1,5), C(3,4) শীর্ষ বিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র কোনটি? [Ans: c] [SAU'12-13, BAU'14-15, 17-18]
(a) (1,2) (b) (1,3) (c) (2,4) (d) (4,8)

26. একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা মূল বিন্দুগামী ও $x-y=0$ রেখার উপর লম্ব। [JGVC'17-18]
(a) $x+y=-1$ (b) $x+y=0$ (c) $x+y=1$ (d) $x+y=2$
সমাধান: (b); $x-y=0$ রেখার লম্ব রেখা $-x-y=k$; $x+y=-k$ ..... (i)
(i) নং (0,0) বিন্দুগামী বলে $0+0=-k=0 \therefore k=0 \therefore x+y=0$

27. একটি ত্রিভুজের শীর্ষক্রম A(x,y), B(1,2) ও C (2,1) এবং এর ক্ষেত্রফল 6 বর্গ একক হলে $x+y=$?
(a) -6 (b) 9 (c) -12 (d) 15 [JGVC'17-18]
সমাধান: (d); $\frac{1}{2}\begin{vmatrix} x & y & 1 \\ 1 & 2 & 1 \\ 2 & 1 & 1 \end{vmatrix}=6 \Rightarrow x\begin{vmatrix} 2 & 1 \\ 1 & 1 \end{vmatrix}-y\begin{vmatrix} 1 & 1 \\ 2 & 1 \end{vmatrix}+1\begin{vmatrix} 1 & 2 \\ 2 & 1 \end{vmatrix}=12$
$\Rightarrow x+y-3=12 \quad \therefore x+y=15$

28. একটি ত্রিভুজের দু'টি শীর্ষবিন্দু যথাক্রমে (2,7) এবং (6,1) এবং ভরকেন্দ্র (6,4) হলে তৃতীয় শীর্ষবিন্দুটি কত হবে? [BAU'16-17]
(a) (4,10) (b) (5,10) (c) (10,4) (d) (10,5)
সমাধান: (c); $\left(\frac{2+6+x_3}{3}, \frac{7+1+y_3}{3}\right)=(6,4) \Rightarrow (x_3,y_3)=(10,4)$

29. a এর মান কত হলে $2x-y=0$ এবং $3x+ay-2=0$ রেখাদ্বয় পরস্পর লম্ব হবে? [SAU'16-17]
(a) $\frac{2}{3}$ (b) $\frac{3}{2}$ (c) 6 (d) -6
সমাধান: (c); $m_1=2; m_2=-\frac{3}{a}$; লম্ব হতে হলে, $2\times\left(-\frac{3}{a}\right)=-1 \Rightarrow a=6$

30. একটি আয়তক্ষেত্রের দুইটি বাহুর সমীকরণ $x-4=0$ এবং $y-8=0$ হলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কোনটি? [Ans: b] [CVASU'16-17]
(a) 16 বর্গ একক (b) 32 বর্গ একক (c) 64 বর্গ একক (d) 24 বর্গ একক

31. $(x+y,1)$ এবং $(3,x-y)$ ক্রমজোড় দুইটি সমান হলে, x এবং y এর মান কত? [SBAU'16-17]
(a) (1,2) (b) (2,1) (c) (0,1) (d) (1,3)
সমাধান: (b); $x+y=3,\ x-y=1 \therefore 2x=4 \Rightarrow x=2; 2y=2 \Rightarrow y=1$

32. x-অক্ষের সাপেক্ষে $(2,-3)$ বিন্দুর প্রতিচ্ছবির স্থানাঙ্ক কোনটি? [Ans: b] [SAU'16-17]
(a) $(-2,-3)$ (b) (2, 3) (c) (0,3) (d) (2,0)
সমাধান: (b); x অক্ষের সাপেক্ষে (a, b) বিন্দুর প্রতিচ্ছবি $(a,-b)$
y অক্ষের সাপেক্ষে (a, b) বিন্দুর প্রতিচ্ছবি $(-a,b)$
$x=y$ রেখার সাপেক্ষে (a, b) বিন্দুর প্রতিচ্ছবি (b, a)
$x=-y$ রেখার সাপেক্ষে (a, b) বিন্দুর প্রতিচ্ছবি $(-b,-a)$

33. কোন বিন্দুর কার্তেসীয় স্থানাংক (x, y) হলে, পোলার স্থানাংক কোনটি? [BAU'15-16]
(a) $\left(x^2+y^2, \frac{y}{x}\right)$ (b) $\left(\sqrt{x^2+y^2}, \tan^{-1}\frac{y}{x}\right)$ (c) $\left(x^2+y^2, \tan^{-1}\frac{x}{y}\right)$ (d) $\sqrt{x^2+y^2}, \tan^{-1}\frac{x}{y}$
সমাধান: (b); $r=\sqrt{x^2+y^2};\ \theta=\tan^{-1}\frac{y}{x} \therefore$ পোলার স্থানাঙ্ক $=\left(\sqrt{x^2+y^2},\ \tan^{-1}\frac{y}{x}\right)$

34. (3,5) এবং (5,4) বিন্দুগামী রেখার উপর লম্ব রেখার ঢালের মান কোনটি? [BAU'15-16]
(a) -1 (b) $\frac{1}{2}$ (c) 1 (d) 2
সমাধান: (d); লম্বরেখার ঢাল $=-\frac{x_2-x_1}{y_2-y_1}=-\frac{5-3}{4-5}=2$

35. $ax+by-c=0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজটি উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত বর্গ একক? [BAU'15-16]
(a) $\frac{c}{2ab}$ (b) $\frac{c^2}{2ab}$ (c) $\frac{c^2}{\sqrt{2ab}}$ (d) $\frac{c}{ab}$
সমাধান: (b); $ax+by-c=0 \Rightarrow \frac{x}{\frac{c}{a}}+\frac{y}{\frac{c}{b}}=1 \therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $=\frac{1}{2}\times\frac{c}{a}\times\frac{c}{b}=\frac{c^2}{2ab}$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

36. একটি সরলরেখা (0, 3), (3, 6) বিন্দু দিয়ে অতিক্রম করে, রেখাটির সমীকরণ কোনটি? [BAU'15-16]

(a) $y+x+3=0$ (b) $y-x-3=0$ (c) $y-x+3=0$ (d) $y+x-3=0$

সমাধান: (b); সমীকরণ, $\frac{x-3}{3-0}=\frac{y-6}{6-3} \Rightarrow x-y+3=0 \Rightarrow y-x-3=0$

37. $r = 4a\,\text{cosec}\theta\,\cot\theta$ পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে? [BAU'12-13, 14-15]

(a) $y^2=4ax$ (b) $y^2+4ax=0$ (c) $y^2=2ax$ (d) $x^2+y^2=a^2$

সমাধান: (a); $r = 4a\,\text{cosec}\theta\,\cot\theta \Rightarrow r = 4a\frac{1}{\sin\theta}.\frac{\cos\theta}{\sin\theta} \Rightarrow r\sin^2\theta = 4a\cos\theta$

$\Rightarrow r^2\sin^2\theta = 4a\,r\cos\theta \Rightarrow (r\sin\theta)^2 = 4a(r\cos\theta) \Rightarrow y^2 = 4ax.$

38. $5x-5\sqrt{3}y+2=0$ এবং $3\sqrt{3}x+3y-4=0$ সরল রেখাদ্বয়ের অন্তর্ভূক্ত কোণ কত? [SBAU'14-15]

(a) 45° (b) 60° (c) 0° (d) 90°

সমাধান: (d); $5x-5\sqrt{3}y+2=0$ এবং $3\sqrt{3}x+3y-4=0$ $\therefore 3\sqrt{3}\times 5+3\times(-5\sqrt{3})=15\sqrt{3}-15\sqrt{3}=0$

$\therefore$ রেখাদ্বয় পরস্পর লম্ব এবং অন্তর্ভূক্ত কোণ = 90°

39. (1,0), (2,1) ও (4,5) বিন্দুগুলো দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? [SBAU'14-15]

(a) 14 (b) 12 (c) 10 (d) 1

সমাধান: (d); ক্ষেত্রফল, $=\frac{1}{2}\begin{vmatrix}1&0&1\\2&1&1\\4&5&1\end{vmatrix}=\frac{1}{2}\begin{vmatrix}0&0&1\\1&1&1\\3&5&1\end{vmatrix}=\frac{1}{2}(5-3)=1$ বর্গ একক।

40. $x-2y=\sqrt{3m^2}$ সরলরেখাটি মূলবিন্দুগামী হলে, m এর মান কোনটি? [SAU'14-15]

(a) 0 (b) 1 (c) 2 (d) $\sqrt{3}$

সমাধান: (a); $x-2y=\sqrt{3m^2}$ ইহা (0,0) বিন্দু গামী হলে, $0-0=\sqrt{3\,m^2} \Rightarrow m=0$

41. যে সরলরেখা x-অক্ষের সমান্তরাল কোন রেখার সাথে 30° কোণ উৎপন্ন করে, সে সরলরেখার উপর লম্বরেখার ঢালের মান কোনটি? [JGVC'14-15]

(a) $\sqrt{3}$ (b) $-\sqrt{3}$ (c) -1 (d) $\frac{-1}{\sqrt{3}}$

সমাধান: (b); x-এর সমান্তরাল সরলরেখার সাথে 30° কোণ উৎপন্নকারী রেখার ঢাল $=\tan 30°=\frac{1}{\sqrt{3}}$

এর উপর লম্বের ঢাল = m হলে, আমরা পাই, $m\times\frac{1}{\sqrt{3}}=-1 \Rightarrow m=-\sqrt{3}$

42. $y=x$ সরলরেখার উপর P বিন্দুর ভুজের মান 2 এবং P হতে x-অক্ষের উপর PM লম্ব অঙ্কন করা হলে OPM ত্রিভুজের ক্ষেত্রফল কত?


(a) 1 বর্গএকক (b) 2 বর্গএকক (c) 3 বর্গএকক (d) 4 বর্গএকক [JGVC'14-15]

সমাধান: (b); প্রশ্নমতে, OM = 2

PM = y, x = 2

$\therefore \Delta OPM = \frac{1}{2}\times OM\times PM$

$=\frac{1}{2}\times 2\times 2 = 2$ বর্গএকক



43. $x-y=1$ রেখাটি x-অক্ষের সাথে যে বিন্দুতে মিলিত হয় সে বিন্দুটির স্থানাঙ্ক কোনটি? [BAU'09-10, BSMRAU'14-15, SBAU-10-11, CVASU'14-15, JGVC'14-15]

(a) (0, 1) (b) (1, 0) (c) (0, −1) (d) (−1, 0)

সমাধান: (b); $x-y=1 \Rightarrow \frac{x}{1}+\frac{y}{-1}=1$; রেখাটির সাথে x-অক্ষের মিলিত বিন্দু (1, 0)।


44. $x+y=1$ এবং $x=0$ সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কোনটি? [CVASU'14-15, JGVC'13-14, 14-15]

(a) 90° (b) 0° (c) 45° (d) 180°

সমাধান: (c); $x+y=1 \Rightarrow \frac{x}{1}+\frac{y}{1}=1$

রেখাটি x ও y অক্ষে সমান কোণ উৎপন্ন করে

$\therefore x=0$ বা, y অক্ষের সাথে $=\frac{90°}{2}=45°$ কোণ উৎপন্ন করে।



মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

45. k –এর মান কত হলে $3x-4y+1=0$ এবং $4x+ky+22=0$ সরলরেখা দুইটি মধ্যবর্তী কোণ এক সমকোণ হবে? [Ans: c] [SAU'10-11, BSMRAU'14-15]

(a) 4 (b) -4 (c) 3 (d) 2

46. মূলবিন্দু থেকে $\sqrt{3}x+y=10$ সরলরেখাটির লম্ব দূরত্ব হবে – [CVASU'14-15]

(a) -5 (b) 5 (c) -10 (d) 10

সমাধান: (b); $\sqrt{3}x+y-10=0$; $(0,0)$ হতে লম্ব দূরত্ব $=\left|\frac{0\times\sqrt{3}+0-10}{\sqrt{(\sqrt{3})^2+1^2}}\right|=\left|\frac{-10}{\sqrt{4}}\right|=\frac{10}{2}=5$

47. $12x-5y+13=0$ এর উপর লম্ব এবং মূলবিন্দুগামী সরলরেখা হবে – [CVASU'14-15]

(a) $12x-5y=0$ (b) $12x+5y=0$ (c) $5x-12y=0$ (d) $5x+12y=0$

সমাধান: (d); $12x-5y+13=0$ এর মূলবিন্দু গামী $(0,0)$ লম্ব রেখার সমীকরণ,

$5(x-0)+12(y-0)\Rightarrow 5x+12y=0$

48. $4x-3y+11=0$ রেখার উপর লম্ব এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কোনটি? [SAU'13-14]

(a) $3x+4y=0$ (b) $3x-4y=0$ (c) $4x+3y=0$ (d) $x+3y=0$

সমাধান: (a); $4x-3y+11=0$ এর উপর লম্ব রেখার সমীকরণ,

$3x+4y+k=0$ যা $(0,0)$ বিন্দুগামী। $K=0\therefore 3x+4y=0$

49. $\left(4,\frac{\pi}{4}\right)$ বিন্দুর কার্তেসীয় স্থানাংক কোনটি? [SAU'13-14]

(a) $(\sqrt{2},\sqrt{2})$ (b) $(2,2)$ (c) $(2\sqrt{2},\ 2\sqrt{2})$ (d) $(1,1)$

সমাধান: (c); $r=4\ \therefore x=r\cos\theta=4\cos\frac{\pi}{4}=2\sqrt{2}\ \therefore 4=r\sin\theta=4\sin\frac{\pi}{4}=2\sqrt{2}\ \therefore (x,y)=(2\sqrt{2},\ 2\sqrt{2})$

50. $x+2y=2$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কোনটি? [CVASU'12-13, 13-14, BAU'11-12, 13-14, SBAU'10-11, 11-12, JGVC'13-14]

(a) 2 বর্গ একক (b) 1 বর্গ একক (c) 4 বর্গ একক (d) 3 বর্গ একক

সমাধান: (b); $x+2y=2$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার শীর্ষ বিন্দুত্রয় $(0,1),(2,0)$ ও $(0,0)$।

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রেফল $=\left|\frac{1}{2}\{0(2-0)+2(0-2)+0(1-0)\}\right|=1$ বর্গ একক

51. $y=mx+6$ এবং $y=3x+10$ সরলরেখা দুটি সমান্তরাল হলে m এর মান কত? [BAU'06-07, JGVC'13-14]

(a) $m=0$ (b) $m=2$ (c) $m=6$ (d) $m=3$

সমাধান: (d); যেহেতু $y=mx+6$ রেখা ও $y=3x+10$ রেখাদ্বয় পরস্পর সমান্তরাল তাই ঢালদ্বয় পরস্পর সমান হবে।

$\therefore m=3$

52. $(3,4)$ এবং $(7,8)$ বিন্দুগামী রেখা এবং এর মধ্যবিন্দুগামী লম্বরেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক কত? [CVASU'10-11, SAU'13-14]

(a) $(5,6)$ (b) $(-5,-6)$ (c) $(-5,6)$ (d) $(5,-6)$

সমাধান: (a); $x=\frac{3+7}{2}=5, y=\frac{4+8}{2}=6\ \therefore$ ছেদ বিন্দুর স্থানাঙ্ক $=(5,6)$

53. $P(1,1), Q(2,2)$ এবং $R(3,3)$ বিন্দুত্রয় সংযোগ করলে কোনটি উৎপন্ন হবে? [CVASU'13-14]

(a) সমবাহু ত্রিভুজ (b) সমদ্বিবাহু ত্রিভুজ (c) সমকোণী ত্রিভুজ (d) সরলরেখা

সমাধান: (d); $\begin{vmatrix}1 & 1 & 0\\ 2 & 2 & 0\\ 3 & 3 & 0\end{vmatrix}=0$; যেহেতু সারি ও কলাম একই।

$\because$ বিন্দুত্রয় দ্বারা গঠিত নির্ণায়কের মান শূন্য $\therefore$ বিন্দুত্রয় সরল রেখা উৎপন্ন করে।

54. K বিন্দু $(1,0)$ ও y অক্ষ হতে সমান দূরত্বে থাকলে, এর সঞ্চারপথের সমীকরণ কোনটি? [BAU'13-14]

(a) $y^2+1=2y$ (b) $y^2+1=2x$ (c) $y^2-2x=1$ (d) $y^2+2x=1$

সমাধান: (b); ধরি, $K(x,y)$; $(1,0)$ বিন্দু থেকে দূরত্ব $=\sqrt{(x-1)^2+y^2}$ এবং y অক্ষ হতে দূরত্ব $=|x|$

$\therefore x^2=(x-1)^2+y^2\Rightarrow x^2=x^2-2x+1+y^2\Rightarrow y^2+1=2x$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

55. $y + 3x = 1$ এবং $x - 3y + 6 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [BAU'12-13]

(a) $0°$ (b) $45°$ (c) $90°$ (d) $60°$

সমাধান: (c); $y = -3x + 1$ ... (i); $3y = x + 6 \Rightarrow y = \frac{x}{3} + 2$ ... (ii) $\therefore$ ঢালদ্বয়ের গুণফল $= -3.\frac{1}{3} = -1 \ \therefore \theta = 90°$

56. $(2, -3)$ বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত? [BAU'05-06, SBAU'12-13]

(a) প্রথম চতুর্ভাগে (b) দ্বিতীয় চতুর্ভাগে (c) তৃতীয় চতুর্ভাগে (d) চতুর্থ চতুর্ভাগে

সমাধান: (d); চতুর্থ চতুর্ভাগে থাকে $(+, -)$

57 $4x + 3y - 5 = 0$ এবং $2y - x + 3 = 0$ রেখা দুইটির অন্তর্ভূক্ত সূক্ষ্মকোণ θ হলে $\tan\theta$ এর মান কত? [BAU'05-06, SBAU'09-10, 12-13]

(a) $-\frac{11}{2}$ (b) $-\frac{1}{2}$ (c) $\frac{1}{2}$ (d) $\frac{11}{2}$

সমাধান: (d); $4x + 3y - 5 = 0 \Rightarrow 3y = -4x + 5 \Rightarrow y = -\frac{4}{3}x + \frac{5}{3}$ ... (i)

$2y - x + 3 = 0 \Rightarrow y = \frac{x}{2} - \frac{3}{2}$ ... (ii) $\therefore$ ঢাল, $m_1 = -\frac{4}{3}; m_2 = \frac{1}{2} \ \therefore \tan\theta = \pm\frac{m_1 - m_2}{1 + m_1 m_2} = \pm\frac{-\frac{4}{3} - \frac{1}{2}}{1 - \frac{4}{6}} = \pm\left(-\frac{11}{2}\right)$

θ যেহেতু সূক্ষ্মকোণ তাই $\tan\theta = \frac{11}{2}$

58. যে সরলরেখা মূলবিন্দু দিয়ে অতিক্রম করে এবং x অক্ষের ধনাত্মক দিকের সাথে $120°$ কোণ উৎপন্ন করে তার সমীকরণ হলো- [SAU'12-13]

(a) $y + \sqrt{3}x = 0$ (b) $y - \sqrt{3}x = 0$ (c) $y + \frac{1}{\sqrt{3}}x = 0$ (d) $\sqrt{3}y - x = 0$

সমাধান: (a); মূলবিন্দুগামী রেখা, $y = mx$

$120°$ কোণ উৎপন্ন করলে $m = \tan 120° = -\sqrt{3} \ \therefore$ রেখার সমীকরণ, $y = -\sqrt{3}x \Rightarrow y + \sqrt{3}x = 0$

59. $3x + 4y = 7$ সরলরেখাটির ঢাল কত? [SBAU'06-07, CVASU'12-13, BAU'11-12]

(a) $\frac{3}{4}$ (b) $\frac{-4}{3}$ (c) $\frac{-3}{4}$ (d) $\frac{7}{3}$

সমাধান: (c); $3x + 4y = 7 \Rightarrow 4y = -3x + 7 \Rightarrow y = -\frac{3}{4}x + \frac{7}{4} \ \therefore$ ঢাল $= -\frac{3}{4}$

60. $4x - 5y + 20 = 0$ রেখাটির x ও y অক্ষের ছেদক অংশ কোনটি? [BAU'11-12]

(a) $-5, 4$ (b) $5, 4$ (c) $-4, 5$ (d) $-4, -5$

সমাধান: (a); $4x - 5y + 20 = 0 \Rightarrow 4x - 5y = -20 \Rightarrow \frac{x}{-5} + \frac{y}{4} = 1 \ \therefore$ x ও y এর ছেদাংশ $= -5, 4$

61. $x + y = 2$ সরলরেখাটি অক্ষদ্বয়কে যে বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে তার স্থানাঙ্ক কোনটি? [BAU'11-12]

(a) $(1, 1)$ (b) $(1, -1)$ (c) $(2, 2)$ (d) $(1, 2)$

সমাধান: (a); $x + y = 2 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{2} = 1$ সরলরেখার অক্ষদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $(2, 0)$ ও $(0, 2) \ \therefore$ মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(1, 1)$

62. যে সরলরেখা অক্ষদ্বয়কে $(2, 2)$ বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে তার সমীকরণ কোনটি? [BAU'08-09, 11-12]

(a) $x - y = 2$ (b) $x - y = 4$ (c) $x + y = 4$ (d) $x + y = 2$

সমাধান: (c); এখানে $(2, 2)$ বিন্দু দ্বারা $x+y=4$ সরলরেখার সমীকরণটি সিদ্ধ হয়।

সুতরাং $x+y=4$ সরলরেখাটি অক্ষদ্বয়কে $(2, 2)$ বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে।

63. যে বিন্দুর পোলার স্থানাংক $(2, 330°)$, তার কার্তেসীয় স্থানাংক কোনটি? [BAU'06-07, SBAU'08-09, 11-12]

(a) $(-\sqrt{3}, -1)$ (b) $(-\sqrt{3}, 1)$ (c) $(\sqrt{3}, -1)$ (d) কোনোটিই নয়

সমাধান: (c); বিন্দুটির পোলার স্থানাংক $(2, 330°)$। যদি কার্তেসীয় স্থানাংক (x, y) হয়।

তবে, $x = 2\cos 330° = \sqrt{3}$ এবং $y = 2\sin 330° = -1 \ \therefore$ কার্তেসীয় স্থানাংক $(\sqrt{3}, -1)$

64. $x = y - 10$ সরলরেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা হলো- [Ans: b] [CVASU'11-12]

(a) $0°$ (b) $45°$ (c) $90°$ (d) $60°$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

65. ABCD রম্বসের AC কর্ণের মধ্য বিন্দুর স্থানাঙ্ক (1, 2) হলে BD কর্ণের মধ্য বিন্দুর স্থানাঙ্ক কত? [Ans: a] [CVASU'11-12]

(a) (1, 2) (b) (−1, −2) (c) (0, 0) (d) (1, −2)

66. r = a পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে? [SBAU'10-11]

(a) $x^2 + y^2 = ax$ (b) $x^2 + y^2 + ax = 0$ (c) $x^2 + y^2 = a^2$ (d) $x^2 + y^2 + a^2 = 0$

সমাধান: (c); $r = a \Rightarrow \sqrt{x^2 + y^2} = a \therefore x^2 + y^2 = a^2$

67. $3x + 4y - 12 = 0$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত? [SBAU'08-09, BAU'08-09, CVASU'10-11]

(a) 12 বর্গ একক (b) 24 বর্গ একক (c) 8 বর্গ একক (d) 6 বর্গ একক

সমাধান: (d); প্রদত্ত রেখার সমীকরণ $3x + 4y - 12 = 0 \Rightarrow 3x + 4y = 12 \Rightarrow \frac{3x}{12} + \frac{4y}{12} = 1 \therefore \frac{x}{4} + \frac{y}{3} = 1$

$\therefore$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 4 \times 3$ বর্গ একক $= 6$ বর্গ একক।

68. যে বিন্দুর পোলার স্থানাঙ্ক $\left(1, \frac{\pi}{4}\right)$ তার কার্তেসীয় স্থানাঙ্ক কত? [Ans: b] [BAU'09-10]

(a) $\left(-\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}}\right)$ (b) $\left(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}}\right)$ (c) $\left(\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}}\right)$ (d) কোনোটিই নয়

69. $x^2 + y^2 = a^2$ কে পোলার স্থানাঙ্কে রূপান্তরিত করলে কোনটি হবে? [Ans: b] [BAU'09-10]

(a) $r = a^2$ (b) $r = a$ (c) $r = a\sin\alpha$ (d) $r = a\cos\theta$

70. $x - 2y - 3 = 0$ এবং $2x + y - 15 = 0$ সরলরেখা দুটি পরস্পর- [BAU'06-07,09-10]

(a) সমান্তরাল (b) লম্ব (c) একই সরলরেখা (d) কোনোটিই না

সমাধান: (b); $x - 2y - 3 = 0$ রেখার ঢাল, $m_1 = \frac{1}{2}$; $2x + y - 15 = 0$ রেখার ঢাল, $m_2 = -2$

$\therefore m_1 m_2 = -2 \times \left(\frac{1}{2}\right) = -1 \therefore$ সরলরেখাদ্বয় পরস্পর লম্ব।

71. $x = 0, y = 0$ এবং $x + y = 1$ রেখা তিনটি দ্বারা উৎপন্ন ত্রিভুজটি হবে– [BAU'05-06, SBAU'09-10]

(a) বিষমবাহু (b) স্থূলকোণী (c) সমকোণী সমদ্বিবাহু (d) কোনোটিই নয়


সমাধান: (c); রেখাত্রয়, $x = 0$

$y = 0$

$x + y = 1$

$\Rightarrow \frac{x}{1} + \frac{y}{1} = 1$

$\therefore$ রেখাত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজ সমকোণী সমদ্বিবাহু।



72. একটি সমরূপ সমদ্বিবাহু ত্রিভুজাকৃতি পাতের সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য 5 ফুট এবং ভূমির দৈর্ঘ্য 4 ফুট হলে ভূমি হতে ভরকেন্দ্রের দূরত্ব–

(a) 1 ফুট (b) 2 ফুট (c) 1.52 ফুট (d) 5 ফুট [BAU'08-09]

সমাধান: (c); $\sqrt{5^2 - \left(\frac{4}{2}\right)^2} = \sqrt{21} \therefore$ ভরকেন্দ্রের দূরত্ব $= \frac{\sqrt{21}}{3} = 1.52$ ফুট

73. $5x - 2y - 6 = 0$ সরলরেখার সমান্তরাল এবং (2, 4) বিন্দু দিয়ে গমনকারী সরলরেখার সমীকরণ– [BAU'08-09]

(a) $5x - 2y = 2$ (b) $5x - 2y = 3$ (c) $2y - 5x = 2$ (d) $2y - 5y = 3$

সমাধান: (a); $5x - 2y - 6 = 0$ সরলরেখার সমান্তরাল যে কোন রেখার সমীকরণ $5x - 2y + K = 0$ যা (2, 4) বিন্দুগামী।

অর্থাৎ $5.2 - 2.4 + K = 0 \Rightarrow 10 - 8 + K = 0$

$\therefore K = -2$ অর্থাৎ নির্ণেয় রেখার সমীকরণ $5x - 2y - 2 = 0$ বা, $5x - 2y = 2$

74. $(x_1, y_1), (x_2, y_2)$ এবং (0, 0) বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত? [SBAU'08-09]

(a) $\frac{1}{2}(x_1y_2 - x_2y_1)$ (b) $\frac{1}{2}(x_1y_1 - x_2y_2)$ (c) $\frac{1}{2}(x_1y_1 + x_2y_2)$ (d) $\frac{1}{2}(x_1y_1 + x_2y_1)$

সমাধান: (a); $(x_1, y_1), (x_2, y_2)$এবং (0,0) বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & y_1 & 1 \\ x_2 & y_2 & 1 \\ 0 & 0 & 1 \end{vmatrix} = \frac{1}{2}(x_1y_2 - y_1x_2)$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry
© Medistry

অধ্যায় ০৪
বৃত্ত

01. ব্যাসার্ধের সমান দৈর্ঘ্যের একটি জ্যা বৃত্তের কেন্দ্রে কত কোণ তৈরি করে? [Agri.Guccho'22-23]

(a) 1^c (b) $\frac{\pi}{6}$ (c) $\frac{\pi}{3}$ (d) $\frac{\pi}{4}$

সমাধান: (c); সমবাহু ত্রিভুজ তৈরি করে। তাই কেন্দ্রে উৎপন্ন কোণ: $\frac{\pi}{3}$



02. (5,0) বিন্দুকে কেন্দ্র করে অঙ্কিত $\frac{x^2}{2}+\frac{y^2}{8}=1$ উপবৃত্তের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বৃত্তের সমীকরণ- [Agri.Guccho'22-23]

(a) $x^2-10x+y^2+16=0$ (b) $x^2-10x+y^2+21=0$
(c) $x^2+y^2=4$ (d) $x^2+y^2=16$

সমাধান: (b); $\frac{x^2}{2}+\frac{y^2}{8}=1 \therefore a=\sqrt{2}; b=2\sqrt{2}$

$\therefore$ Area $=\pi ab=4\pi \therefore \pi r^2=4\pi \Rightarrow r=2$

$\therefore (x-5)^2+(y-0)^2=2^2 \Rightarrow x^2-10x+25+y^2=4$

$\Rightarrow x^2-10x+21+y^2=0 \therefore x^2+y^2-10x+21=0$

03. একটি বৃত্তের কেন্দ্র (4, 3) যা $x^2+y^2=9$ বৃত্তকে বহিঃস্থভাবে স্পর্শ করে, বৃত্তটির ব্যাসার্ধ কত? [Agri. Guccho'21-22]

(a) 2 (b) 5 (c) 8 (d) 3

সমাধান: (a); $x^2+y^2=9$ বৃত্তের কেন্দ্র (0,0) এবং ব্যাসার্ধ $=\sqrt{9}=3$

(4,3) এবং (0,0) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $=\sqrt{4^2+3^2}=5$

$\therefore$ অপর বৃত্তের ব্যাসার্ধ $=5-3=2$ একক।

04. k এর কোন মানের জন্য $(x-y+3)^2+(kx+2)(y-1)=0$ সমীকরণটি একটি বৃত্ত হবে? [Agri. Guccho'20-21]

(a) 1 (b) -1 (c) -2 (d) 2

সমাধান: (d); $(x-y+3)^2+(kx+2)(y-1)=0$

$\Rightarrow x^2+y^2+9-2xy+6x-6y+kxy-kx+2y-2=0$

$\Rightarrow x^2+y^2+(6-k)x-4y+(k-2)xy+7=0$

বৃত্তের জন্য, xy এর সহগ $=0 \therefore k-2=0 \therefore k=2$

05. যদি $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তটি y অক্ষকে স্পর্শ করে তবে- [Agri. Guccho'19-20]

(a) $g^2=c$ (b) $f^2=c$ (c) $g^2-f^2=c$ (d) $g^2+f^2=c$

সমাধান: (b); $x^2+y^2+2gx+2fy+c=0$

বৃত্তটি X অক্ষকে স্পর্শ করলে $c=g^2$

বৃত্তটি Y অক্ষকে স্পর্শ করলে $c=f^2$

বৃত্তটি উভয়ই অক্ষকে স্পর্শ করলে $c=g^2=f^2$.

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

06. $(1,-1)$ বিন্দু থেকে $2x^2+2y^2-x+3y+1=0$ হলে স্পর্শকের দৈর্ঘ্য কত? [SAU'18-19]

(a) $\frac{1}{\sqrt{3}}$ (b) $\sqrt{2}$ (c) $\frac{1}{\sqrt{2}}$ (d) $\sqrt{\frac{23}{2}}$

সমাধান: (c); $x^2+y^2-\frac{x}{2}+\frac{3y}{2}+\frac{1}{2}=0$ $\therefore$ স্পর্শকের দৈর্ঘ্য $=\sqrt{\frac{1}{2}}=\frac{1}{\sqrt{2}}$

07. $x^2+y^2=9$ বৃত্তের কোন জ্যা-এর মধ্যবিন্দু $(1,2)$ হলে জ্যাটির ঢাল কত? [SAU'18-19]

(a) 2 (b) $\frac{1}{2}$ (c) $-\frac{1}{2}$ (d) -2

সমাধান: (c); $(1,2)$ বিন্দুতে জ্যাটির ওপর লম্বের ঢাল $=\frac{2-0}{1-0}=2$ $\therefore$ জ্যাটির ঢাল $=-\frac{1}{2}$

08. $3x+by-1=0$ রেখাটি $x^2+y^2-8x-2y+4=0$ বৃত্তকে স্পর্শ করলে b এর মান কত? [CVASU'18-19]


(a) 3 or $\frac{1}{2}$ (b) 2 or $-\frac{1}{6}$ (c) -2 or $-\frac{1}{5}$ (d) 3 or 2

সমাধান: (b); $x^2+y^2-8x-2y+4=0$; $C\equiv(4,1)$;

$r=\sqrt{4^2+1^2-4}=\sqrt{13}$

$\left|\frac{3.4+b-1}{\sqrt{9+b^2}}\right|=\sqrt{13}\Rightarrow\frac{(11+b)^2}{9+b^2}=13\Rightarrow 121+b^2+22b=117+13b^2$

$\Rightarrow 12b^2-22b-4=0$; $b=2,-\frac{1}{6}$



09. $(3,4)$ বিন্দুগামী এবং $x^2+y^2-8x+6y+21=0$ বৃত্তের ব্যাসের সমীকরণ কোনটি? [SAU'14-15, CVASU'18-19]

(a) $7x+y=31$ (b) $x+7y=31$ (c) $7x+y=25$ (d) $7x-y=17$

সমাধান: (c); $C\equiv(4,-3)$; $\frac{x-4}{4-3}=\frac{y+3}{-3-4}\Rightarrow x-4=\frac{-y-3}{7}$

$\Rightarrow 7x-28=-y-3\Rightarrow 7x+y-25=0$

10. C এর মান কত হলে, $y=3x+c$ সরলরেখাটি $x^2+y^2=10$ বৃত্তের কেন্দ্র হতে স্পর্শকের লম্ব দূরত্ব = বৃত্তের ব্যাসার্ধ [BAU'17-18]

(a) 9 (b) 10 (c) 18 (d) 20

সমাধান: (b); বৃত্তের কেন্দ্র হতে স্পর্শকের লম্ব দূরত্ব = বৃত্তের ব্যাসার্ধ

$\Rightarrow\left|\frac{3.0-0+c}{\sqrt{3^2+1^2}}\right|=\sqrt{10}\Rightarrow C=\pm 10$

11. $x^2+y^2-2x+6y+2=0$ বৃত্তের উপর $(3,-1)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ- [SAU'17-18]

(a) $x+y-2=0$ (b) $x-y+2=0$ (c) $x+y+2=0$ (d) $x-y-2=0$

সমাধান: (a); $x(3)+y(-1)-2.\frac{x+3}{2}+6.\frac{y-1}{2}+2=0\Rightarrow 3x-y-x-3+3y-3+2=0$

$\Rightarrow 2x+2y-4=0$ $\therefore x+y-2=0$

12. k এর মান কত হলে, $(x-y)^2+k(x-1)(y-1)=0$ সমীকরণটি একটি বৃত্ত প্রকাশ করবে? [BAU'17-18]

(a) $k=0$ (b) $k=1$ (c) $k=2$ (d) $k=3$

সমাধান: (c); $x^2-2xy+y^2+k(xy-x-y+1)=0$

প্রশ্নমতে, xy এর সহগ 0 $\therefore k-2=0$ $\therefore k=2$

13. সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্রের অবস্থান কোথায়? [Ans: c] [BAU'16-17]

(a) লম্বের উপর (b) ভূমির উপর (c) অতিভুজের উপর (d) কোনোটিই নয়

14. $(0,5)$ বিন্দুটি $x^2+y^2=20$ বৃত্তের কোথায় অবস্থিত? [BAU'16-17]

(a) ভিতরে (b) উপরে (c) বাইরে (d) কেন্দ্রে অবস্থিত

সমাধান: (c); $x^2+y^2=0^2+5^2=25>20$

15. $x^2+y^2-2x-4y+c=0$ বৃত্তটি y অক্ষকে স্পর্শ করলে c এর মান কত? [Ans: b] [SAU'16-17]

(a) 2 (b) 4 (c) 6 (d) -8

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

16. $x^2 + y^2 = 81$ বৃত্তটির জ্যা $(-2, 3)$ বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয়। জ্যা এর সমীকরণ কোনটি? [Ans: c] [JGVC'16-17]

(a) $2y = 3x + 13$ (b) $3x = 2y + 13$ (c) $3y = 2x + 13$ (d) $3y = 2x - 13$

17. m এর মান কত হলে $4x + my + 7 = 0$ সরলরেখাটি $x^2 + y^2 - 6x + 4y - 12 = 0$ বৃত্তটিকে স্পর্শ করবে? [Ans: a] [JGVC'16-17]

(a) -3 (b) -4 (c) 34 (d) 43

18. 10cm ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলক থেকে কয়টি 1cm ব্যাসার্ধ বিশিষ্ট গোলক তৈরি করা সম্ভব? [BAU'14-15]

(a) 10 (b) 100 (c) 1000 (d) 10000

সমাধান: (c); $\frac{4}{3}\pi\ 10^3 = n \times \frac{4}{3}\pi.1^3$

$\Rightarrow n = 10^3 = 1000$

19. $r = a$ পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে? [SBAU'14-15]

(a) $y^2 = 4ax$ (b) $x^2 - y^2 = a^2$ (c) $y^2 + 4ax = 0$ (d) $x^2 + y^2 = a^2$

সমাধান: (d); ধরি, $x = r\cos\theta, y = r\sin\theta\ \therefore x^2 + y^2 = r^2\ \therefore x^2 + y^2 = a^2$

20. $(3, -4)$ বিন্দুটি $3(x^2 + y^2) = 25x$ বৃত্তের কোথায় অবস্থিত? [Ans: d] [SAU'10-11, BSMRAU'14-15]

(a) কেন্দ্রে (b) ভিতরে (c) বাহিরে (d) উপরে

21. $x^2 + y^2 = 1$ বৃত্তটির $\left(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}}\right)$ বিন্দুতে স্পর্শকের ঢাল হবে– [CVASU'14-15]

(a) -1 (b) 1 (c) 0 (d) $\frac{1}{\sqrt{2}}$

সমাধান: (a); $x^2 + y^2 = 1$ বৃত্তটির $\left(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}}\right)$ বিন্দুতে স্পর্শক, $x.\frac{1}{\sqrt{2}} + y.\frac{1}{\sqrt{2}} = 1 \Rightarrow x + y = \sqrt{2} \Rightarrow y = -x + \sqrt{2}$

$\Rightarrow y = (-1)x + \sqrt{2}$; ঢাল $= -1$; Shortcut : $2x + 2y\frac{dy}{dx} = 0 \Rightarrow \frac{dy}{dx} = -\frac{x}{y} = \frac{\sqrt{2}}{\frac{1}{\sqrt{2}}} = -1$

22. $4x^2 + 4y^2 = 1$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের কেন্দ্র হতে পরিধির উপর দূরত্ব কত একক? [CVASU'14-15]

(a) $\frac{1}{4}$ (b) 2 (c) 4 (d) $\frac{1}{2}$

সমাধান: (d); $4x^2 + 4y^2 = 1 \Rightarrow x^2 + y^2 = \frac{1}{4} = \left(\frac{1}{2}\right)^2$; কেন্দ্র হতে পরিধির দূরত্ব = ব্যাসার্ধ $= \frac{1}{2}$

23. $y = mx + c$ সরল রেখাটি $x^2 + y^2 = a^2$ বৃত্তটিকে স্পর্শ করার শর্ত কোনটি? [Ans: a] [BAU'08-09, SBAU'13-14]

(a) $c = \pm a\sqrt{1 + m^2}$ (b) $c = \pm\sqrt{1 + m^2}$ (c) $c = \pm a/\sqrt{1 + m^2}$ (d) $c = \pm\sqrt{1 + m^2}$

24. $x^2 + y^2 + 3x + 6y + c = 0$ বৃত্তটি y অক্ষকে স্পর্শ করলে c এর মান কত? [BAU'05-06, 07-08, SAU'10-11, 13-14, JGVC'13-14]

(a) 9 (b) 36 (c) –9 (d) –36

সমাধান: (a); বৃত্তের কেন্দ্র $\left(-\frac{3}{2}, -3\right)$

y অক্ষকে স্পর্শ করলে, $c = f^2 \Rightarrow c = (-3)^2 = 9$

25. $x^2 + y^2 = 9$ এবং $x^2 + y^2 + 2ax + 2y + 1 = 0$ বৃত্ত দুইটি পরস্পর স্পর্শ করলে a এর মান কত? [SBAU'13-14]

(a) $-\frac{4}{3}$ (b) 0 (c) 1 (d) 2

সমাধান: (a); $C_1(0,0)$; $C_2(-a, -1)$; $r_1 = 3$; $r_2 = \sqrt{a^2} = a$

$\therefore C_1C_2 = r_1 + r_2 \Rightarrow \sqrt{a^2 + 1} = 3 + a \Rightarrow a^2 + 1 = (3 + a)^2 \Rightarrow a = -\frac{4}{3}$

26. $ax^2 + by^2 + 2hxy + 2gx + 2fy + c = 0$ একটি বৃত্তের সমীকরণ হবে যদি– [Ans: c] [SBAU'13-14]

(a) $a = b$ এবং $c = 0$ (b) $f = g$ এবং $h = 0$ (c) $a = b$ এবং $h = 0$ (d) $f = g$ এবং $c = 0$

27. $x^2 + y^2 - 2gx - 2fy + c = 0$ বৃত্তের ব্যাসার্ধ কত? [Ans: a] [BAU'12-13]

(a) $\sqrt{g^2 + f^2 - c}$ (b) $\sqrt{g^2 + f^2 + c}$ (c) $\sqrt{g^2 + f^2}$ (d) $\sqrt{-g^2 - f^2}$

মেডিস্ট্রি ▼ একাডেমিক ▼ এডমিশন (মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ভার্সিটি) প্রস্তুতি

Medistry © Medistry

28. কোন বৃত্তের কেন্দ্র (3,5) এবং এর একটি ব্যাসের এক প্রান্তের স্থানাংক (7,3) হলে অপর প্রান্তের স্থানাংক কত? [SBAU'12-13]

(a) (3,2) (b) (4,1) (c) (2,−5) (d) (−1,7)

সমাধান: (d); অপর প্রান্তের স্থানাঙ্ক (x, y) হলে

$\therefore \frac{7+x}{2} = 3 \Rightarrow x = -1; \frac{3+y}{2} = 5 \Rightarrow y = 7 \therefore (x,y) = (-1,7)$

29. $x^2 + y^2 = 9$ বৃত্তের কোন জ্যা – এর মধ্য বিন্দু (1, 2) হলে জ্যাটির ঢাল কত? [SAU'12-13]

(a) 2 (b) $\frac{1}{2}$ (c) $-\frac{1}{2}$ (d) −2

সমাধান: (c); $x^2 + y^2 = 9$ বৃত্তের কেন্দ্র (0, 0) ও (1, 2) বিন্দুগামী রেখার ঢাল 2।

$2x - y = 0$ রেখার লম্ব সমীকরণ $x + 2y + c = 0$ এর লম্ব সমীকরণের ঢাল $-\frac{1}{2}$

রেখাটি (1,2) বিন্দুগামী বলে, $c = -4$ ∴ রেখাটি, $x + 2y - 4 = 0 \Rightarrow y = -\frac{1}{2x} + 4$ ∴ ঢাল $= -1/2$

30. $x^2 + y^2 - 2y = 0$ দ্বারা সূচিত বৃত্তের কেন্দ্রের অবস্থান কোথায়? [CVASU'12-13]

(a) x-অক্ষের উপর (b) y-অক্ষের উপর (c) কেন্দ্রে (d) কোনোটিই নয়

সমাধান: (b); $x^2 + y^2 - 2y = 0$ বৃত্তের কেন্দ্র (0,1)

∴ কেন্দ্রের অবস্থান y অক্ষে।

31. $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে। c এর মান কত? [CVASU'12-13]

(a) 9 (b) 4 (c) 5 (d) −4

সমাধান: (b); $x^2 + y^2 - 4x + 6y + c = 0$ বৃত্তটি X-অক্ষকে স্পর্শ করলে, $g^2 = c \Rightarrow (2)^2 = c \Rightarrow c = 4$

